জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper :www.epaper.jagobangla.in /DigitalJagoBangla /jagobangladigital /jago_bangla www.jagobangla.in

পুড়ছে পাহাড়

রুক্ষ আবহাওয়া। প্রচণ্ড গরম। সঙ্গে কড়া রোদ। বৃষ্টির বালাই নেই। এমন আবহাওয়ায় অস্থির হয়ে যাচ্ছেন বাসিন্দারা। ভরা শ্রাবণ মাসে শৈলশহর নিয়েছে মরুভূমির চেহারা

শক্তিশালী উইফার

চায়না ও ভিয়েতনামের বিধ্বংসী ঝড় উইফারের অংশ মিশে ঘূর্ণাবর্ত আরও শক্তিশালী হচ্ছে। সোমবার পর্যন্ত অতি-ভারী বৃষ্টি দক্ষিণবঙ্গে। উত্তরবঙ্গে রবিবার বিক্ষিপ্ত ভারী বৃষ্টির সম্ভাবনা

জয় হিন্দ কলোনির বাসিন্দাদের উচ্ছেদে স্থগিতাদেশ আদালতের

ওড়িশায় বেলাইন শালিমার মহিমা গোসাঁই এক্সপ্রেস, ব্যাহত পরিষেবা



বর্ষ - ২১, সংখ্যা ৬২ ● ২৫ জুলাই, ২০২৫ ● ৮ শ্রাবণ ১৪৩২ ● শুক্রবার ● দাম - ৪ টাকা ● ১৬ পাতা ● Vol. 21, Issue - 62 ● JAGO BANGLA ● FRIDAY ● 25 JULY, 2025 ● 16 Pages ● Rs-4 ● RNI NO. WBBEN/2004/14087 ● KOLKATA

বাংলা-বাঙালি ও বাংলা ভাষার বিরুদ্ধে বিজেপির বিদ্বেষমূলক আচরণ

মুখ্যমন্ত্রীর প্রশ্ন, কবে বন্ধ হবে নির্লজ্জ ভাষাসন্ত্রাস!

প্রতিবেদন : ভাষাসন্ত্রাস বন্ধ হবে? না হবে না? এবার ফুঁসে উঠে জানতে চাইলেন ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সাম্প্রতিক-অতীতে বিজেপি-শাসিত রাজ্যগুলিতে বাঙালি বিদ্বেষ চরমে উঠেছে। বৃহস্পতিবার ফের হরিয়ানা ও রাজস্থানে বাংলা ভাষাভাষী শ্রমিকদের উপর চরম নির্যাতনের অভিযোগ তুলে এক্স-এ প্রতিবাদে সরব হলেন তিনি। কেন্দ্র ও বিজেপির বিরুদ্ধে তীব্র আক্রমণ শানিয়েছেন মুখ্যমন্ত্রী। তিনি লিখেছেন, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে একের পর এক খবর আসছে— হরিয়ানার গুরগাঁও-সহ নানা জায়গায় বাংলা ভাষাভাষী শ্রমিকদের ধরে নিয়ে যাচ্ছে সেখানকার পুলিশ। পরিচয় যাচাইয়ের নামে তাঁদের আটক করে পরে সেই তথ্য পাঠানো হচ্ছে পশ্চিমবঙ্গ পুলিশকে। শুধু হরিয়ানা নয়, মুখ্যমন্ত্রীর দাবি, রাজস্থান-সহ আরও কয়েকটি রাজ্য থেকে খবর এসেছে, বৈধ পরিচয়পত্র থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গের নাগরিকদের জোর করে বাংলাদেশে পাঠিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। মুখ্যমন্ত্রীর কথায়, আমাদের আধিকারিকদের হাতে ওইসব নির্যাতিত মানুষের উপযুক্ত পরিচয়পত্রের কপিও এসেছে।

এই প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী লিখেছেন, ওই রাজ্যগুলিতে পশ্চিমবঙ্গ থেকে যাওয়া অসহায় গরিব বাঙালি শ্রমিকদের ওপর চলছে অকথ্য অত্যাচার। এই ডাবল ইঞ্জিন সরকারের হাতে বাঙালিদের ওপরে এমন ভয়াবহ নির্যাতন (এরপর ১০ পাতায়)

উত্তমকুমারের ৪৫তম প্রয়াণদিবসে ধনধান্য প্রেক্ষাগৃহে মহানায়ককে শ্রদ্ধা মুখ্যমন্ত্রীর। ডানদিকে গৌতম ঘোষকে মহানায়ক শ্রেষ্ঠ সম্মান প্রদান।

মহানায়ক সম্মান মঞ্চেও মুখ্যমন্ত্রী বাঙালি বিদ্বেষের বিরুদ্ধে সোচ্চার

প্রতিবেদন : এবার মহানায়ক সম্মান প্রদান অনুষ্ঠানের মঞ্চ থেকেও বাংলা— বাঙালি বিদ্বেষের বিরুদ্ধে প্রতিবাদে সোচ্চার হলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, বাংলা ভাষার উপর সন্ত্রাস চলছে। বাংলা ভাষায় যারা কথা বলে তাদের ওপর খুব অত্যাচার হচ্ছে। সমাজকে জাগ্রত করতে আরেকটা ভাষা আন্দোলনের প্রয়োজন। আমাদের বাংলা ভাষা সারা পৃথিবীতে পঞ্চম স্থানে। এশিয়াতে দ্বিতীয় স্থানে রয়েছে। প্রায় ৩০ কোটি লোক বাংলা ভাষায় কথা বলে। তাঁর সংযোজন, আজ বাংলা ভাষায় কথা বললে তাদের জেলে নিয়ে যাওয়া হবে! এটা আমরা মানতে পারছি না। আপনারাও মানতে পারছেন না। এটা নিয়ে আমাদের প্রতিবাদ করা উচিত সর্বস্তরে। বাংলা আমাদের মাতৃভূমি। আমাদের ধর্মভূমি। আমাদের স্বপ্নভূমি। সংস্কৃতির ভূমি। জাগরণের ভূমি। এই ভূমিকে আমাদের রক্ষা করতে হবে। ভাষাসন্ত্রাসের বিরুদ্ধে এভাবেই সর্বত্র প্রতিবাদে সরব হচ্ছেন মুখ্যমন্ত্রী। উত্তমকুমারের ৪৫তম প্রয়াণদিবসে রাজ্য সরকারের তরফে এই সম্মান প্রদান অনুষ্ঠানে (এরপর ১০ পাতায়)

সংসদ উত্তাল তৃণমূলের নেতৃত্বে

এসআইআর ও ভাষাসন্ত্রাসের বিরুদ্ধে তৃণমূলের নেতৃত্বে প্রতিবাদে গর্জে উঠলেন ইন্ডিয়া জোটের সাংসদরা। বৃহস্পতিবার বিক্ষোভে উত্তাল হয় সংসদ-চত্বর। সংসদের ভিতরে ও বাইরে এই প্রতিবাদ জারি থাকবে। নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রথম ভোটার তালিকায় কমিশনের এসআইআর নিয়ে সরব হয়েছিলেন। ভাষাসন্ত্রাস নিয়েও তিনিই গর্জে উঠেছেন। (বিস্তারিত ভিতরে)

নেট পরীক্ষায় দেশের সেরা বাংলার দুই কন্যা

নিলুফা ইয়াসমিন

রিক্তা চক্রবর্তী

প্রতিবেদন : ফের শিক্ষার অঙ্গনে বাংলার সাফল্য। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সময়কালে যেভাবে শিক্ষায় বাংলা এগিয়েছে বিশেষ করে মেয়েরা তা নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। ইউজিসি নেট পরীক্ষায় বাংলা থেকে সেরার তালিকায় তাই অনায়াসে জায়গা করে নিল দুই বঙ্গতনয়া। বাংলা বিষয়ে ১০০ পার্সেন্টাইল নম্বর পেয়ে অল ইন্ডিয়া ১ র‍্যাঙ্ক অর্জন করেছেন কাটোয়ার নিলুফা ইয়াসমিন। অন্যদিকে জার্নালিজম ও মাস কমিউনিকেশন (এরপর ১০ পাতায়)

দিনের কবিতা

'জাগোবাংলা'য় শুরু হয়েছে নতুন সিরিজ— 'দিনের কবিতা'। মমতা বন্দ্যোপাধ্যায়ের কবিতাবিতান থেকে একেকদিন এক-একটি কবিতা নির্বাচন করে ছাপা হবে দিনের কবিতা। সমকালীন দিনে যার জন্ম, চিরদিনের জন্য যার যাত্রা, তা-ই আমাদের দিনের কবিতা।

মুখোমুখি

দুর্যোগকে ভয় পেয়ো না
দুর্যোগের মুখোমুখি দাঁড়াও
হৃদয়ঘর মনে রেখো এক সমুদ্র
সমুদ্রের ঢেউকে করে না ভয়।।

বেকসুর খালাসে কোর্টের স্থগিতাদেশ

২০০৬ সালে মুম্বইয়ে লোকাল ট্রেনে ধারাবাহিক বিস্ফোরণের ঘটনায় দোষী সাব্যস্ত ১২ জনকে বেকসুর খালাসের নির্দেশ দিয়েছিল বম্বে হাইকোর্ট। সেই রায়ে স্থগিতাদেশ দিল শীর্ষ আদালত। বৃহস্পতিবার, বিচারপতি এমএম সুন্দরেশ এবং এন কোটীশ্বর সিং-এর বেঞ্চ স্থগিতাদেশ দেয়।

এসএসসি পরীক্ষা এবার দু'দিন ধরে

এসএসসি পরীক্ষার দিনক্ষণ জানা গেল। শিক্ষা দফতর সূত্রে খবর, ৭ ও ১৪ সেপ্টেম্বর পরীক্ষা হবে এসএসসি-র। এই নিয়ে ইতিমধ্যেই শিক্ষা দফতরের তরফে সবুজ সংকেত মিলেছে। তবে কখন পরীক্ষা হবে সেই বিষয়টি চূড়ান্ত করবে স্কুল সার্ভিস কমিশন।

রানি শিরোমণি পাঠ্যে আনা হোক

কর্ণগড়ের রানি শিরোমণির ইতিহাসকে পাঠ বইয়ে আনার দাবি জানানো হল তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে। বৃহস্পতিবার প্রতিরক্ষা মন্ত্রকের পরামর্শদাতা কমিটির বৈঠকে তৃণমূলের পক্ষে সুখেন্দুশেখর রায় এমনই দাবি জানিয়েছেন বলে সূত্রের খবর। ১৭৯৩ সালে চুয়াড় বিদ্রোহের নেতৃত্বে দিয়ে কর্ণগড়ের রানি ইংরেজদের বিরুদ্ধে পরাস্ত হন। তাঁর লড়াই রানি লক্ষ্মীবাই কিংবা বেগম হজরত মহলেরও আগে।

নানা রকম

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

25 July, 2025 • Friday • Page 2 || Website - www.jagobangla.in

তারিখ অভিধান

১৮৬৫ মেজর জেনারেল জেমস ব্যারি

আজকের দিনে মারা যান। ব্রিটিশ সেনাবাহিনীতে শল্য চিকিৎসক ছিলেন তিনি। মৃত্যুর পর জানা যায়, তিনি পুরুষ নন, নারী। তাঁর আসল নাম ছিল মিরান্ডা স্টুয়ার্ট। কিন্তু পুরুষ হিসেবেই তিনি এডিনবরা কলেজ থেকে ডাক্তারি পাশ করেন এবং সেনাবাহিনীতে যোগ দেন। ক্রিমিয়ার যুদ্ধে তিনি ফ্লোরেন্স নাইটিঙ্গেলের সঙ্গে প্রকাশ্যে খারাপ ব্যবহার করেন বলে অভিযোগ।

১৮৩৪

স্যামুয়েল কোলেরিজ (১৭৭২-১৮৩৪) এদিন প্রয়াত হন। ইংরেজি সাহিত্যের এই দিকপাল কবি 'দ্য রাইম অব দি অ্যানসিয়েন্ট মেরিনার', 'কুবালা খান', 'ক্রিস্টারেল' প্রভৃতি অমর কবিতার স্রষ্টা। উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থের সঙ্গে তিনি শুরু করেন রোম্যান্টিক মুভমেন্ট, যা ইংরেজি সাহিত্যের ইতিহাসে একটি মাইলফলক। 'সাসপেনসন অব ডিসবিলিফ'-এর মতো বহু পরিচিত শব্দবন্ধের জনক এই কবি। সংবাদপত্র প্রকাশনা জগতেও পা রেখেছেন। মাত্রাতিরিক্ত আফিম সেবনের ফলে তাঁর ফুসফুসে সমস্যা দেখা দেয়। হৃদ্‌রোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন লন্ডনের হাইগেটে।

২০০০ কনকর্ড ফ্লাইট ৪৫৯০ এদিন উড়ানের মিনিট দুয়েক পরেই দুর্ঘটনার কবলে পড়ে। ১০৯ জন যাত্রীর প্রত্যেকে মারা যান। এ ছাড়াও আরও ৪ জন নিহত হন। বিমানটি নিউ ইয়র্কে যাওয়ার পথে প্যারিস থেকে প্রায় ১০ মাইল দূরে একটি হোটেলে ভেঙে পড়ে। ফ্লাইট এ এফ ৪৫৯০ কনকর্ড কোম্পানির ৩১ বছরের ইতিহাসে প্রথম বিমান যা দুর্ঘটনার কবলে পড়ে।

১৯১৭ মাতা হারির বিচার পর্ব শেষ হয় এদিন। ফ্রান্সের আদালত মৃত্যুদণ্ডে দণ্ডিত করে তাঁকে। ফায়ারিং স্কোয়াডে গুলি করে মারা হয়। মাতা হারি জন্মসূত্রে ওলন্দাজ। আসল নাম মার্গারেটা গিয়ারট্রিউডে ম্যাকলিওড। লাস্যময়ী এই নারী পেশাদার নর্তকী ছিলেন। তাঁর বিরুদ্ধে অভিযোগ, তিনি প্রথম বিশ্বযুদ্ধে ডাবল এজেন্টের ভূমিকা পালন করেছিলেন। একই সঙ্গে ফরাসি ও জার্মানদের গুপ্তচর হিসেবে কাজ করেছেন। আজও অনেক ঐতিহাসিক মনে করেন, নিজেদের ব্যর্থতা চাপা দিতে মাতা হারিকে বলি দিয়েছিল ফরাসি প্রশাসন।

১৭৯৯ আবুকিরের যুদ্ধে এদিন নেপোলিয়নের বাহিনীর হাতে পর্যুদস্ত হয় সৈয়দ মুস্তাফা পাশার নেতৃত্বাধীন অটোমান বাহিনী। এই জয়ের ফলে অল্প সময়ের জন্য হলেও মিশরে ফরাসি আধিপত্য প্রতিষ্ঠিত হয়।

১৯৪৩ বেনিতো মুসোলিনি এদিন ইতালির প্রধানমন্ত্রীর পদে ইস্তফা দেন। সিসিলিতে তখন ঢুকে পড়েছে মিত্র শক্তির সেনা। চাপ বাড়ছে ইতালির ওপর। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সেই টালমাটাল সময়ে ফ্যাসিস্ট গ্র্যান্ড কাউন্সিলই এই স্বৈরতন্ত্রী শাসককে পদত্যাগ করতে বাধ্য করে।

১৯২৯ সোমনাথ চট্টোপাধ্যায় (১৯২৯-২০১৮) এদিন অসমের তেজপুরে জন্মগ্রহণ করেন। নামী ব্যারিস্টার। লোকসভার অধ্যক্ষ ছিলেন। রাজনৈতিক জীবনের শেষ পর্বে সিপিএম দল থেকে বহিষ্কৃত হয়ে দলহীন সাংসদ হিসেবে লোকসভার অধ্যক্ষের দায়িত্বভার পালন করেন। ১৯৮৪-র লোকসভা নির্বাচনে যাদবপুর কেন্দ্রে তাঁকে পরাজিত করে প্রথম সাংসদ হন জননেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

১৮৭৫ জিম করবেট (১৮৭৫-১৯৫৫) ভারতের কুমায়ুন অঞ্চলের নৈনিতাল শহরে জন্মগ্রহণ করেন। স্থানটি বর্তমানে উত্তরাখণ্ড রাজ্যে। তিনি নামকরা শিকারি ছাড়াও একজন বিখ্যাত পরিবেশবাদীও ছিলেন। তাঁর নামানুসারে ভারতের জিম করবেট ন্যাশনাল পার্কের নামকরণ করা হয়।



পাটির কর্মসূচি

শ্রাবণী মেলা উপলক্ষে বৈদ্যবাটি পুরসভার সত্যজিৎ রায় ভবনে প্রশাসনিক স্তরের পর্যালোচনা সভায় উপস্থিত মন্ত্রী বেচারাম মান্না, জেলাশাসক মুক্তা আর্য, জেলা সভাধিপতি রঞ্জন ধাড়া, পুরপ্রধান পিন্টু মাহাত, পুর পারিষদ সুবীর ঘোষ, বিধায়ক রামেন্দু সিংহরায়-সহ পুলিশ ও প্রশাসনিক আধিকারিকেরা।

■ তৃণমূল কংগ্রেস পরিবারের সহকর্মীদের প্রতি : আপনার এলাকায় কোনও কর্মসূচি থাকলে তা আগাম জানান। এবং কর্মসূচি পালনের পর ছবি-সহ প্রতিবেদন পাঠান।

ই মেল : jagabangla@gmail.com
editorial@jagobangla.in

শব্দবাংলা-১৪৫৩



পাশাপাশি : ১. সোমরস পানকারী ৩. সূর্য ৫. (আল.) অতি ধনশালী ব্যক্তি ৭. শঙ্খ ৮. পাহাড়ের চূড়া ১০. মনুষ্যদেহ ১২. নিহত, বিনাশিত ১৩. আস্বাদিত।

উপর-নিচ : ১. নর্মদা নদী ২. মুখে মুখে উত্তর ৩. স্ফটিক ৪. মেকি, ঝুটা ৬. প্রকাশ্য সভা ৯. অঙ্কুরিত ১০. ফিলিপিন্সের প্রেসিডেন্ট ১১. ভীত।

■ শুভজ্যোতি রায়

সমাধান ১৪৫২ : পাশাপাশি : ১. উজিরালি ৩. আজর ৫. ফিরা ৬. ত্যজন ৮. নিতি ১০. কপাল ১১. লক্ষ্মীশ্রী ১৩. দাম ১৫. গ্রন্থিক ১৮. বাহ ১৯. চপার ২০. বলপ্রদ। **উপর-নিচ :** ১. উসকানি ২. রাহিত্য ৩. আরা ৪. রমা ৫. ফিনক ৭. গলদা ৯. তিলক ১২. শ্রীগ্রহ ১৪. মনোখেদ ১৬. কলিল ১৭. নাচ ১৮. বার।

২৪ জুলাই কলকাতায় সোনা-রুপোর বাজারদর

পাকা সোনা (২৪ ক্যারেট, ১০ গ্রাম),	৯৯২৫০
গহনা সোনা (২২ ক্যারেট, ১০ গ্রাম),	৯৯৭৫০
হলমার্ক গহনা সোনা (২২ ক্যারেট, ১০ গ্রাম),	৯৪৮০০
রুপোর বাট (প্রতি কেজি),	১১৫৫৫০
খুচরো রুপো (প্রতি কেজি),	১১৫৬৫০

সূত্র : ওয়েস্ট বেঙ্গল বুলিয়ন মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন। দর টাকায় (জিএসটি),

মুদ্রার দর (টাকায়)

মুদ্রা	ক্রয়	বিক্রয়
ডলার	৮৭.২৩	৮৬.১০
ইউরো	১০২.৮৫	১০১.২৬
পাউন্ড	১১৭.৮৯	১১৬.৭৫

নজরকাড়া ইনস্টা

■ সোনাক্ষী

■ মধুমিতা সরকার, সঙ্গে দেবমাল্য চক্রবর্তী

সম্পাদক : শোভনদেব চট্টোপাধ্যায়
• সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত ও প্রতিদিন প্রকাশনী প্রাইভেট লিমিটেড, ২০ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা ৭০০ ০৭২ থেকে মুদ্রিত। সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

Editor : SOBHANDEB CHATTOPADHYAY
Owned by ALL INDIA TRINAMOOL CONGRESS, Published by Derek O'Brien from Trinamool Bhavan, 36G Topsia Road, Kolkata 700 100 and Printed by the same from Pratidin Prakashani Pvt. Ltd., 20 Prafulla Sarkar Street, Kolkata 700 072
Regd. No. WBBEN/2004/14087
• Postal No. Kol RMS/352/2012-2014 DL. No. 15 dt 19/7/21
City Office : 234/3A, A. J. C Bose Road, 4Th Floor, Kolkata 700 020

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

আমারশহর

25 July, 2025 • Friday • Page 3 || Website - www.jagobangla.in

৩
২৫ জুলাই ২০২৫
শুক্রবার

ধনধান্য প্রেক্ষাগৃহে মহানায়ক সম্মান প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী



শিল্পী-কলাকুশলীদের জন্য বিমার আওতায় ২০ হাজার

প্রতিবেদন : মহানায়ক উত্তমকুমারের প্রয়াণদিবসের ৪৫ বছর। ১৯৮০ সালের ২৪ জুলাই, মহানায়কের মহাপ্রয়াণের পরও তৎকালীন বামফ্রন্ট সরকার তাঁর মরদেহ রবীন্দ্রসদনে শায়িত রাখতে রাজি হয়নি। টলিউডের কমার্শিয়াল ছবির 'হিরো'কে রবীন্দ্রসদনে রাখেনি জ্যোতি বসুর সরকার। কিন্তু ২০১১ সালে রাজ্যে সরকার গড়ার পরই ২০১২ থেকে উত্তমকুমারের প্রয়াণদিবসে 'মহানায়ক সম্মান' প্রদান শুরু করেছে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল সরকার। এখানেই শেষ নয়, টলিপাড়ার অভিনেতা-অভিনেত্রী থেকে শুরু করে কলাকুশলী, এমনকী তাঁদের পরিবারকেও সরকারের তরফে স্বাস্থ্যবিমার আওতায় এনেছেন মুখ্যমন্ত্রী। বৃহস্পতিবার ধনধান্য অডিটোরিয়ামে 'মহানায়ক সম্মান'-এর অনুষ্ঠান মঞ্চ থেকে সেই কথা জানান তিনি। বলেন, তৃণমূল সরকার প্রথম থেকেই সিনেমা ও টেলিভিশনের শিল্পী থেকে কলাকুশলীদের পাশে থেকেছে, এবং আগামীতেও থাকবে। আমরা তাঁদের জন্য ৫ লক্ষ টাকা পর্যন্ত স্বাস্থ্যবিমা করেছি। অভিনেতা-অভিনেত্রী ও কলাকুশলী-সহ ৪৮০০ জন এই বিমার আওতায় আছেন। আর তাঁদের পরিবারের কথা ধরলে প্রায় ২০ হাজার মানুষ রয়েছেন বিমার আওতায়। মুখ্যমন্ত্রীর আরও সংযোজন, এছাড়াও ফিল্ম ওয়ার্কার্স ওয়েলফেয়ার ফান্ড থেকে সরকার দুঃস্থ শিল্পী ও কলাকুশলীদের মেয়ের বিয়ের জন্য এবং মৃত্যুকালীন কিছু সাহায্য করা হয়। একইসঙ্গে পরিচালক গৌতম ঘোষের অনুরোধ বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে চলচিত্র সেক্টরটিকে সংযুক্ত করার কথাও জানান মুখ্যমন্ত্রী।

টিভি সিরিয়ালে 'গুন্ডামি' খারাপ প্রভাব পড়ছে সমাজে : মুখ্যমন্ত্রী

জোর দিলেন বাংলা গানের উপর

প্রতিবেদন : ব্যস্ত কর্মসূচির মধ্যেও বাংলা সিরিয়াল দেখতে ভালবাসেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাই আজকালকার সিরিয়ালে হিংসা-গুন্ডামি যতটা সম্ভব কম দেখানোর পরামর্শ দিলেন তিনি। বৃহস্পতিবার ধনধান্য অডিটোরিয়ামে 'মহানায়ক সম্মান ২০২৫' অনুষ্ঠানের মঞ্চে বাংলা সিরিয়ালের বিষয়বস্তু নিয়ে নিজের অপছন্দের কথা জানালেন মুখ্যমন্ত্রী। স্পষ্ট জানালেন, সিরিয়াল দীর্ঘায়িত করতে 'গুন্ডামি' দেখানো উচিত নয়। এতে সমাজে বিরূপ প্রভাব পড়ে। এর পাশাপাশি, বাংলা সিরিয়ালে বাংলা গান দেখানোর বিষয়েও জোর দেন মমতা। এদিন মঞ্চ থেকে বাংলা বিনোদন জগতের গুরুত্বপূর্ণ অংশ বাংলা সিরিয়াল নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, আজকাল বাংলা সিরিয়ালে শুধুই ভায়োলেন্স দেখানো হচ্ছে। এর নেগেটিভ প্রভাব পড়ে সমাজে। ছোটরা এইসব দেখে ভুল শিক্ষা পাচ্ছে। এমনকী আত্মহাত্যার প্রবণতা বাড়ছে বলেও অভিযোগ মুখ্যমন্ত্রীর। এই বিষয়ে সিরিয়াল নির্মাতাদের নজর দেওয়ার পরামর্শ দেন তিনি। বলেন, এপিসোড বাড়াতে হবে বলে রোজ গুন্ডামি দেখাতে হবে? বাড়াতে হলে ভালো বিষয় দিয়ে বাড়ান। কত উদ্ভাবনী বিষয় আছে। তা না দেখিয়ে এ ওকে গুলি করছে, এ ওকে ছুরি মারছে! এইসব দেখলে টেনশন আরও বেড়ে যায়। দিনের শেষে সিরিয়াল দেখে রিল্যাক্স করব না টেনশন করব? সিরিয়াল লোকে দেখে বিনোদনের জন্য। এসব কথা মাথায় রেখে হাসি-খুশি-মজার সামাজিক গল্প নিয়ে সিরিয়াল করতে হবে, যা মানুষের বিবেক ও আবেগকে জাগ্রত করে। একইসঙ্গে বাংলা সিরিয়ালের ব্যাকগ্রাউন্ডে হিন্দি গানের অত্যাধিক ব্যবহার নিয়েও অসন্তোষ প্রকাশ করেন মুখ্যমন্ত্রী। বলেন, বাংলা গান কোথায়? বাংলায় অনেক কালজয়ী গান আছে। স্বর্ণযুগের গান এখনও মানুষের মন ছুঁয়ে যায়। সেসব না দিয়ে এরা ভাবে, কিছু ঝিনচ্যাক গান দিলেই বুঝি হয়ে গেল! আরে, ওরা তো একটা জায়গায় বাজায়। ওদের একটা প্ল্যাটফর্ম আছে। কিন্তু বাংলা সিরিয়ালে বাংলা গানটাকে তো একটু বেশি করে দেবেন! মুখ্যমন্ত্রী আরও সংযোজন, অন্য ভাষাকে অসম্মান করতে বলছি না, আমরা নিশ্চয়ই হিন্দি বা অন্য ভাষার গান দেব। কিন্তু ডাবিং করতে গিয়ে অরিজিনালকে হারালে চলবে না।

সম্পাদকীয়

25 July, 2025 • Friday • Page 4 || Website - www.jagobangla.in

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

কোর্টে জয়

দিল্লি কোর্টে জয় হল বাঙালিদের। বাংলা ও বাঙালি-বিদ্বেষের চরম পদক্ষেপ দেখা গিয়েছিল দিল্লিতে। বসন্তকুঞ্জের জয় হিন্দ কলোনির প্রায় ২০০টি পরিবারকে বাংলাদেশি ছাপ মেরে বেঘর করে দেওয়া হয়েছিল। শুধু তাই নয়, বহু বাড়ি ভাঙতে চালানো হয় বুলডোজার। বিজেপি পরিচালিত সরকার বিদ্বেষের নোংরা পথে গিয়ে জানিয়ে দেয়, প্রত্যেকটি পরিবারকে এলাকা থেকে উৎখাত করা হবে। অন্য কেউ পাশে না থাকুক তৃণমূল কংগ্রেস এই ঘটনায় জয় হিন্দ কলোনির মানুষের পাশে ছিল। সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে প্রথমে তাদের আশ্বস্ত করা এরপর টানা ২৪ ঘণ্টার ধরনা-অবস্থান চলে। স্থির হয় আইনি পদক্ষেপ করা হবে বাসিন্দাদের পক্ষ থেকে। এখানেও পাশে ছিল তৃণমূল কংগ্রেস। বৃহস্পতিবার সেই মামলার শুনানির পরেই উল্লাসে ফেটে পড়লেন বাসিন্দারা। দিল্লির পাতিয়ালা হাউস কোর্ট উচ্ছেদের উপর স্থগিতাদেশ জারি করেছে। এটাই স্বাভাবিক ছিল। এটাই মানবিক। রাজ্যে রাজ্যে ডিভাইড অ্যান্ড রুল পলিসির মাধ্যমে ক্ষমতা দখলে উন্মাদের মতো আচরণ শুরু করেছে বিজেপি। টার্গেট করা হয়েছে বাংলা। বিজেপি রাজ্যে যেখানেই বাংলা-ভাষী রয়েছে সেখানেই তাঁদের উপর আক্রমণ হচ্ছে। দেশের সংবিধানকে পদদলিত করে বিজেপি ভাবছে ক্ষমতায় থাকবে। কিন্তু বাংলা বুঝিয়ে দিয়েছে, তারাও শেষ দেখে ছাড়বে। ভোটে জিততে এসআইআর কিংবা ভাষাবিদ্বেষকে রুখে দিয়ে ইতিহাস তৈরি করবে বাঙালিরা।

e-mail থেকে চিঠি

ভোটার তালিকায় বদল নিয়ে উৎসাহ কীসের?

নির্বাচন কমিশনকে ঢাল করে নরেন্দ্র মোদি সরকারের নয়া জুমলা ভোটার তালিকার আমূল বদল। সিএএ, এনআরসি নিয়ে দীর্ঘ টালবাহানার পর এবার ভোটার তালিকাকে নির্ভুল করার আড়ালে স্পেশাল ইনটেনসিভ রিভিউ (এসআইআর)। এই দিয়েই শুরু হয়েছে এনআরসি'র কালা পদক্ষেপ। বিহার দিয়ে শুরু হলেও আসল লক্ষ্য বাংলা। আরএসএসের শতবর্ষে হিন্দু ভারত গড়াই যার প্রধান অ্যাজেন্ডা। কিন্তু দেশের বেশির ভাগ মানুষ ধর্মের কাঁসরঘণ্টা বাজিয়ে ক্ষমতা দখলের আগ্রাসনের ঘোরতর বিরোধী। পবিত্র রামনামকে যদি কেউ সস্তা সাম্প্রদায়িক বিভাজনের ঘুঁটি হিসেবে ব্যবহার করে ফায়দা লুটতে যায় তাহলে তো বটেই। মন্দির ভক্তির জায়গা, সবাইকে মেলানোর পুণ্যভূমি। তাকে ব্যবহার করে একসঙ্গে চলার শপথ থেকে কেউ বিচ্যুত হলে সেই ধর্মকে মানার প্রশ্নই ওঠে না। মেকি হিন্দুদের শত হুঙ্কারেও বাংলার মাটি একটুও গেরুয়া হয় না। চাপে পড়ে বহুত্ববাদের নাম জপলে হবে না, কাজে করে দেখানোটাই আসল চ্যালেঞ্জ। ভোট বাংলায় ছাব্বিশের মার্চ-এপ্রিলে। সামনে উৎসবের মরশুম। এই বিশেষ সময়টায় মাত্র এক মাসের মধ্যে এত বড় একটা সংশোধন প্রক্রিয়া তাড়াহুড়ো করে হাতে নেওয়ার মানে কী? চোদ্দো বছর দেশে জনগণনা হয়নি। জাতপাতের সমীক্ষা, বিভিন্ন প্রদেশে জনবিন্যাসের চারিত্রিক বদল নিয়ে বিভিন্ন সময় নানা কথা হয়েছে, কিন্তু ওইটুকই। কেউ খতিয়ে দেখেনি আসল চিত্রটা। এখন ভোটের আগে এই সক্রিয়তার পিছনে বেআইনি বাংলাদেশি আর রোহিঙ্গাদের নাম বাদ দেওয়াই আসল উদ্দেশ্য, নাকি একটি সম্প্রদায়কে ভয় দেখিয়ে তাঁবে নিয়ে আসা? বিহারে বিধানসভা ভোটের মুখে এবং বাংলায় গদি দখলের লড়াই ক্লাইম্যাক্সে পৌঁছনোর আট মাস আগে সংখ্যালঘুদের জুজু দেখানো কি বিজেপির গোপন অ্যাজেন্ডা নয়! অনেক হম্বিতম্বি করলেও সোজা আঙুলে ঘি ওঠার নয় বুঝেই ভোটার তালিকার আমূল বদলের দিকে হাত বাড়িয়েছে বিজেপি। অবৈধ অনুপ্রবেশকারী যেমন পশ্চিমবঙ্গে ধরা পড়ছে, তেমনই ত্রিপুরাতেও ধরা পড়ছে। দিল্লিতেও আছে, গুজরাতেও আছে? এই অবৈধ অনুপ্রবেশের দায় কার? অমিত শাহের হাতে থাকা স্বরাষ্ট্র মন্ত্রক রুখতে পারছে না কেন? বাংলাদেশ থেকে অনুপ্রবেশ ঘটছে অমিত শাহের মন্ত্রকের ব্যর্থতায়। সুপ্রিম কোর্ট বলেছে, কে নাগরিক আর কে নয়, তা স্থির করার এক্তিয়ার স্বরাষ্ট্র মন্ত্রকের। নির্বাচন কমিশন কারও নাগরিকত্ব কাড়তে পারে না।

—ইমরান রহমান, বারাসত, উত্তর ২৪ পরগনা

■ চিঠি এবং উত্তর-সম্পাদকীয় আপনিও পাঠাতে পারেন :
jagabangla@gmail.com / editorial@jagobangla.in

পাগলা দাশুর আপন দেশে
গেরুয়া মোদি বিজেপি সর্বনেশে

ভুলভাল অজুহাতে মনরেগায় বাংলার প্রাপ্য টাকা আটকেছে মোদি সরকার। উদ্দেশ্য, বাংলায় তৃণমূল কংগ্রেসকে 'টাইট' দেওয়া। বিহারে গিয়ে উন্নয়নের কথা বলতে না পারার ব্যর্থতা লুকোতে টেনে আনছেন ত্রিনিদাদ প্রসঙ্গ। কিন্তু এসব করেও লাভের লাভ কিছু হবে কি? প্রশ্ন তুলছেন **দেবলীনা মুখোপাধ্যায়**

১০০ দিনের কাজের প্রকল্প (মনরেগা)। গরিব গ্রামবাসীর কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির জন্য একটি যুগান্তকারী প্রকল্প।

এই প্রকল্পে সংশ্লিষ্ট এলাকার শ্রমিকরা দাবি করামাত্রই সরকার বছরে কমপক্ষে ১০০ দিনের কাজ দিতে বাধ্য। অর্থাৎ এই প্রকল্পে গ্রাম ভারতের গরিব মানুষের হাতে কিছু টাকা যায়। তার মাধ্যমে তাদের সংসারে কিছু সুরাহা হয় এবং পরোক্ষে চাঙ্গা হয় গ্রামীণ বাজার। কিন্তু চোর-ছ্যাঁচড়দের থেকে সরকারি প্রকল্প রক্ষা করা সবসময়ই কঠিন। মনরেগাও এই ব্যাধিমুক্ত নয়। অসাধু রাজনীতির কারবারিরা ভুয়ো জব কার্ড দিয়ে এই প্রকল্পের কিছু টাকা হাতিয়ে নেয়। এই অনাচার কমবেশি সারা দেশেই চলে বলে অভিযোগ পাওয়া যায়। যেমন গত অর্থবর্ষে (২০২৪-২৫) অনেকগুলি রাজ্যে ভুয়ো জব কার্ড চিহ্নিত হয়েছে। তার মধ্যে উল্লেখযোগ্য বিহার (৮,১১১), ওড়িশা (৭,৫৬৬), অসম (৭,৩৪১), ছত্তিশগড় (৬,৮৮৮), উত্তরপ্রদেশ (৩,৪২১), মহারাষ্ট্র (১,৪০১), গুজরাত (৯৮৮), মধ্যপ্রদেশ (৮০৪), ত্রিপুরা (২৮৩), পশ্চিমবঙ্গ (২)। সংসদে মোদি সরকারের দেওয়া পরিসংখ্যান বলছে, গোটা দেশে গত অর্থবর্ষে ৫৮,৮২৬টি 'ফেক জব কার্ড' বাতিল হয়েছে। তার মধ্যে ডাবল ইঞ্জিন রাজ্যেই ৪২,৭৩৮টি। তার পাশাপাশি পশ্চিমবঙ্গের ছবিটা রীতিমতো ইতিবাচক। এখানে মাত্র ২টি ভুয়ো জব কার্ড পাওয়া গিয়েছে।

অথচ 'গেরুয়া' রাজ্যগুলির বিষয়ে দিল্লিওয়ালাদের কোনও হেলদোল নেই। যত লম্ফঝম্প কেবল পশ্চিমবঙ্গকে নিয়ে। কারণ, মোদির মাথাব্যথা তো একজনই। জননেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

টানা সাড়ে তিনবছরেরও বেশি সময় যাবৎ বাংলার লক্ষ লক্ষ গরিব মানুষের সঙ্গে বঞ্চনা চলছে।

কিন্তু কেন?

কেন্দ্রের অভিযোগ, বেহাত হয়েছে সরকারি অর্থ। রয়েছে জাল জব কার্ড। কিন্তু ফেক জব কার্ডের সংখ্যা কত? লোকসভায় জানতে চেয়েছিলেন তৃণমূলের মালা রায়। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী কমলেশ পাসোয়ান তার যে জবাব দিয়েছেন তাতেই স্পষ্ট সবকিছু।

প্রধানমন্ত্রী হিসেবে রাজীব গান্ধী ভারতবাসীর চোখ খুলে দিয়েছিলেন। বলেছিলেন, সরকারের দেওয়া প্রতিটি টাকার মাত্র ১৫ পয়সা প্রকৃত বেনিফিসিয়ারির কাছে পৌঁছয়। মাঝপথেই নয়ছয় হয়ে যায় বাকি অর্থ। সেদিন দেশের সামনে নিজের বক্তব্যের সমর্থনে যে দৃষ্টান্ত তুলে ধরেছিলেন সেটা ছিল ওড়িশার কালাহান্ডি। তখন সেখানেও ছিল কংগ্রেস সরকার। জানকীবল্লভ পট্টনায়ক মুখ্যমন্ত্রীর কুর্সিতে।

কিন্তু সেই রাজ্যের মানুষের চরম দুর্দশা দেখে তিনি এমন বিমর্ষ ও ক্ষুব্ধ হলেন যে, তা প্রকাশ করে ফেললেন জনসমক্ষে। পরবর্তীকালে দেশের একাধিক আদালত, দুর্নীতি মামলার বিচারে রাজীবের ওই মন্তব্য উদ্ধৃত করে তাঁদের পর্যবেক্ষণ কিংবা রায় দিয়েছে।

আর আজ। কেন্দ্রে বিজেপি সরকার। দুর্নীতিতে এগিয়ে ডবল ইঞ্জিন শাসিত বিহার, ওড়িশা, অসম, ছত্তিশগড় এবং উত্তরপ্রদেশ।

'গেরুয়া' রাজ্যগুলির বিষয়ে দিল্লিওয়ালাদের কোনও হেলদোল নেই। যত লম্ফঝম্প কেবল পশ্চিমবঙ্গকে নিয়ে। কারণ, মোদির মাথাব্যথা তো একজনই। জননেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

আর মোদি ও তাঁর অনুগামীরা সেই সত্য ঢাকতে ব্যস্ত। তাদের টার্গেট পশ্চিমবঙ্গ, যেখানে মোটে দুটো ফেক জব কার্ড মিলেছে। মোদির মতো কোনও দেশনেতাকে এমন ভূমিকায় আমরা পাইনি। যিনি 'আমরা-ওরা' কিংবা 'সিঙ্গল ইঞ্জিন-ডাবল ইঞ্জিন' তত্ত্বের ভিত্তিতে দুর্নীতির বিরুদ্ধে আওয়াজ তোলার অভিনয় করছেন।

দুর্নীতি-বিরোধী যুদ্ধের নামে ভারতের এই আজগুবি ন্যাকামি অবশ্য আন্তর্জাতিক মহলের দৃষ্টি এড়ায়নি। স্বচ্ছতার মাপকাঠিতে ভারতের স্থান এজন্য বরাবরই একেবারে নীচের দিকে । ক্রমান্বয়ে দু-দশ ধাপ উত্তরণ ছিল আমাদের প্রত্যাশা। কিন্তু ভারতবাসীর এমনই মন্দকপাল যে, অধিকাংশ বছর আমাদের অবনমনই ঘটছে দু-চার ধাপ করে।

এছাড়া মোদির আর পরিত্রাণের উপায় কী?

গত কয়েকমাসে দফায় দফায় বিহার গিয়েছেন প্রধানমন্ত্রী। ঘোষণাও করেছেন প্রায় ১৫ হাজার কোটির প্যাকেজ। দিয়েছেন বিস্তর প্রতিশ্রুতি। তাতেও চিঁড়ে ভিজছে এমনটা বলা যাচ্ছে না। অপারেশন সিঁদুরের পর এই প্রথম কোনও রাজ্যের ভোট হবে। এই ঘটনাকে সামনে রেখে দেশাত্মবোধের ধ্বজা তুলেছেন মোদি। কিন্তু সেই ঘটনা কি আদৌ ডিভিডেন্ড দেবে? নিশ্চিন্ত নন তিনি। কারণ বিভিন্ন রাজ্যের সাম্প্রতিক ভোটের ট্রেন্ড বলছে, ইস্যু যতটা না জাতীয়, তার থেকে ঢের বেশি লোকাল, অর্থাৎ স্থানীয়। বিহার বিধানসভার ভোটেও মূল ইস্যু, সেই রাস্তাঘাট, পানীয় জল, মহিলাদের উন্নয়ন। ফলে 'সিঁদুর' দিয়ে মহিলাদের মন জয় করা যাবে কি না তাতে সন্দেহ রয়েছে। মড়ার উপর খাঁড়ার ঘা বলছে সাম্প্রতিক একটি সমীক্ষা। সি ভোটারের সেই সমীক্ষাতেও অপারেশন সিঁদুর নিয়ে তেমন আশার আলো দেখতে পাচ্ছে না বিজেপি।

এনডিএ জোটের ঘোষিত মুখ্যমন্ত্রী পদপ্রার্থী নীতীশ কুমার এখন কার্যত অস্তমিত সূর্য। পিংপং বলের মতো বারপাঁচেক এদিক-ওদিক করে নিজের বিশ্বাসযোগ্যতা নষ্ট করেছেন। স্লোগান উঠেছে, বিহার কি মাঙ্গ, শুনলিয়া নিশান্ত। বহুত বহুত ধন্যবাদ। কে এই নিশান্ত? তিনি নীতীশ কুমারের পুত্র।

অবস্থা এমন জায়গায় পৌঁছেছে, উল্টো মুখী বাতাস এমন জোরে বইতে শুরু করেছে যে, বিহারবাসীর মন জয়ে মোদি এখন তাঁর ভাষণে টেনে আনছেন ত্রিনিদাদের প্রধানমন্ত্রী কমলা প্রসাদ বিশ্বেশ্বরের প্রসঙ্গ।

বিহার ভোট বলে নয়, এটাই মোদির স্ট্র্যাটেজি। ভোট থাকলে বিদেশ সফরে গিয়ে অনাবাসী ভারতীয়দের সামনে দলের কথা প্রচার করা। বিদেশের মঞ্চকে বহুবার ব্যবহার করেছেন মোদিজি। এবার দেশের মঞ্চকে ব্যবহার করছেন বিদেশের কথা বলার জন্য।

কিন্তু প্রশ্ন এত করেও সাফল্য আসবে কি?

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

একই বাইকে সওয়ার হয়েছিল তিন নাবালক। কিন্তু বাড়ি আর ফেরা হল না। লরির ধাক্কায় প্রাণ গেল দুই নাবালকের। গুরুতর আহত আরও এক। বুধবার রাত ১১টা নাগাদ আন্দুল রোডের ঘটনা

গানে মঞ্চ মাতালেন মুখ্যমন্ত্রী

প্রতিবেদন : হাজারও প্রশাসনিক ব্যবস্থার মধ্যেও তিনি গান লেখেন, নিজেই সুর দেন। গান যে তাঁর কতটা প্রিয় বিষয়, বহুবার বহু জায়গায় সেকথা জানিয়েছেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কিন্তু গান জানলেও মঞ্চে গাইতে চান না তিনি। লাগাতার মিটিং, সভা, ভাষণ, সাক্ষাৎকারের কারণে গলায় চাপ পড়ে। সেই কারণে মঞ্চে গান গাইতে অনুরোধ করলেও হাসি মুখে তা এড়িয়ে যেতে চান তৃণমূলনেত্রী। তবে বৃহস্পতিবার ধনধান্য অডিটোরিয়ামে 'মহানায়ক সম্মান ২০২৫' অনুষ্ঠানের মঞ্চে রাজ্যের মন্ত্রী তথা সঙ্গীতশিল্পী ইন্দ্রনীল সেনের অনুরোধে গাইতে হল তাঁকে। এদিন 'মহানায়ক সম্মান' প্রদানের পর শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। সেখানে মঞ্চ থেকে মুখ্যমন্ত্রীকে গাইতে অনুরোধ করেন ইন্দ্রনীল। মাইক হাতে নিতেই শুরু হল ম্যাজিক। মঞ্চে উঠে মুখ্যমন্ত্রী জানান, ইন্দ্রনীলকেও তাঁর সঙ্গে গাইতে হবে। এরপরই মহানায়কের প্রয়াণদিবসে মন্ত্রী-গায়ক ইন্দ্রনীল 'দেয়া-নেয়া' ছবির বিখ্যাত 'গানে ভুবন ভরিয়ে দেবে, ভেবেছিল একটি পাখি' গানটি শুরু করেন। গলা মেলান মুখ্যমন্ত্রীও। শেষে নিজেই গান— 'মনে রেখো, মনে রেখো, তার এই শেষ গান...'। সঙ্গে সঙ্গে সিনেমার দৃশ্যের মতোই করতালিতে ফেটে পড়ে ধনধান্য অডিটোয়াম।

■ মহানায়ক উত্তমকুমারের ৪৫তম মৃত্যুবার্ষিকীতে টালিগঞ্জে মহানায়কের মূর্তিতে শ্রদ্ধাজ্ঞাপন করলেন মন্ত্রী অরূপ বিশ্বাস। উপস্থিত ছিলেন মন্ত্রী ইন্দ্রনীল সেন, বিধায়ক দেবব্রত মজুমদার, দেবাশিস কুমার-সহ কাউন্সিলররা।

বিশ্বাসঘাতক, বিজেপির পরিযায়ী নেতা মিঠুনকে ধুয়ে দিল তৃণমূল কংগ্রেস

প্রতিবেদন : বিজেপির পার্ট টাইম পরিযায়ী নেতা মিঠুন চক্রবর্তীকে বিশ্বাসঘাতক বলে ধুয়ে দিল তৃণমূল কংগ্রেস। বৃহস্পতিবার মিঠুন বলেন, অনুপ্রবেশকারীদের সরিয়ে দিলে তৃণমূল এখানে ৭০-এর বেশি আসন পাবে না। এর পাল্টা জবাবে তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক ও মুখপাত্র কুণাল ঘোষ বলেন, প্রবল গরমে কালো টুপি আর জোব্বা পরলে একটু মানসিক ভারসাম্যের সমস্যা হয়। তাঁর সংযোজন, বিজেপির প্রতিহিংসার জবাব দেবেন বাংলার মানুষ। তাঁর কথায়, ভোটপাখি মিঠুন ২০২১-এর লোকসভা নির্বাচনের আগেও রাজ্যে এসে বড় বড় ভাষণ দেন। আর তার জেরে কমে বিজেপির ভোট। মিঠুনকে 'গদ্দার', 'বিশ্বাসঘাতক' বলে আক্রমণ করে কুণাল বলেন, তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যখন মিঠুনকে রাজ্যসভায় পাঠান, তখন তিনি বলেছিলেন, মমতা আমার বোন, তার পাশে আজীবন থাকব। এখন মামলা থেকে বাঁচতে মোদি-শাহর পা ধরে বিজেপি করছেন। বাংলা তথা বাঙালি এর জবাব দেবে। বিজেপি-শাসিত রাজ্যগুলিতে, বাংলাভাষীদের উপর অত্যাচারের অভিযোগ ওড়ানোয় মিঠুনকে একহাত নেন তৃণমূলের মিডিয়া সেলের প্রধান দেবাংশু ভট্টাচার্য। তিনি বলেন, যে রাজ্যে অত্যাচার হচ্ছে, সেই রাজ্য সরকার মানছে, তারা বাংলার সঙ্গে কথা বলছে, আর মিঠুন চক্রবর্তী মানছেন না! যদি বাংলাভাষীদের হেনস্থা করা না হয়, তাহলে কেন্দ্রীয় সরকার কেন তাঁদের বাংলাদেশে পাঠাল আবার ফিরিয়ে আনল! এর পরেই দেবাংশু বলেন, মিঠুন বাঙালি। তাঁকে নিয়ে একসময়ে আমাদের গর্ব ছিল। কিন্তু তিনি বাংলার জন্য কী করছেন? তিনি মুম্বইয়ে থাকেন। আর ভোটের সময় ফায়দা লুঠতে বাংলায় আসেন।

বঙ্গ সিপিএমকে পথে বসিয়ে তৃণমূলের ভাষা আন্দোলনকে সমর্থন মানিকের

প্রতিবেদন : বাংলার সিপিএমকে উপেক্ষা করেই তৃণমূল কংগ্রেসের ভাষা আন্দোলনের পাশে দাঁড়ালেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী সিপিএমের মানিক সরকার। একুশে জুলাইয়ের মঞ্চ থেকে তৃণমূলনেত্রী ভাষা আন্দোলনের ডাক দিয়েছেন। মানিক সরকার সেই আন্দোলন যথার্থ বলে সমর্থন করে বলেছেন, বাংলা ভাষায় কথা বললেই বলা হচ্ছে বাংলাদেশি! বাংলার মানুষকে নিয়ে যা যা হচ্ছে তা নিন্দনীয়। এটা আরএসএস ও বিজেপির চক্রান্ত। মূলত বাঙালি মুসলিম ধর্মাবলম্বীদের টার্গেট করা হচ্ছে। মুসলিম-বিদ্বেষ, দলিত-বিদ্বেষ এবং মহিলা-বিদ্বেষকে সামনে রেখেই আরএসএস বিজেপির মাধ্যমে এই কাজটি করছে। সংবিধান পাল্টে দেওয়ার চেষ্টা করছে। আর তা বাস্তবায়িত করার জন্যই এই কর্মসূচি নিচ্ছে। আমরা এই ঘটনার তীব্র প্রতিবাদ করছি।

ভুয়ো আধার সেন্টার, ধৃত ২

সংবাদদাতা, মিনাখাঁ : জেরক্সের দোকানের আড়ালে চলছিল ভুয়ো আধার সেন্টার। অভিযোগ পেয়ে দু'জনকে আটক করল পুলিশ। একই সঙ্গে একটি ল্যাপটপ, ফিঙ্গারপ্রিন্ট মেশিন-সহ বেশ কিছু সামগ্রী আটক করল মিনাখাঁ থানা। মিনাখাঁ থানার চাপালি অঞ্চলের বকচোরা বাজারের ঘটনা। সেখানে আমিনিয়া জেরক্স সেন্টারের আড়ালে অবৈধভাবে ভুয়ো আধার কার্ড তৈরি করা হচ্ছিল। পুলিশ ওই জেরক্স সেন্টারের মালিক বাকিবিল্লা কাটা, মাতিন গাজী নামে দুইজনকে আটক করে এবং বেশ কিছু সামগ্রী বাজেয়াপ্ত করেছে।

আটক দুই বাংলাদেশী

সংবাদদাতা, বসিরহাট: অবৈধ ভাবে প্রবেশের অপরাধে আটক দুই বাংলাদেশী। সুন্দরবন লাগোয়া ভারত বাংলাদেশের কালিন্দী নদী পেরিয়ে ভারতে ঢোকার সময় দুই বাংলাদেশীদের আটক করল সীমান্ত রক্ষী বাহিনী। বৃহস্পতিবার ভোর রাতে সুন্দরবনের জঙ্গল দিয়ে দুই বাংলাদেশি নাগরিক মহম্মদ সুরমান হোসেন গাজী ও আজিজুল ইসলাম ভারতে ঢোকার চেষ্টা করছিল সেই সময় কালিন্দী নদীতে টহলদারি বিএসএফ জওয়ানরা দেখতে পেয়ে তাদেরকে আটক করে হেমনগর কোস্টাল থানার পুলিশের হাতে তুলে দেয়। তাঁদের বাড়ি সাতক্ষীরা জেলায় কৈখালী গ্রামে। বৃহস্পতিবার তাদের বসিরহাট মহকুমা আদালতে পেশ করা হয়। বিচারক তাদের জেল হেফাজতে নির্দেশ দেন।

দু'দিন ধরে চলবে এসএসসি পরীক্ষা

প্রতিবেদন : এসএসসি পরীক্ষা হবে দু'দিন ধরে। শিক্ষক নিয়োগের আবেদনের সময়সীমা বাড়ানো হয়েছিল। এবার পরীক্ষার দিনক্ষণ জানা গেল। শিক্ষা দফতর সূত্রে খবর, ৭ ও ১৪ সেপ্টেম্বর পরীক্ষা হবে এসএসসি-র। এই নিয়ে ইতিমধ্যেই শিক্ষা দফতরের তরফে সবুজসংকেত মিলেছে। তবে কখন পরীক্ষা হবে সেই বিষয়টি চূড়ান্ত করবে স্কুল সার্ভিস কমিশন। প্রথমে সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী এসএসসিতে আবেদনের শেষ সময় ছিল ১৪ জুলাই পর্যন্ত। তবে সেই আবেদনের মেয়াদ আরও সাতদিন বাড়িয়ে ২১ জুলাই পর্যন্ত করা হয়।



সুপ্রিম কোর্টের নির্দেশে নয়া নিয়োগ বিজ্ঞপ্তি জারি করেছিল এসএসসি। গত ১৬ জুন থেকে এসএসসি পোর্টালের মাধ্যমে নিয়োগের আবেদন নেওয়া শুরু হয়। আবেদন বাড়ানোর ব্যাপারে এসএসসি'র তরফে জানানো হয়েছিল, রাজ্য সরকার সুপ্রিম কোর্টে চাকরির প্যানেলে বাতিলের রিভিউ পিটিশন দায়ের করছে। জুলাই মাসের শেষ দিকে পিটিশনের শুনানি হওয়ার কথা। তাছাড়া ওবিসি সংরক্ষণের বিষয়টি নিয়ে চারদিন পোর্টাল বন্ধ ছিল। সেই সময় অনেকেই আবেদন করতে পারেননি। এছাড়াও এসএসসি নিজেদের বেশ কিছু টেকনিক্যাল সমস্যার কথাও শিক্ষা দফতরকে জানিয়েছিল। সবমিলিয়ে রাজ্যের শিক্ষিত যোগ্য ছেলেমেয়েরা যাতে নিয়োগের সুযোগ বেশি করে পায় তার জন্যই আবেদনের সময়সীমা বাড়ানো হয়। এবার পরীক্ষার দিনও জানা গেল।

শ্রীরামপুরে হাসপাতালের আইসিইউতে ঢুকে বিজেপি নেতার দাদাগিরি, অভিযোগ দায়ের

সংবাদদাতা, শ্রীরামপুর : শ্রীরামপুর শ্রমজীবী হাসপাতালে গিয়ে দাদাগিরি বিজেপি নেতার। ভাঙচুর চালালেন আইসিইউতে। জানা গিয়েছে শ্রীরামপুরের ওই শ্রমজীবী হাসপাতালে গত ২০ জুলাই প্রবাসনগরের বাসিন্দা বিমলা দেবী প্রবল শ্বাসকষ্ট ও বার্ধক্যজনিত নানা জটিল সমস্যা নিয়ে ভর্তি হন। ভর্তির সময়েই রোগীর শারীরিক অবস্থা সঙ্কটজনক তা রোগীর বাড়ির লোককে ডাক্তারবাবু জানিয়ে দেন। অন্যত্র বড় হাসপাতালে নিয়ে যাওয়ার পরামর্শও দেন। কিন্তু তা সত্ত্বেও বাড়ির লোকজন বন্ডে সই করে ওই হাসপাতালে রেখেই বৃদ্ধার চিকিৎসা করান। এরপর অবস্থার অবনতি হলে বৃদ্ধা মারা যান। তারপরেই বিজেপি নেতা হরি মিশ্র

■ বিজেপি নেতা হরি মিশ্র।

আইসিইউতে হামলা চালান। যন্ত্রপাতি ভাঙচুর করেন। চিকিৎসক, নার্স ও অন্যান্য হাসপাতাল কর্মীদের হেনস্থা করেন। ধাক্কাধাক্কি করেন। গালিগালাজ করেন। ফেসবুক লাইভে এসেও হাসপাতাল সম্পর্কে নানা কুৎসা প্রচার করেন। হাসপাতাল কর্তৃপক্ষ পুলিশকে জানায়। পুলিশ দ্রুত হাসপাতালে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। এর ফলে আইসিইউতে ভর্তি থাকা অন্য রোগীরা আতঙ্কিত হয়ে পড়েন। হাসপাতালের সহ-সম্পাদক গৌতম সরকার শ্রীরামপুর থানায় অভিযোগ দায়ের করেন। চিকিৎসক অনীক জানা মৃতদেহ ময়নাতদন্তে পাঠান।

গৌতম সরকার বলেন, হাসপাতালের বিরুদ্ধে কোনও অভিযোগ থাকলে তা হাসপাতাল কর্তৃপক্ষ বা প্রশাসনের নির্দিষ্ট দফতরে না জানিয়ে হাসপাতালের আইসিইউর মতোন সংবেদনশীল জায়গায় হামলা চালানো চূড়ান্ত অমানবিকই নয়, অনৈতিকও।

রাজ্য
25 July, 2025 • Friday • Page 6 || Website - www.jagobangla.in
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

কাউন্সিলরের সই জাল করে চলছিল নথি বিলির কাজ। ধরা পড়ল অভিযুক্ত। সোনারপুর পুরসভার ৩ নং ওয়ার্ডের কাউন্সিলর জয়ন্ত সেনগুপ্তের সই জাল করে তৈরি হচ্ছিল একের পর এক গুরুত্বপূর্ণ নথি

■ দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে সাতাশে জুলাইয়ের পরের সপ্তাহ থেকেই বিজেপির বাংলা ভাষা এবং বাঙালিদের অপমানের প্রতিবাদে ধরনা কর্মসূচি পালিত হবে কলকাতার গান্ধী মূর্তির পাদদেশে প্রতি সপ্তাহের শনি ও রবিবার। লাগাতার এই কর্মসূচি পালন করবে দলের শাখা সংগঠনগুলি। এই উপলক্ষে বৃহস্পতিবার তৃণমূল ভবনে দলের সব শাখা সংগঠনের রাজ্যের প্রধানদের নিয়ে বিশেষ বৈঠক। বৈঠকে ধরনা কর্মসূচির বাস্তবিক রূপায়ণ পরিকল্পনা এবং নির্ঘণ্ট চূড়ান্ত করা হল।

■ কলকাতার একটি স্টুডিওতে নিউ আলিপুর ক্যানাল রোড সমাজসেবা সমিতির দুর্গাপুজোর থিম সং রেকর্ডিংয়ে সঙ্গীত শিল্পী নচিকেতা, তাঁর কন্যা ধানসিঁড়ি ও থিম মেকার শিবশঙ্কর দাস।

গৃহবধূকে ধর্ষণে ধৃত সেনাকর্মী

প্রতিবেদন : জেলবন্দি স্বামীকে জামিনে মুক্তির প্রতিশ্রুতি দিয়ে বীরভূমের মহিলাকে ধর্ষণ পার্ক স্ট্রিটের হোটেলে। পার্ক স্ট্রিট থানায় ধর্ষণের লিখিত অভিযোগ পেয়েই তদন্তে নেমে অভিযুক্তকে গ্রেফতার করল পুলিশ। বীরভূমের বাসিন্দা অভিযোগকারিণীর স্বামী কেন্দ্রীয় সংস্থার একটি মামলায় জেলে ছিলেন। তাঁকে সহজে জামিন পাইয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে মহিলার সঙ্গে ঘনিষ্ঠতা বাড়ান অভিযুক্ত যুবক। সেনাকর্মী পরিচয়ে মহিলার সঙ্গে জোর করে একাধিকবার শারীরিক সম্পর্ক স্থাপন করেন। এমনকী, অভিযোগকারিণীর আপত্তিকর ছবি তুলে তাঁকে ব্ল্যাকমেলও করা হয় বলে অভিযোগ। সম্প্রতি স্বামী জেল থেকে মুক্তি পেতেই পার্ক স্ট্রিট থানায় অভিযোগ দায়ের করেন নির্যাতিতা। তরুণীর বয়ান রেকর্ড করেছে পুলিশ।

নদী থেকে উদ্ধার করা হল মৃতদেহ

সংবাদদাতা, বসিরহাট: সুন্দরবনের গৌড়েশ্বর নদী থেকে পাওয়া গেল এক ব্যক্তির মৃতদেহ। বসিরহাট মহকুমার সুন্দরবনের হিঙ্গলগঞ্জ থানার স্যান্ডেলের বিল গ্রাম পঞ্চায়েতের ৩ নং আমবেড়িয়া সুইচ গেটের পাশে গৌড়েশ্বর নদীতে মেলে ওই মৃতদেহ। মৃতের নাম পঞ্চু সিং। বাড়ি অশোকনগর থানার বনগাঁ নোনাতলার পুটিয়ায়। তিনি গত ৯ মাস ধরে হিঙ্গলগঞ্জের স্যান্ডেলের বিলের ৩ নং আমবেড়িয়ায় তার মেয়ে নমিতা সিং ঘোষ ও জামাই প্রশান্ত ঘোষের কাছে থাকতেন। মানসিক ভারসাম্যহীন মৃত পঞ্চু সিং গত দু'দিন ধরে নিখোঁজ ছিলেন। অনেক খোঁজার পরও তাঁর খোঁজ মেলেনি। বুধবার সন্ধ্যার দিকে গৌড়েশ্বর নদীতে তার দেহ ভাসতে দেখেন মানুষজন। দেহ উদ্ধার করে ৯ নং স্যান্ডেলার বিল গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন।

ভোটার হতে হিড়িক সীমান্ত জেলাগুলিতে

প্রতিবেদন : ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী নিয়ে আতঙ্কের আবহ রাজ্য জুড়ে। বেশি উদ্বেগে রাজ্যের সীমান্তবর্তী জেলাগুলর বাসিন্দারা। ওইসব জেলায় হঠাৎই বেড়েছে ভোটার তালিকায় নাম তোলার হিড়িক। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, গত এক সপ্তাহে শুধুমাত্র সীমান্তবর্তী জেলাগুলিতে ৭৫ হাজারের বেশি ফর্ম ৬ জমা পড়েছে— যেখানে সাধারণভাবে এই সংখ্যাটা ২৫ হাজারের আশেপাশে থাকার কথা। অর্থাৎ এক সপ্তাহে তিনগুণেরও বেশি ভোটার হওয়ার আবেদন পড়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে। কোচবিহার, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, মালদা, মুর্শিদাবাদ, উত্তর দিনাজপুর, নদিয়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা— এই জেলাগুলিতে ব্যাপক হারে আবেদন জমা পড়েছে। আচমকা এই প্রবণতায় নজর রেখেছে নির্বাচন কমিশনও। কমিশনের এক পদস্থ আধিকারিক জানিয়েছেন, শুধুমাত্র নতুন প্রজন্ম নয়, বহু বয়স্ক নাগরিকও এই আবেদন করেছেন। আচমকা এমন সাড়া পড়ার কারণ খুঁজতে গিয়ে আধিকারিকরা মনে করছেন, রাজ্যে এসআইআর প্রক্রিয়া শুরু হবে এমন আশঙ্কা থেকেই ভোটার তালিকায় নাম না থাকা ব্যক্তিরা দ্রুত নাম তোলার চেষ্টা করছেন। কারণ, ২০০২ সালের ভোটার তালিকায় যাদের নাম থাকবে, তাদের কাছেই 'এনুমারেশন ফর্ম' বিলি করবেন বিএলওরা। নাম না থাকলে একদিকে যেমন তাঁরা ভোটাধিকার থেকে বঞ্চিত হবেন, তেমনই নাগরিকত্ব নিয়েও প্রশ্ন উঠতে পারে।

সাংবাদিকতা থেকে গবেষণা, লক্ষ্য রিক্তার

■ রিক্তা চক্রবর্তী

প্রতিবেদন : বিগত কয়েক বছরে পরীক্ষা দিলেও সাফল্য আসেনি। কিন্তু এইবারে পরীক্ষা দিয়েই সাফল্যের পাশাপাশি উপরি পাওনা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের শুভেচ্ছাবার্তা। তাই আনন্দে অনেকটাই আপ্লুত মধ্যমগ্রামের দোলতলার বাসিন্দা, রিক্তা চক্রবর্তী। এবারে ইউজিসি নেট পরীক্ষায় দেশের মধ্যে সাংবাদিকতা ও গণজ্ঞাপন বিষয়ে দ্বিতীয় হয়েছে রিক্তা। তারপরেই এক্স হ্যান্ডেলে তাকে শুভেচ্ছা বার্তা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রীর শুভেচ্ছায় অভিভূত এই বঙ্গতনয়া। রিক্তা জানায়, ছোটবেলাতেই বাবাকে হারিয়েছে সে। এরপরেই রেলকর্মী তার মা তাকে ও তার দাদাকে অতি কষ্টে বড় করে তুলেছে। রিক্তার ছোট থেকেই স্বপ্ন ছিল এমন কিছু করার যাতে পরিবারের মুখ উজ্জ্বল হয়। রিক্তা চক্রবর্তী প্রথমেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানিয়ে বলে, এত ব্যস্ততার মধ্যেও মুখ্যমন্ত্রী যে আমাদের শুভেচ্ছা জানিয়েছেন তার জন্য আমি কৃতজ্ঞ। রিক্তা জানায়, সে এর আগেও বেশ কয়েকবার পরীক্ষায় বসেছে তবে এইবারে সফলতা এসেছে। সে ডিজিটাল মিডিয়ায় সাংবাদিকতা করতে চায়। তবে তার সঙ্গে সঙ্গে চালিয়ে যেতে চায় গবেষণার কাজও।

মধ্যমগ্রাম গার্লস স্কুল থেকে উচ্চমাধ্যমিক পাশ করে হীরালাল গার্লস কলেজ থেকে ২০২০ সালে স্নাতক হয় সে। এরপর ২০২২ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর হয়। মেয়ের সাফল্যে খুশি পরিবার পরিজন থেকে পাড়া প্রতিবেশী সকলেই।

ক্রমশ শক্তি বাড়াচ্ছে উইফার নদীর জলস্তর বাড়ার আশঙ্কা

প্রতিবেদন : চায়না ও ভিয়েতনামের বিধ্বংসী ঝড় উইফারের অংশ মিশে ঘূর্ণাবর্ত আরও শক্তিশালী হচ্ছে। আগামী ২৪ ঘণ্টায় তৈরি হবে নিম্নচাপ। নিম্নচাপের কালো মেঘে ঢেকেছে দক্ষিণের আকাশ। বৃহস্পতিবার সকাল থেকেই শুরু হয়েছে ঝিরঝিরে বৃষ্টি, রাতে ভারী বর্ষণ। যদিও গরম কমেনি তার জন্য। অস্বস্তি রয়েছে চরমে। যদিও তাপমাত্রা অনেকটাই নেমেছে। হাওয়া অফিস জানিয়েছে, নিম্নচাপের প্রভাবে বৃহস্পতিবার থেকে সোমবার পর্যন্ত ভারী থেকে অতি-ভারী বৃষ্টি দক্ষিণবঙ্গে। উত্তরবঙ্গে শুক্রবার থেকে রবিবার বিক্ষিপ্ত ভারী বৃষ্টির সম্ভাবনা। উত্তর বঙ্গোপসাগরে দমকা ঝোড়ো বাতাস। রবিবার পর্যন্ত মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধাজ্ঞা। বাড়বে নদীর জলস্তর। নিচু এলাকা নতুন করে প্লাবিত হওয়ার আশঙ্কা। আবহাওয়া দফতরের তরফ থেকে বলা হয়েছে, টানা ভারী বৃষ্টি হবে। যাকে ঝুম বৃষ্টি বলা হচ্ছে। অতি-ভারী বৃষ্টি হতে পারে পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং দক্ষিণ ২৪ পরগনা জেলাতে। বিক্ষিপ্তভাবে দু-এক পশলা ভারী বৃষ্টির পূর্বাভাস পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, নদিয়া এবং মুর্শিদাবাদ জেলাতে। বাকি জেলাতে বজ্রবিদ্যুৎ-সহ হালকা মাঝারি বৃষ্টি কয়েক পশলা।

শুক্রবার অতি-ভারী বৃষ্টির আশঙ্কা পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলাতে। ভারী বৃষ্টির সম্ভাবনা থাকবে দক্ষিণবঙ্গের একাধিক জেলায়। পূর্ব ও পশ্চিম বর্ধমান উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হুগলি, হাওড়া ও কলকাতা জেলাতে ভারী বৃষ্টির আশঙ্কা। সব জেলাতেই বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ-সহ হালকা-মাঝারি বৃষ্টির সঙ্গে হালকা দমকা ঝোড়ো বাতাস বইবে। শুক্রবার থেকে রবিবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা কালিম্পং, জলপাইগুড়ি জেলাতে। উইক-এন্ডেও চলবে ভারী বৃষ্টি। শনিবার দার্জিলিং, কালিম্পং এবং আলিপুরদুয়ার জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা বেশি থাকবে। রবিবার দার্জিলিং ও কালিম্পং জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা বেশি।

আজ, চিড়িয়াখানার পাখি গণনা

প্রতিবেদন : প্রায় ৩৫০ পশুর অবলুপ্তির অভিযোগে আলিপুর চিড়িয়াখানা কর্তৃপক্ষের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টে দায়ের হয়েছে মামলা। শহরের একটি স্বেচ্ছাসেবী সংস্থার দায়ের করা মামলায় বৃহস্পতিবার আদালতে শুনানির কথা থাকলেও তা হয়নি। তবে এদিন আলিপুর চিড়িয়াখানা পরিদর্শনে আসে কেন্দ্রীয় জু অথরিটির তিন সদস্যের প্রতিনিধি দল। চিড়িয়াখানা ঘুরে দেখে বন্যপ্রাণীর হিসেব নেন তাঁরা। কর্তৃপক্ষের সঙ্গে কথা বলেন। সূত্রে জানা গিয়েছে, এদিন স্তন্যপায়ী ও সরীসৃপ প্রাণীদের গণনায় সন্তোষ প্রকাশ করেছে কেন্দ্রীয় প্রতিনিধি দল। আজ, শুক্রবার হবে চিড়িয়াখানার পাখি গণনা।

কাকদ্বীপে খুন তৃণমূলকর্মী তদন্তে পুলিশ

সংবাদদাতা, কাকদ্বীপ : রাতের অন্ধকারে তৃণমূলের সক্রিয় কর্মীকে কুপিয়ে খুন। দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপে তৃণমূল পঞ্চায়েত সদস্যের ভাইপোকে খুনের অভিযোগ। পুলিশ দ্রুত দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়ে তদন্ত শুরু করেছে। কে বা কারা কুপিয়ে খুন করেছে, খতিয়ে দেখছে পুলিশ। বৃহস্পতিবার সকালে কাকদ্বীপের হারউড পয়েন্ট পোস্টাল থানা রামতনুনগর এলাকায় ধানজমিতে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখা যায় এক যুবককে। মৃত রাকিব শেখ (২৭) কাকদ্বীপের মধুসূদনপুর গ্রাম পঞ্চায়েতের সদস্য সালাউদ্দিন শেখের ভাইপো বলে জানা গিয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্ধার করে হারউড পয়েন্ট কোস্টাল থানার পুলিশ। পরিবারের লোক দেহ শনাক্ত করেছে। কে বা কারা কী কারণে খুন করেছে, সেই নিয়ে শুরু হয়েছে তদন্ত।

■ রাকিব শেখ

ভাতা বাড়ল বিএলওদের

প্রতিবেদন : ভোটার তালিকা সংশোধন-পরিমার্জনের সঙ্গে যুক্ত আধিকারিকদের ভাতা বৃদ্ধির কথা ঘোষণা করেছে নির্বাচন কমিশন। এক নির্দেশিকায় বুথ লেভেল অফিসার বা বিএলও-দের ভাতা দ্বিগুণ করার কথা ঘোষণা করা হয়েছে। আগে বিএলওদের বার্ষিক ভাতা ছিল ৬ হাজার টাকা, যা বাড়িয়ে করা হয়েছে ১২ হাজার টাকা। যাঁরা সুপারভাইজার হিসেবে নিযুক্ত হবেন, তাঁরা ৯ হাজার টাকার বদলে এখন থেকে ১৮ হাজার টাকা বার্ষিক ভাতা পাবেন। সেই সঙ্গে স্পেশাল রিভিশন বা কমিশনের নির্দেশিত বিশেষ কোনও কর্মসূচিতে নিযুক্ত বিএলওদের জন্য বরাদ্দ হয়েছে অতিরিক্ত ২ হাজার টাকার বিশেষ ভাতা।

দুর্ঘটনায় মৃত দুই

সংবাদদাতা, কাকদ্বীপ : ভয়াবহ সড়ক দুর্ঘটনায় মৃত দুই ও আহত ১। বৃহস্পতিবার ভোররাতে কাকদ্বীপে হারউড পয়েন্ট কোস্টাল থানার পোল্ট্রির মোড়ের কাছে একটি টোটোকে একটি ৪০৭ ভ্যান পেছন থেকে ধাক্কা মারে। এতেই মৃত্যু হয় ওই দু'জনের।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

আমার বাংলা

25 July, 2025 • Friday • Page 7 || Website - www.jagobangla.in

৭
২৫ জুলাই ২০২৫
শুক্রবার

গোপন সূত্রে খবর পেয়ে কোটি টাকার স্পিরিট বাজেয়াপ্ত করল ডালখোলা আবগারি দফতর। এই ঘটনায় তিনজনকে গ্রেফতার করা হয়েছে

কাজ পরিদর্শন

■ রাজ্য বিধানসভার পুরসভা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির এক প্রতিনিধি দল বৃহস্পতিবার আলিপুরদুয়ার পুরসভা এলাকায় বিভিন্ন কাজ পরিদর্শন করে। বিভিন্ন চলমান উন্নয়নমূলক প্রকল্পের কাজ ও আগে শেষ হয়ে যাওয়া প্রকল্পের কাজও পরিদর্শন করেন ওই তিন সদস্যের দলটি। বৃহস্পতিবারস আলিপুরদুয়ার পুরসভার নোনাই নদীর ধারে নির্মীমমাণ জল প্রকল্পের কাজ ঘুরে দেখেন বিধায়ক তাপস চট্টোপাধ্যায়ের নেতৃত্বে থাকা ওই দল।

নদীতে ডুবে মৃত্যু

■ গরমের ছুটিতে বন্ধুদের সঙ্গে স্নান করতে গিয়ে মর্মান্তিক পরিণতি। কোচবিহারের কারিশালের তোর্সা নদীতে জলে ডুবে মৃত্যু হল এক কিশোর ও এক কিশোরীর। ঘটনার খবর পেয়ে এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালে পৌঁছান কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি অভিজিৎ দে ভৌমিক। তিনি উপস্থিত হয়ে শোকস্তব্ধ পরিবারের পাশে দাঁড়ান এবং স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলেন।

সচেতনতার প্রচার

■ ডেঙ্গি সচেতনতার প্রাচের নামল কালিয়াগঞ্জ পুরসভা। জনস্বাস্থ্য বিভাগের টিম ডেঙ্গু নিয়ন্ত্রণে সচেতনতামূলক প্রচার চালানোর পাশাপাশি শহরে নর্দমা সাফাইয়ের কাজ চালাচ্ছে পুরসভা। জঞ্জাল ও আগাছা পরিষ্কার করা হচ্ছে বিভিন্ন এলাকায়। বর্ষার মরশুমে ডেঙ্গি নিয়ন্ত্রণে সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কালিয়াগঞ্জ পুর এলাকার দোকান, হোটেলে গিয়ে একাধিক বিষয়ে সমীক্ষা চালাচ্ছেন পুরসভার নির্মল সাথীরা। বর্জ্য সঠিক ভাবে সংগ্রহ করতে কী কী প্রয়োজন তার তথ্য নেওয়া হচ্ছে।

দুর্গতদের পাশে

■ দিনহাটা চৌধুরীহাটে আগুনে পুড়ে যাওয়া দোকান মালিক গোডাউন মালিক এবং বাড়ির মালিককে আর্থিক সহায়তা করলেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। বৃহস্পতিবার দিনহাটা চৌধুরীহাট বাজার এলাকায় আগুনে পুড়ে যাওয়া এলাকা পরিদর্শনের পর মন্ত্রী তাদের আর্থিকভাবে সহায়তা করেন এবং সব রকম ভাবে পাশে থাকার আশ্বাস দেন।

দক্ষিণ দিনাজপুরের ১৪ শ্রমিককে আটকে রেখে অত্যাচার

হরিয়ানায় আটক হরিশ্চন্দ্রপুরের ৮ শ্রমিক, ফিরছে রাজ্যের উদ্যোগে

সংবাদদাতা, মালদহ: বাংলা বলার অপরাধে ফের হরিয়ানায় হেনস্থার শিকার বাংলার শ্রমিক। এবার মালদহের হরিশ্চন্দ্রপুরের আট শ্রমিককে থানায় আটকে রেখে হেনস্থা করা হচ্ছে বলে খবর আসে। একইভাবে দক্ষিণ দিনাজপুরের হরিরামপুর, কুশমুন্ডি, গঙ্গারামপুরের ১৪ শ্রমিককে ডিটেনশন ক্যাম্পে আটকে রেখে অত্যাচার চালানো হচ্ছে বলেও অভিযোগ এসেছে। খবর পাওয়ামাত্রই ব্যবস্থা নেয় রাজ্য প্রশাসন। রাজ্যের চাপে পড়ে বুধবার রাতে ওই শ্রমিকদের থানা থেকে ছেড়ে দেওয়া হয়। এই খবর পাওয়ার পরই প্রশাসনকে ধন্যবাদ জানিয়েছেন শ্রমিক পরিবারের সদস্যরা। মালদহের চাঁচল-১ ও চাঁচল-২ ব্লকের অন্তত আটজন পরিযায়ী শ্রমিক গুরুগ্রামের একটি নির্মাণ প্রকল্পে কাজ করছিলেন। তাঁদের মধ্যে চাঁচল-২ ব্লকের চন্দ্রপাড়া পঞ্চায়েত এলাকার সায়েদ আলি ও লালটু হোসেন ছিলেন। অভিযোগ, রবিবার রাতে হঠাৎই গুরুগ্রামের পুলিশ তাঁদের ভাড়াবাড়িতে হানা দেয়। আধার কার্ড-সহ একাধিক পরিচয়পত্র থাকা সত্ত্বেও তাঁদের বাংলা ভাষায় কথা বলার ভিত্তিতে আটক করা হয় বলে দাবি পরিবারের। তাঁদের সঙ্গে থাকা স্ত্রী ও সন্তানদেরও হেনস্থা করা হয়। সায়েদ ও লালটুর স্ত্রীর অভিযোগ, থানায় স্বামীদের সঙ্গে দেখা করতে দেওয়া হয়নি। উলটে পুলিশ হুমকি দিয়েছে, তোমাদেরও জেলে ভরে দেব! কান্নায় ভেঙে পড়েন পরিবারের সদস্যরা। বিষয়টি চাঁচল মহকুমা প্রশাসনকে জানানো হয়। অবশেষে চার দিন পর রাজ্য সরকারের হস্তক্ষেপে আট জন শ্রমিক থানা থেকে মুক্তি পান। চাঁচল-১ ব্লকের মুলাইবাড়ির আনেসুর রহমান, আলম আলি, কিসমতপুরের নাজিমুল হক ও হবিবুর রহমান, শ্রীপতিপুরের নুর আলম এবং বাকিপুরের মুকুল হোসেন-সহ আরও কয়েকজন শ্রমিককেও আটক করা হয় বলে খবর। আনেসুরের জামাই আলমকেও ধরে নিয়ে যাওয়া হয়। এভাবে বাংলাভাষী হওয়ায় তাঁদের বাংলাদেশি সন্দেহে তুলে নিয়ে যাওয়ার অভিযোগ ঘিরে প্রশ্ন উঠছে প্রশাসনিক নিরপেক্ষতা ও মানবাধিকার নিয়ে। বিজেপি শাসিত রাজ্যে একের পর এক পরিযায়ী শ্রমিকের নিগ্রহের ঘটনায় উদ্বেগ ছড়িয়েছে মালদহ জুড়ে।

■ হেনস্থার বিরুদ্ধে ক্ষোভ উগরে দিলেন শ্রমিক পরিবারের সদস্যরা।

নয়া রাস্তা, উপকৃত হবেন ১০ হাজার মানুষ

সংবাদদাতা, জলপাইগুড়ি : মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে রাজ্য জুড়ে চলছে উন্নয়নের কাজ। প্রত্যন্ত এলাকাতেও পৌঁছে গিয়েছে উন্নয়নের আলো। এবার নতন রাস্তা হচ্ছে জলপাইগুড়ির রাজগঞ্জে। বৃহস্পতিবার ওই রাস্তার কাজের শিলান্যাস করেন বিধায়ক খগেশ্বর রায়। তিনি জানিয়েছেন, এই রাস্তা তৈরি হলে উপকৃত হবেন প্রায় ১০ হাজার মানুষ। এবার উত্তরবঙ্গ উন্নয়ন দফতরের আর্থিক সহায়তায় মাঝিয়ালি গ্রাম পঞ্চায়েতের গোলাবাড়ি পালপাড়া মোড় থেকে বারোভিটা মালিপাড়া পর্যন্ত প্রায় ২ কিলোমিটার রাস্তা তৈরি হবে। শুধু যাতায়াত নয়, কৃষিকাজ, চিকিৎসা ও শিক্ষার সুবিধা পৌঁছাতে এই রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এলাকার মানুষের দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটল এই প্রকল্পের সূচনার মধ্য দিয়ে। শিলান্যাস অনুষ্ঠানে বিধায়কের সঙ্গে উপস্থিত ছিলেন রাজগঞ্জ পঞ্চায়েত সমিতির সভাপতি রুপালি দে সরকার-সহ অন্যান্য জনপ্রতিনিধি ও প্রশাসনিক কর্তারা। বিধায়ক খগেশ্বর রায় বলেন, মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশই আমার অনুপ্রেরণা। সাধারণ মানুষের সুবিধার জন্য কাজ করাই আমাদের দায়িত্ব। এই রাস্তাটি দীর্ঘদিনের চাহিদা ছিল, আজ তা পূরণ করতে পেরে আমি আনন্দিত।

■ শিলান্যাসে বিধায়ক খগেশ্বর রায়।

চাঁদিফাটা রোদ, শ্রাবণে শৈলশহর যেন মরুভূমি!

কায়েশ আনসারি ● দার্জিলিং

রুক্ষ আবহাওয়া। প্রচন্ড গরম। সঙ্গে কড়া রোদ। বৃষ্টির বালাই নেই। এমন আবহাওয়ায় অস্থির হয়ে যাচ্ছেন বাসিন্দারা। ভরা শ্রাবণ মাসে শৈলশহর মরুভূমির চেহারা নিয়েছে। জুন মাসেও রেকর্ড গরম ছিল পাহাড়ে। চলছিল পাখা। পাহাড়ের এমন আবহাওয়ার পরিবর্তন ভাবাচ্ছে। কী কারণে গরম বাড়ছে? কেন কমছে বৃষ্টি? এ নিয়ে বিশেষজ্ঞদের কপালেও চিন্তার ভাঁজ। অবাক করার বিষয় হল, দার্জিলিংঙের ঘুমে চাঁদি ফাটা রোদ! ছাতা ছাড়া বাড়ির বাইরে বেরতে পারছেন না বাসিন্দারা। গত কয়েক বছরে এমন গরম পাহাড়ে পড়েনি। মাঝে কয়েকদিন মেঘলা আকাশ, ছিটফোঁটা বৃষ্টি হলেও গত তিনদিন ধরে পাহাড়ের আবহাওয়া অস্বস্তিকর। পাহাড়ের বাসিন্দারা ভয় পাচ্ছেন, এরপর বৃষ্টি হলে ধসের পরিমাণ বাড়বে কি না। ধসপ্রবণ এলাকাগুলির বাসিন্দাদের প্রশাসনের তরফে সতর্ক করা হয়েছে। আপাতত গরম থেকে বাঁচতে বৃষ্টির আশায় চাতকের মতো চেয়ে রয়েছেন পাহাড়ের বাসিন্দারা।

■ বৃষ্টির অপেক্ষায় পাহাড়ের বাসিন্দারা।

ধিক্কার মিছিল

বিজেপির বাংলাবিদ্বেষের তীব্র প্রতিবাদ জানিয়ে পথে নামল দার্জিলিঙ জেলা তৃণমূল যুব কংগ্রেস। শিলিগুড়ির তিনবাত্তি মোড় থেকে এক বিশাল ধিক্কার মিছিলের আয়োজন করা হয়। এই মিছিলে ছিলেন মেয়র গৌতম দেব, যুব সভাপতি জয়ব্রত মুকুটি, শঙ্কর মালাকার প্রমুখ।

পুরনিগমের উদ্যোগ

শিলিগুড়ি শহরে বাংলা ভাষায় সাইনবোর্ড লেখা বাধ্যতামূলক করতে উদ্যোগী হয়েছে শিলিগুড়ি পুরনিগম। এই সিদ্ধান্ত বাস্তবায়নের আগে ব্যবসায়ী ও বিভিন্ন সংগঠনের সঙ্গে আলোচনায় বসল শিলিগুড়ি পুরনিগম। বৃহস্পতিবার দীনবন্ধু মঞ্চের রামকিঙ্কর হলে এই সংক্রান্ত এক সচেতনতা ও আলোচনা সভার আয়োজন করা হয়। এদিনের এই সভায় উপস্থিত ছিলেন শিলিগুড়ির মেয়র গৌতম দেব, চেয়ারম্যান প্রতুল চক্রবর্তী, মেয়র-পরিষদের সদস্যরা সহ পুরনিগমের একাধিক আধিকারিক।

তৎপর প্রশাসন

■ জেলাশাসক অরবিন্দকুমার মিনা

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বপ্নের প্রকল্প আমার পাড়া আমার সমাধান বাস্তবায়িত করতে তৎপরতার সঙ্গে কাজ শুরু করেছে কোচবিহার জেলা প্রশাসন। ইতিমধ্যেই ব্লক ও মহকুমা স্তরের প্রশাসনের আধিকারিকদের সঙ্গে বৈঠক হয়েছে বলে জানিয়েছেন জেলাশাসক অরবিন্দকুমার মিনা। কোচবিহারে তিন হাজারের বেশি এই ধরনের ক্যাম্প হবে। কোচবিহার জেলা প্রশাসন জানিয়েছে প্রতি তিনটি বুথ নিয়ে হবে একটি ক্যাম্প। তবে যে সমস্ত কোচবিহারের প্রত্যন্ত বুথ রয়েছে সেখানে প্রতি বুথে একটি করেই আলাদা ক্যাম্প হবে বলে জানা গিয়েছে।

আমার বাংলা
25 July, 2025 • Friday • Page 8 || Website - www.jagobangla.in
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

বন্ধুর জন্মদিনের পার্টি থেকে ফেরার পথে মৃত্যু

সংবাদদাতা, আসানসোল : বন্ধুর জন্মদিনের পার্টি থেকে বাড়ি ফেরার সময় পথদুর্ঘটনায় মৃত্যু হল এক যুবকের। নাম অভিজিৎ হাঁড়ি।

ঘটনাটি ঘটেছে আসানসোল দক্ষিণ থানার ১৯ নম্বর জাতীয় সড়কের কালিপাহাড়ি এলাকায়। জানা গিয়েছে, বুধবার রাতে জামুরিয়ার শ্রীপুরে একটি রেস্টুরেন্টে বন্ধুর জন্মদিনের পার্টি ছিল। সেই পার্টি থেকে মোটরবাইকে চেপে আসানসোলের ডামরা এলাকায় ফিরছিল তিন মোটরবাইক আরোহী। ফেরার সময় কালিপাহাড়ি মোড়ে একটি গাড়ি ওই মোটরবাইককে ধাক্কা মারে। এই ঘটনায় মোটরবাইকে থাকা তিনজনকে আসানসোল জেলা হাসপাতালে নিয়ে গেলে একজনকে মৃত ঘোষণা করেন চিকিৎসকেরা। আহত দুইজনকে এক বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে। এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে আসে।

মুখ্যমন্ত্রীর সফর ঘিরে বীরভূমে ম্যারাথন বৈঠকে পুলিশ-প্রশাসন

সংবাদদাতা, বোলপুর : মুখ্যমন্ত্রী সফর ঘিরে প্রশাসনিক ব্যস্ততা তুঙ্গে। বৃহস্পতিবার বোলপুরে মন্ত্রী চন্দ্রনাথ সিংহ, পুলিশ সুপার শ্রী আমনদীপ, মহকুমাশাসক অয়ন নাথ ও মুখ্যমন্ত্রী নিরাপত্তা-কর্মীরা ম্যারাথন বৈঠক করলেন মুখ্যমন্ত্রীর সফর নিয়ে। চন্দ্রনাথ জানান, রবিবার বিকেলে মুখ্যমন্ত্রী বীরভূমে আসছেন। সেদিন রাঙাবিতানে বিশ্রাম করবেন। ২৮ তারিখ অর্থাৎ সোমবার গীতাঞ্জলি প্রেক্ষাগৃহে প্রশাসনিক বৈঠকে জেলার উন্নয়নমূলক কাজকর্মের খতিয়ান দেখবেন। প্রশাসনিক বৈঠক শেষে বিরাট পদযাত্রা করবেন দেশ জুড়ে বাঙালিদের উপর অত্যাচারের প্রতিবাদে। ভাষা আন্দোলনের এই পদযাত্রা শুরু হবে টুরিস্ট লজ মোড় থেকে এবং শেষ হবে জামবুনি বাস স্ট্যান্ডে। এই পদযাত্রার কথা তিনি গত একুশে জুলাই মঞ্চ থেকেই ঘোষণা করেছিলেন। দীর্ঘ আড়াই কিলোমিটার পদযাত্রা শেষে বক্তব্য পেশ করবেন মুখ্যমন্ত্রী। মঙ্গলবার অর্থাৎ ২৯ তারিখ ইলামবাজারে প্রশাসনিক সভা। সেখান থেকে সরকারি পরিষেবা প্রদান করবেন। বীরভূম জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, অজয় নদের ওপর বীরভূম-পশ্চিম বর্ধমান যাত্রাপথ সুগম করতে যে ১৩৮ কোটি টাকার সেতু নির্মাণ হয়েছে, তার উদ্বোধন করবেন। পাশাপাশি ডেউচাপাচামিতে প্রস্তাবিত কয়লাশিল্পে জমিদাতা পরিবারদের হাতে গ্রুপ ডি এবং জুনিয়র কনস্টেবল পদের নিয়োগপত্র দেবেন। কৃষকদের দেওয়া হবে চাষের সরঞ্জাম। বৃহস্পতিবার বোলপুর তৃণমূল কার্যালয়ে জরুরি ভিত্তিতে কোর কমিটির বৈঠকের ডাক দেন জেলা তৃণমূল চেয়ারপারসন আশিস বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রীর সফরের আগে এই কোর কমিটির বৈঠক অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেই মনে করছে রাজনৈতিক মহল।

■ মুখ্যমন্ত্রীর পদযাত্রা কোথা দিয়ে কীভাবে যাবে দেখছেন পুলিশ ও প্রশাসনিক কর্তারা।

প্রায় ২০ দিন জলের তলায় ঘাটাল ফের বৃষ্টি হলে দুর্ভোগের আশঙ্কা

সংবাদদাতা, ঘাটাল : প্রায় ২০ দিন ধরে জলমগ্ন ঘাটাল। এখনও ঘাটাল পুর এলাকা-সহ ঘাটাল ব্লকের বেশ কয়েকটি গ্রাম পঞ্চায়েত এলাকা ও দাসপুরের নাড়াজোলের বেশ কিছু এলাকা জলমগ্ন। কোথাও কোথাও হাঁটু সমান ও কোথাও কোমর সমান জল পেরিয়ে চলছে যাতায়াত। গ্রামীণ এলাকাগুলিতে রাস্তাঘাট এখনও জলের তলায়। তার উপরে আজ থেকে আবার বৃষ্টি হওয়ার সম্ভাবনা। বৃষ্টি যদি হয়, নদীতে জল বাড়বে এবং তার জেরে ঘাটালের বন্যাপরিস্থিতির অবনতি হবে মনে আতঙ্কে আছেন ঘাটালবাসী। এই বিষয়ে ঘাটালের মহকুমাশাসক সুমন বিশ্বাস জানিয়েছেন, সমস্ত দিকে নজর রাখছে মহাকুমা প্রশাসন। প্রশাসনের তরফে এখনও জলমগ্ন এলাকায় ত্রাণবিলি করা হচ্ছে, বিতরণ রান্না করা হচ্ছে খাবার, সেই সঙ্গে মেডিক্যাল ক্যাম্পও চালু আছে। আজ, বৃহস্পতিবার থেকে ফের নিম্নচাপের জেরে ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে আবহাওয়া দফতরের। সকাল থেকে আকাশের মুখ ভার। নতুন করে আবার কয়েকদিন ভারী বৃষ্টি হলেই নদীর জলস্তর বাড়ার সঙ্গে সঙ্গে ইতিমধ্যে জলমগ্ন এলাকাগুলিতে জল কমার সময়ে নতুন করে আবার জল বাড়া শুরু হবে আর জলবন্দি হয়ে আরও দিন কাটাতে হবে, এই আশঙ্কা নিয়েই দিন কাটছে ঘাটালবাসীর



■ গ্রামের পথে এভাবেই ডিঙি নৌকায় চলেছে যাতায়াত।

প্রেমিককে বিয়েতে রাজি করাতে নিজের মেয়েকেই খুন করল মা

প্রতিবেদন : প্রেমের প্রেমিক-টানে নিজের সন্তানকেই খুনের অভিযোগ মায়ের বিরুদ্ধে! নদিয়ার পলাশিপাড়া থানার ধাওয়াপাড়া গ্রামের ঘটনা। মায়ের প্রেমের পথে নাকি কাঁটা হয়েছিল দু'বছরের শিশুকন্যা। তাই প্রেমিকের সঙ্গে হাত মিলিয়ে নিজের কন্যাসন্তানকে খুনের অভিযোগ উঠল মায়ের বিরুদ্ধে। ধাওয়াপাড়া গ্রামের রাহুল শেখের আগে তিনটি বিয়ে। তার একাধিক সন্তান আছে। কিন্তু প্রথম ও তৃতীয় স্ত্রী এবং তাদের সন্তানদের বাড়ি থেকে তাড়িয়ে দিয়েছে সে। দ্বিতীয় স্ত্রী ও এক সন্তানকে নিয়ে আপাতত ছিল তার সংসার। সম্প্রতি কাজ করতে গিয়ে তার যোগাযোগ হয় দক্ষিণ ২৪ পরগনার উস্তি থানার উত্তরকুসুম দক্ষিণপাড়ার গৃহবধূ মিনা খাতুনের সঙ্গে। ঘনিষ্ঠতা বাড়ে। তাতেই দিনসাতেক আগে দু'বছরের কন্যাসন্তান লামিয়া খাতুনকে সঙ্গে নিয়ে স্বামীর ঘর ছেড়ে রাহুলের সঙ্গে পলাশিপাড়ায় চলে আসে মিনা। বুধবার সন্ধেয় তারা পরিবার ও প্রতিবেশীদের জানায়, আন্ত্রিক হয়ে তাদের মেয়ের মৃত্যু হয়েছে। পরিবারের সদস্যদের সন্দেহ হওয়ায় পুলিশকে খবর দেন। পুলিশ রাহুল ও মিনাকে আটক করে। পুলিশি জেরায় তারা খুনের কথা স্বীকার করে নেয়। পুলিশ জানিয়েছে, রাহুল মিনাকে শর্ত দিয়েছিল শিশুকন্যাকে খুন করলে তবেই তাকে বিয়ে করবে। স্বামীর কাছে ফিরে যাওয়ার উপায় ছিল না, তাই বাধ্য হয়েই প্রেমিকের শর্ত মেনে কন্যাসন্তানকে শ্বাসরোধ করে খুন করে সে। এরপর ডায়ারিয়ায় মৃত্যু হয়েছে বলে গল্প ফাঁদে।

■ পুলিশ হেফাজতে মীনা ও তার প্রেমিক রাহুল।

জলবন্দি গ্রামের মানুষকে নৌকায় রান্না-করা খাবার পৌঁছে দিচ্ছে পুলিশ

মৌসুমী হাইত • মেদিনীপুর

সিভিক পুলিশের ফোনটা এল দাসপুর থানার ওসি অঞ্জনি তিওয়ারির কাছে, 'স্যর, রামদেবপুরের এক জায়গায় দুটি পরিবারের জন্য খাবার পাঠাতে হবে!' নাড়াজোলের কমিউনিটি কিচেন থেকে রামদেবপুরের দূরত্ব অন্তত তিন কিলোমিটার। তবু দেরি করেননি ওসি। কারণ, জেলা পুলিশ সুপার ধৃতিমান সরকারের নির্দেশ স্পষ্ট, বন্যার সময় জলবন্দি মানুষকে অনাহারে যেন না থাকতে হয়।

দাসপুর-১ ব্লকের রামদেবপুর গ্রামের একপ্রান্তে বসবাস ঝড়ু জানা ও অদিতি জানার পরিবারের। টানা বন্যায় রসদ শেষ। অগত্যা সাঁতার কেটে বাজার করতে গিয়ে জলে ডুবে মৃত্যু হয় ঝড়ুর। তারপর ভয়ে আর কেউ বাড়ি থেকে বের হননি। বছর দেড়েকের সন্তান নিয়ে অদিতির দুশ্চিন্তা নিজে কী খাবেন, সন্তানকে কী খাওয়াবেন। খবর পেয়েই প্রতিদিন দু'বেলা রান্না করা খাবার দু'টি পরিবারের জন্য পাঠিয়ে দিচ্ছে পুলিশ। সঙ্গে বাচ্চার গুঁড়ো দুধ, চকোলেট, বিস্কুট ইত্যাদি। অদিতি বলেন, 'কবে যে জল নামবে বুঝতে পারছি না। নিজে কী খাব, ছেলেকে কী খাওয়াব ভেবে যখন কূল পাচ্ছিলাম না তখনই দেবদূত হয়ে এল পুলিশ। প্রতিদিন খাবার দিয়ে যাচ্ছে। কী বলে ধন্যবাদ দেব ভেবে পাচ্ছি না।'

শুধু দাসপুরের রামদেবপুর নয়। ঘাটাল, দাসপুর ও চন্দ্রকোনা— এই তিন থানা মিলিয়ে ১১টি কমিউনিটি কিচেন চালাচ্ছে পুলিশ। জলবন্দি এলাকার মানুষ খাবার নিয়ে যাচ্ছেন। আবার যে সমস্ত দুর্গম এলাকা থেকে মানুষ বেরোতে পারছেন না, সেখানে নৌকায় করে রান্না করা খাবার দু'বেলা পৌঁছে দিচ্ছে পুলিশ। সঙ্গে দেওয়া হচ্ছে একটি করে প্যাকেট। যাতে রয়েছে চাল, আলু, ডাল, তেল, সয়াবিন, হলুদ গুঁড়ো, চিঁড়ে, গুড়, বিস্কুট, গুঁড়ো দুধ ইত্যাদি রয়েছে।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

দুর্গাপুরের গান্ধী মোড় থেকে ভিড়িঙ্গি মোড় যাওয়ার পথে ১৯ নম্বর জাতীয় সড়কে ট্রাকের পিছনে ডাম্পারের ধাক্কায় মৃত্যু হল একটি গবাদি পশুর। এর জেরে যান চলাচল ব্যাহত হলে ট্রাফিক গার্ড ও পুলিশ মিলে স্বাভাবিক করে চলাচল

আমার বাংলা

25 July, 2025 • Friday • Page 9 || Website - www.jagobangla.in

৯
২৫ জুলাই ২০২৫
শুক্রবার

স্বাস্থ্যসচিবের নির্দেশে খসড়া প্রস্তাব পেশ জেলা স্বাস্থ্য দফতরের

২৫ কোটিতে ঢেলে সাজবে হাসপাতাল

সংবাদদাতা, দিঘা : জগন্নাথধাম উদ্বোধনের পর থেকে কার্যত জনসমুদ্রে পরিণত হয়েছে গোটা দিঘা। এর ফলে রোগীর চাপও বাড়ছে দিঘা রাজ্য সাধারণ হাসপাতালে। বর্তমানে আগের তুলনায় রোগীর সংখ্যা প্রায় দ্বিগুণ। তাই দিঘা রাজ্য সাধারণ হাসপাতালের উন্নয়নে এবার ২৫ কোটি টাকার খসড়া প্রকল্পের প্রস্তাব পাঠানো হল স্বাস্থ্যভবনে। বুধবার নন্দীগ্রাম স্বাস্থ্য জেলার তরফে স্বাস্থ্যভবনে এই বিশেষ প্রকল্প রিপোর্ট (ডিপিআর) পাঠানো হয়। বর্তমানে দিঘা রাজ্য সাধারণ হাসপাতালে মোট ৬৪টি শয্যার পরিষেবা বহাল। কিন্তু জগন্নাথধাম উদ্বোধনের পর থেকেই রোগীর চাপ বাড়ায় জেলা স্বাস্থ্য বিভাগের এই প্রস্তাবে আরও ৫০টি শয্যা বাড়ানোর কথা উল্লেখ করা হয়েছে। এছাড়াও ৬ শয্যার ক্রিটিক্যাল কেয়ার ইউনিট এবং ভিআইপি কেবিনের কথাও উল্লেখ রয়েছে প্রস্তাবে। এছাড়াও প্রতিনিয়ত দিঘা হাসপাতালে দুর্ঘটনাগ্রস্ত রোগীর আনাগোনা

লেগেই থাকে। তাঁদের যাতে অন্য হাসপাতালে স্থানান্তর না করে এখানেই চিকিৎসা করা যায় সেজন্য একটি ট্রমা কেয়ার ইউনিট চালুরও পরিকল্পনা নেওয়া হয়েছে। এই সমস্ত পরিকাঠামো চালু করতে হাসপাতালের পুরনো ভবনের সঙ্গে সংযুক্ত করে আরও একটি নতুন ভবন তৈরির কথা উল্লেখ করা হয়েছে ডিআরপিতে। জেলা স্বাস্থ্য দফতর সূত্রে খবর, দিঘায় আগের তুলনায় যেহেতু পর্যটকদের আনাগোনা বাড়ছে সেই হিসেবে রোগীর চাপও আগের তুলনায় বেড়েছে। গত জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত হাসপাতালের জরুরি এবং অন্তর্বিভাগে রোগীর সংখ্যা ছিল যথাক্রমে ৫৪৭৩ ও ১৮৯৬। জগন্নাথধাম উদ্বোধনের পর এই সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭৪৮৮ ও ২৩৫০-এ। এই পরিস্থিতিতে দিঘা রাজ্য সাধারণ হাসপাতালের পরিকাঠামোগত উন্নয়ন অত্যন্ত প্রয়োজনীয় বলে মনে করছে জেলা স্বাস্থ্য দফতর। সম্প্রতি রাজ্যের স্বাস্থ্যসচিব নারায়ণস্বরূপ নিগমের থেকে একটি চিঠি আসে নন্দীগ্রাম স্বাস্থ্য জেলায়। সেই চিঠির নির্দেশমতো দিঘা রাজ্য সাধারণ হাসপাতালের পরিকাঠামো উন্নয়নের জন্য বিস্তারিত রিপোর্ট তৈরি করে জেলা গণপূর্ত বিভাগের পূর্ত ও বিদ্যুৎ শাখা। যা দ্রুত কার্যকরী হবে বলে আশাপ্রকাশ করেছেন পূর্ব মেদিনীপুরের জেলাশাসক পূর্ণেন্দু মাজি। তিনি বলেন, এই প্রকল্প দ্রুত কার্যকরী হবে এবং তাতে দিঘার পর্যটকদের পাশাপাশি স্থানীয় মানুষদের জন্য উন্নত স্বাস্থ্য পরিষেবা নিশ্চিত হবে। বর্তমানে প্রতিনিয়ত দিঘায় পর্যটকদের ঢল চোখে পড়ার মতো। সেই সঙ্গে হাসপাতালেও যেভাবে রোগীর চাপ বাড়ছে তাতে পরিকাঠামগত উন্নয়ন যথেষ্ট প্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। এই উন্নয়ন হলে পর্যটন শিল্পেও বিকাশ ঘটবে। নন্দীগ্রাম স্বাস্থ্য জেলার মুখ্য আধিকারিক অসিত দেওয়ান জানান, স্বাস্থ্য দফতরের নির্দেশ মেনেই প্রকল্পের খসড়া পরিকল্পনা তৈরি করে পাঠানো হয়েছে রাজ্যে।

কৃষি সমবায়ে শূন্য রাম-বাম বড় জয় তৃণমূলের

জয়ের পর শংসাপত্র হাতে আবির খেলে উল্লাস তৃণমূল প্রার্থীদের।

সংবাদদাতা, ভগবানপুর : পূর্ব মেদিনীপুরের ভগবানপুর ২ ব্লকের মধুসূদন চক সমবায় কৃষি উন্নয়ন সমিতির পরিচালক মণ্ডলীর নির্বাচনে খাতাই খুলতে পারল না বিজেপি এবং সিপিএম। সব ক'টি আসলেই বিপুল ভোটে জয়ী হলেন তৃণমূল প্রার্থীরা। এই সমবায়ের মোট আসন ৯টি। বৃহস্পতিবার সবকটি আসলেই নির্বাচন হয়। বছরখানেক আগে এই সমবায়ের মেয়াদ শেষ হওয়ার পর কয়েক মাস আগে নির্বাচন ঘোষণা হতেই তৃণমূলের বিরুদ্ধে মাঠে নেমে পড়ে বিজেপি-সিপিএম। তবে তৃণমূলের তরফে সব ক'টি আসনে প্রার্থী দেওয়া হলেও বিজেপি ৮টি এবং সিপিএম ৩টি আসনে প্রার্থী দেয়। এই সমবায়টি আগেও তৃণমূলের হাতেই ছিল। যে গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত এই সমবায় সেই গড়বাড়ি ১ গ্রাম পঞ্চায়েতও তৃণমূলের হাতে। এবার সমবায়ে বিপুল জয়ে বাড়তি অক্সিজেন পেলেন এলাকার তৃণমূল নেতা-কর্মীরা। এদিন বিকেলে নির্বাচনের ফল প্রকাশ হতেই সবুজ আবির খেলে মিষ্টিমুখে মেতে উঠেন তৃণমূলের স্থানীয় নেতা-কর্মীরা। জয়ী প্রার্থীদের অভিনন্দন জানান জেলা পরিষদের কর্মাধ্যক্ষ মানব পড়ুয়া, ভগবানপুর ২ ব্লক তৃণমূল সভাপতি অম্বিকেশ মান্না-সহ অন্যরা।

ভগবানপুর

বাঁকুড়ায় বজ্রপাতে মৃত ৮, আহত ২

সংবাদদাতা, বাঁকুড়া : পৃথক পৃথক বজ্রপাতের ঘটনায় বাঁকুড়া জেলায় মৃত্যু হল ৬ জনের। আহত ২ জন। বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির পূর্বাভাস ছিল আবহাওয়া দফতরের। সেই মোতাবেক বৃহস্পতিবার দুপুরের পর বাঁকুড়া জেলাজুড়ে আকাশ ছেয়ে যায় ঘন কালো মেঘে। প্রবল বৃষ্টিতে ওন্দায় ৪ জন ও কোতুলপুর, ইন্দাস, পাত্রসায়ের ও জয়পুর থানা এলাকায় পৃথক পৃথক বজ্রপাতের ঘটনায় ১ জন করে মোট ৮ জনের মৃত্যু ও দুজন আহত হন বলে জানিয়েছেন এসপি বৈভব তিওয়ারি। ধান রোপণ করছিলেন কোতুলপুর থানার খিরি গ্রামের বাসিন্দা জিয়াউল হক মোল্লা ও আসপিয়া মোল্লা। বজ্রপাতে দুজনেই লুটিয়ে পড়েন। অন্যরা দুজনকে গোগড়া গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা জিয়াউল হক মোল্লাকে মৃত ঘোষণা করেন। আসপিয়া মোল্লাকে ভর্তি করা হয় হাসপাতালে। বজ্রপাতে বাঁকুড়ার পাত্রসায়ের উদয়পল্লি স্কুল সংলগ্ন এলাকায় গুরুতর জখম হন জীবন ঘোষ। আহত যুবককে প্রথমে ব্লক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। সেখান থেকে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করেন। ওন্দাতেও এদিন বাজ পড়ে মৃত্যু হয় নারায়ণ সাওয়ারের। বৃহস্পতিবার দুপুরের বজ্রপাতে একজনের মৃত্যু ও একজন আহত হন ইন্দাস থানার বাঙালচক এলাকায়। পুলিশ জানায়, মৃতের নাম শেখ ইসমাইল। আহত হন বুলটি বাগদী। জয়পুর থানার খড়িকাশুলি গ্রামে বজ্রপাতে মৃত্যু হয় উত্তম ভুঁইয়ার। সব মিলিয়ে বজ্রপাতের ঘটনায় জেলায় মোট মৃতের সংখ্যা দাঁড়ায় ৮, আহত হয়েছেন দুজন।

বর্ধমান-বাঁকুড়ায় চলল প্রবল বৃষ্টিপাত
২ জেলায় বাজ পড়ে মৃত ১৩, আহত ৭

বর্ধমানে মৃত্যু ৫ জনের, আহত পাঁচ

সংবাদদাতা, বর্ধমান : পৃথক ঘটনায় বৃহস্পতিবার বজ্রাঘাতে পূর্ব বর্ধমানে মৃত্যু হল ৫ জনের, জখম ৪ জন। ভাতারের ভূমশোড়, মাধবডিহির আলমপুর, আউসগ্রামের দেয়াশা, মঙ্গলকোটের চানক ও রায়নার তেঁন্দুল গ্রামে বজ্রপাতের ঘটনা ঘটে। পুলিশ সূত্রে জানা যায়, বৃহস্পতিবার সকালে মাধবডিহির বাসিন্দা সনাতন পাত্র (৬০) আলমপুরের মাঠে চাষের কাজ করতে গিয়ে বজ্রাঘাতে জখম হলে মাধবডিহি থানার পুলিশ তাঁকে আলমপুর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। অন্যদিকে রাধামাধবপুর আদিবাসী পাড়ায় মামার বাড়ির জমিতে কাজ করার সময় বজ্রাঘাতে মৃত্যু হয় আউসগ্রামের ভেদিয়ার বাসিন্দা রবীন টুডুর (২৫)। গুসকরা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। এছাড়াও রায়না থানার অভিজিৎ সাঁতরা (২৬) নিজের জমিতে কাজ করার সময় বজ্রাহত হন। উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন। অন্যদিকে, জমিতে চাষ করার সময় মঙ্গলকোটের চানক গ্রামের বাসিন্দা বুড়ো মাড্ডি (৬৬) বজ্রাহত হন। তাঁকেও হাসপাতালে নিয়ে যাওয়া হলে মৃত ঘোষণা করেন চিকিৎসক। অপর ঘটনায়, মাধবডিহি থানার শেরপুরে জমিতে চাষ করার সময় বজ্রাঘাতে মৃত্যু হয় খন্ডঘোষের মুইধারা গ্রামের বাসিন্দা পরিমল দাসের (৩২)। আরামবাগ মহকুমা হাসপাতালের চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। এদিন ভাতারের ভূমশোড়ে শেখ নাসির তাঁর দুই ছেলে শেখ ইব্রাহিম ও শেখ হাসিবকে নিয়ে ধান রোয়ার কাজ করতে গেলে তিনজনেই বজ্রাঘাতে আহত হন।

ঝাড়গ্রাম পুলিশের প্রত্যর্পণ ২৬০ ফোন

সংবাদদাতা, ঝাড়গ্রাম: প্রত্যর্পণ কর্মসূচির মাধ্যমে ঝাড়গ্রাম জেলা পুলিশ ২৬০ জনের হাতে হারিয়ে যাওয়া মোবাইল ফোন উদ্ধার করে ফিরিয়ে দিল। জেলা পুলিশ লাইনে বৃহস্পতিবার। আনুমানিক মূল্য ৩৫ লক্ষ ৭২ হাজার টাকা। ২০১৯-এ চালু এই কর্মসূচিতে ২০২৫-এর ২৪ জুলাই পর্যন্ত মোট ৪২২৫টি মোবাইল ঝাড়গ্রাম জেলা পুলিশ উদ্ধার করে। আগামীতেও এই কর্মসূচি চলবে বলে জানান অতিরিক্ত পুলিশ সুপার (সদর) সৈয়দ মোহম্মদ মামদুল্লা হাসান। এদিনের প্রত্যর্পণ কর্মসূচিতে ছিলেন ডিএসপি ডিঅ্যান্ডটি সব্যসাচী ঘোষ, এসওজি সেলের ওসি-সহ অন্যান্য পুলিশ কর্তা।

মুখ্যমন্ত্রীর স্বপ্নের বাংলার বাড়ি প্রকল্পে নজির গড়ে শীর্ষে নদিয়া

অর্ক দাস • নদিয়া

নদিয়ার উন্নয়নের পালকে আরও একটি মুকুট জুড়তে চলেছে। মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রকল্প বাংলার বাড়ির কাজে রাজ্যে শীর্ষস্থান থেকে নদিয়া জেলা অনন্য নজির সৃষ্টি করেছে। ইতিমধ্যে ৬২ শতাংশ কাজ পূর্ণ করে দ্বিতীয়, তৃতীয় বা চতুর্থ স্থানাধিকারের চেয়ে অনেকটাই এগিয়ে নদিয়া জেলা। বাংলার বাড়ি প্রকল্পে দ্বিতীয় স্থানে থাকা পূর্ব মেদিনীপুর ২৪ শতাংশ, তৃতীয় মুর্শিদাবাদ মাত্র ৮ শতাংশ কাজ সম্পন্ন করতে পেরেছে । সে ক্ষেত্রে ৬২ শতাংশে পৌঁছে গিয়ে ১০০ শতাংশ কাজ সম্পন্ন করতে বেশি সময় লাগাবে না নদিয়ার, বলাই বাহুল্য। জানা গিয়েছে, আগামী কয়েক মাসের মধ্যেই দ্বিতীয় দফার টাকা দেওয়ার প্রক্রিয়া শুরু হবে বাংলার বাড়ি প্রকল্পে। নদিয়ার বাংলার বাড়ি

সম্পূর্ণ নির্মিত এক বাংলার বাড়ির সামনে উপভোক্তা।

প্রকল্পে প্রথম কিস্তির টাকা দেওয়া হয়েছিল ৪৬,৩৭৬ জন উপভোক্তাকে। গত বছর ডিসেম্বরে এই টাকা দেওয়া হয়েছিল। ২০২৫-এর মে মাসে দ্বিতীয় কিস্তির টাকা পেয়ে গিয়েছেন ৪৫,৮৯৮ জন উপভোক্তা। পরবর্তী কাজে গতি আনার জন্য জেলা প্রশাসনের তরফে 'বাড়ি সম্পূর্ণকরণ সপ্তাহ' নামে একটি কর্মসূচি নেওয়া হয়। তাতে বাড়ি বাড়ি গিয়ে জেলা প্রশাসন উপভোক্তারা তাঁদের বাড়ি তৈরির কাজ কতটা সম্পন্ন করতে পেরেছেন সেই বিষয়ে বিস্তারিত তথ্য তুলে আনে। দেখা যায় জেলায় ২৮,৭৮৭ জন উপভোক্তা বাড়ির কাজ ও কিস্তির টাকা পাওয়া ৬২ শতাংশ উপভোক্তা কাজ শেষ করেছেন। এতে খুশি প্রশাসনিক আধিকারিকেরা। নদিয়ার জেলাশাসক এস অরুণ প্রসাদ জানান, বাংলার বাড়ি প্রকল্পের কাজে আমরা শুরু থেকেই জোর দিয়েছিলাম বাড়ি তৈরির কাজকে ত্বরান্বিত করতে। এ ক্ষেত্রে জেলা প্রশাসনের তরফে পঞ্চায়েতগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে সপ্তাহে সপ্তাহে বাংলার বাড়ির কাজের অগ্রগতির আপডেট নিয়ে তারা জেলা প্রশাসনকে বিস্তারিত তথ্য জানাবে।

আমার বাংলা
25 July, 2025 • Friday • Page 10 || Website - www.jagobangla.in
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

গানের রানি এখন সরস্বতীর বরকন্যা

সংবাদদাতা, কাটোয়া : সরস্বতীর বরকন্যা। কাটোয়া শহরের পালিটা রোডের বাসিন্দা নীলুফা ইয়াসমিনকে এখন এই নামেই ডাকছে শহরের সারস্বত সমাজ। গানের রানি হিসেবে একসময় শহরে খ্যাতি জুটেছিল। এবার প্রমাণ হল, লেখাপড়াতেও কম যান না নীলুফা। ইউজিসির নেট পরীক্ষায় বাংলা বিষয়ে ১০০ পার্সেন্টাইল পেয়ে ভারতসেরার শিরোপা পেল একদা গানের রানি নীলুফা। খবর ছড়াতে শহর জুড়ে খুশির উচ্ছ্বাস। এই ফলাফলের ভিত্তিতে জেআরএফ-এর সুবিধে পাবে নীলুফা। অধ্যাপনাকে পেশা হিসেবে বেছে নিতে চায় এই মুহূর্তে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের পিএইচডির ছাত্রী নীলুফা। হাল না ছাড়া মানসিকতাই নীলুফার সম্বল। সেটাকে পুঁজি করেই মিলল এই সাফল্য। আগে দুবার এই পরীক্ষা দিয়েছিল। ফল আশানুরূপ হয়নি। তাই ভুল শুধরে ফাঁকফোকর ভরাট করে প্রস্তুতি নিয়েছিল বলে জানাল নীলুফা। পঞ্চম শ্রেণি পর্যন্ত বেসরকারি স্কুলে লেখাপড়া। তারপর থেকে সরকারি শিক্ষাপ্রতিষ্ঠান। ২০২০ সালে কাটোয়া কলেজ থেকে বাংলায় অনার্স করে বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন। নীলুফা জানাল, এই সাফল্যের পিছনে বাবা-মায়ের কৃতিত্ব অনেকখানি। বাবা মোল্লা মহম্মদ বিল্লাল, মা রওশনারা খাতুন দুজনেই শিক্ষকতা করেন। তাঁরা বললেন, 'নীলুফা সাঙ্ঘাতিক পরিশ্রম করেছে। তার ফল পেয়েছে। ও আজ শুধু কাটোয়ার নয়, গোটা বাংলার গর্ব।'

■ নিলুফা ইয়াসমিন।

পরিযায়ী বাঙালির পাশে দাঁড়ালেন তৃণমূল নেতা

সংবাদদাতা, মালদহ : ভিনরাজ্যে কাজ করতে গিয়ে বাংলা ভাষায় কথা বলার অপরাধে বাংলার পরিযায়ী শ্রমিকদের উপর বাংলাদেশি সন্দেহে বিজেপি রাজ্যগুলোয় অত্যাচার চলছেই। এই ঘটনার বিরুদ্ধে গর্জে উঠলেন তৃণমূল নেতা বুলবুল খান। পরিযায়ী শ্রমিকদের পাশে দাঁড়াতে নিজে উদ্যোগী হয়ে তৈরি করলেন ভিজিটিং কার্ড, যাতে রয়েছে বুলবুলের দুটি ফোন নম্বর। সেই সঙ্গে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবি এবং একটি বার্তা। সেই বার্তায় বুলবুল স্পষ্ট লিখেছেন, 'ভিন রাজ্যে যদি কোনও বাংলার পরিযায়ী শ্রমিক সমস্যায় পড়েন, বাংলাদেশি সন্দেহে হেনস্থার শিকার হন, তাহলে যেন অবিলম্বে কার্ডে দেওয়া দুটি নম্বরে ফোন করে সমস্যার কথা জানান।' বুলবুল জানিয়েছেন, কেউ সমস্যায় পড়লে তিনি নিজে জেলা প্রশাসন ও রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করবেন এবং যতটা সম্ভব দ্রুত সেই শ্রমিককে রাজ্যে ফেরানোর ব্যবস্থা করবেন। বলেন, 'বাংলার শ্রমিকদের বারবার বাংলাদেশি বলে হেনস্থা করা এক পরিকল্পিত অপমান। আমি এর বিরুদ্ধে লড়াই চালিয়ে যাব। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সবসময় গরিব, পরিশ্রমী মানুষের পাশে আছেন। এই কার্ডের মাধ্যমে আমরা পরিযায়ীদের জানাতে চাই, আপনারা একা নন, গোটা বাংলা আপনাদের পাশে আছে।

■ নিজের ফোন নম্বর দেওয়া কার্ড বিলি করছেন তৃণমূল নেতা বুলবুল শেখ।

অবিবাহিত সার্টিফিকেট ইস্যু করে বিতর্কে সিপিএম প্রধান

সংবাদদাতা, জলপাইগুড়ি : ধূপগুড়ি মহাকুমার সাকোয়াঝোড়া ২ নম্বর গ্রাম পঞ্চায়েতে ফের বিতর্কে বাম নেতৃত্ব। পঞ্চায়েত প্রধান তথা সিপিএম নেতা প্রফুল্লচন্দ্র রায়ের বিরুদ্ধে গুরুতর অভিযোগ তুলে সরব তৃণমূল। এক বিবাহিত মহিলা পঞ্চায়েত থেকে 'অবিবাহিত' সার্টিফিকেট নিতে গেলে, তৃণমূলের ১৫/২১১ নম্বর বুথের নির্বাচিত পঞ্চায়েত সদস্যা শাহনাজ পারভিন রাজি হন না। তিনি ওই মহিলাকে জানান, এমন কাজ আইনত দণ্ডনীয় ও অনৈতিক। অভিযোগ, এরপর ওই মহিলা সরাসরি যোগাযোগ করেন পঞ্চায়েত প্রধান প্রফুল্ল রায়ের সঙ্গে এবং টাকার বিনিময়ে ওই অবৈধ সার্টিফিকেট পান। খবর ছড়িয়ে পড়তেই ক্ষোভে সাকোয়াঝোড়া গ্রাম পঞ্চায়েত অফিসে বিক্ষোভ দেখানো হয় পঞ্চায়েত সমিতির সভাপতি ও নেত্রী অর্চনা সূত্রধরের নেতৃত্বে।

নেট পরীক্ষায় দেশের সেরা

(প্রথম পাতার পর)

বিষয়ে সারা ভারতে দ্বিতীয় স্থান অধিকার করেছেন কলকাতার রিক্তা চক্রবর্তী। দুজনকেই এক্স হ্যান্ডেলে শুভেচ্ছা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

মুখ্যমন্ত্রী লেখেন, ইউজিসি নেটে বাংলায় ১০০ শতাংশ নম্বর পেয়ে ভারতে প্রথম স্থান অধিকারী কাটোয়ার নীলুফা ইয়াসমিনকে অভিনন্দন। গণযোগাযোগ ও সাংবাদিকতায় ভারতে দ্বিতীয় স্থান অধিকার করার জন্য কলকাতার রিক্তা চক্রবর্তীকেও অভিনন্দন জানাই। তোমাদের সাফল্য আমাদের রাজ্যকে গর্বিত করেছে।

পূর্ব বর্ধমান জেলার কাটোয়ার নীলুফা ইয়াসমিন জানায়, আমি এই পরীক্ষায় আগেও দু'বার বসেছি, কিন্তু আশানুরূপ ফল পাইনি। তবে ব্যর্থতা এলেও, আমি সাফল্যের জন্য এটাকেই বিশেষ গুরুত্ব দিয়েছি, থেমে যাইনি। নিজের ভুলগুলো বিশ্লেষণ করে আমি পরীক্ষায় বসি, এরপর আমার সাফল্য আছে আমি শীর্ষস্থান অর্জন করি। এই ফল প্রকাশের পর বিশ্বাস করতে পারেননি, তার পর অনলাইনে দেখতে পাই বাংলা বিষয়ে একশোর মধ্যে ১০০ পেয়েছি, দুবারের চেষ্টায় এই সাফল্য— ভাবতে পারি না। আমি খুব খুশি পরিবারের সকলেই খুব খুশি।

রিক্তা চক্রবর্তী প্রথমেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানান। তিনি বলেন, এত ব্যস্ততার মধ্যেও মুখ্যমন্ত্রী যে আমাদের শুভেচ্ছা জানিয়েছেন তার জন্য আমি কৃতজ্ঞ। রিক্তা জানায়, সে এর আগেও বেশ কয়েকবার পরীক্ষায় বসেছে তবে এইবারে সফলতা এসেছে। সে ডিজিটাল মিডিয়ায় সাংবাদিকতা করতে চায়। তবে তার সঙ্গে সঙ্গে চালিয়ে যেতে চায় গবেষণার কাজও। মেয়ের সাফল্যে খুশি পরিবার-পরিজন থেকে পাড়া-প্রতিবেশী সকলেই।

পরিযায়ী শ্রমিকের মৃতদেহ আনতে গিয়ে দুর্ঘটনায় প্রাণ গেল দুজনের

সংবাদদাতা, নদিয়া : তিনি নদিয়ার বাথনা এলাকার বাসিন্দা। পুনেতে একটি হোটেলে কর্মরত ছিলেন। হঠাৎ অসুস্থ হওয়ায় তাঁকে হাসপাতালে ভর্তি করলে সেখানেই মৃত্যু হয় নদিয়ার শান্তিপুর থানার বেলঘরিয়া ২ গ্রাম পঞ্চায়েতের ঘোড়ালিয়া খাপড়াডাঙার বাসিন্দা কানাই বিশ্বাসের (৪২)। খবর শান্তিপুরে পরিবারের কাছে পৌঁছতেই বাড়ি থেকে উদ্যোগ নেওয়া হয় মৃতদেহ অ্যাম্বুল্যান্সে করে বাড়িতে নিয়ে আসার। সেই মতোই কানাইয়ের দেহ অ্যাম্বুল্যান্সে করে আনা হচ্ছিল। তবে দুর্ভাগ্যজনকভাবে নাগপুরের কাছে সেই অ্যাম্বুল্যান্স দুর্ঘটনার কবলে পড়ে। তাতে মৃত্যু হয় অ্যাম্বুল্যান্স চালক ও মৃত কানাই বিশ্বাসের আত্মীয় পঙ্কজ বিশ্বাসের (৪৫)। অ্যাম্বুল্যান্সে ছিলেন কানাইয়ের ছেলে এবং আরেক চালক। তাঁরা অল্পের জন্য প্রাণে বেঁচে যান। জানা গিয়েছে, অ্যাম্বুল্যান্সটি পুনে থেকে ভাড়া করে শান্তিপুরে আনা হচ্ছিল। একদিকে পরিযায়ী শ্রমিকের মৃত্যু, অন্যদিকে তাঁর মৃতদেহ আনতে গিয়ে আরও দুজনের প্রাণহানি, এই ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। বৃহস্পতিবার কানাই বিশ্বাসের দেহ শান্তিপুরে পৌঁছবে বলে পরিবার সূত্রে জানা গিয়েছে।

■ দুর্ঘটনাগ্রস্ত অ্যাম্বুল্যান্স। ইনসেটে, কার্তিক বিশ্বাস।

ট্রেন থেকে চুরি বিধায়কের ফোন

সংবাদদাতা, জলপাইগুড়ি ও শিলিগুড়ি : প্রথম শ্রেণির কামরা থেকে চুরি হল রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায়ের দুটি মোবাইল ফোন। ট্রেনের পরিষেবা, নিরাপত্তা যে

তলানিতে তা আবার প্রমাণিত। তীব্র ক্ষোভ উগরে খগেশ্বরের প্রশ্ন, সাধারণ যাত্রীদের নিরাপত্তা তাহলে কোথায়? নিরাপত্তারক্ষী থাকার পরেও চুরি হয় কী করে! তাহলে কি রেলের ভিতরে কোনও চক্র রয়েছে? মালদহের পাকুড় স্টেশনের কাছে নিজের সিটে মোবাইল দুটি রেখে শৌচাগারে যান বিধায়ক। ফিরে এসে দেখেন, নেই। অর্থাৎ রেলের প্রথম শ্রেণির কামরাতেও হচ্ছে চুরি! এনজেপি স্টেশনে নেমেই তিনি জিআরপি-তে লিখিত অভিযোগ দায়ের করেন।

মহানায়ক সম্মান মঞ্চেও

(প্রথম পাতার পর)

এদিন ছয় গুণী শিল্পীকে সম্মান জানানো হয়। পরিচালক গৌতম ঘোষকে মহানায়ক শ্রেষ্ঠ সম্মান প্রদান করা হয়। এ ছাড়াও অভিনেত্রী গার্গী রায়চৌধুরী, সঙ্গীত শিল্পী ইমন চক্রবর্তী, রূপঙ্কর বাগচী, মেকআপ আর্টিস্ট সোমনাথ কুন্ডু এবং প্রোডাকশন ডিজাইনার আনন্দ আড্যিকে মহানায়ক সম্মান প্রদান করা হয়। মুখ্যমন্ত্রী বাংলা ভাষা এবং বাংলা গানকে আরও বেশি করে এগিয়ে নিয়ে যাওয়ার কথা বলেন। টলিউডে বাংলা গানের ব্যবহার আরও বেশি করে হওয়া উচিত। এখানে তো সংগীত তৈরি করার লোক কম নেই। এখন যাঁরা গান করেন তাঁরাই শুধু গান— এখনকার নতুন ট্রেন্ড এটা। অন্য ভাষাকে অসম্মান করার কথা বলছি না। কিন্তু ডাবিং করতে গিয়ে আমরা যেন অরিজিনালকে হারিয়ে না ফেলি। আমরা সব ভাষা নিয়ে গর্ব করি দেশকে নিয়ে গর্ব করি সেই সঙ্গে আমার বাংলা ভাষাকে নিয়েও গর্ব করি। বাংলা সিরিয়ালেও আরও বেশি করে বাংলা গানের ব্যবহার হোক। এদিনের অনুষ্ঠানে মন্ত্রী অরূপ বিশ্বাস, ফেডারেশনের সভাপতি স্বরূপ বিশ্বাস, ফিরহাদ হাকিম, মন্ত্রী ইন্দ্রনীল সেন, চন্দ্রিমা ভট্টাচার্য-সহ একাধিক মন্ত্রী, রাজ্য সরকারের আধিকারিক এবং টালিগঞ্জের অভিনেতা-অভিনেত্রী ও সমস্ত কলাকুশলী উপস্থিত ছিলেন।

রাতে বাড়ি ফেরার পথে খুন তৃণমূলকর্মী

সংবাদদাতা, জঙ্গিপুর : রাতের অন্ধকারে নৃশংসভাবে কুপিয়ে খুন করা হল এক সক্রিয় তৃণমূলকর্মীকে। বুধবার রাত সাড়ে দশটা নাগাদ, ভরতপুর থানা এলাকার কুয়ে নদীর বাঁধ লাগোয়া সুনিয়া গ্রামে। নাম ষষ্ঠী ঘোষ (৫৫), বাড়ি ভরতপুর থানার সিহালা গ্রামে। ষষ্ঠীর ট্রাক্টর ছিল, জমিতে চাষের কাজ করতেন। গতকাল বিকাল চারটে নাগাদ বাড়ি থেকে বার হন। রাতে যখন হেঁটে বাড়ি ফিরছিলেন, সেই সময় কুপিয়ে খুন করে দুষ্কৃতীরা। স্ত্রী শ্যামলী জানিয়েছেন, বুধবার বিকেল চারটে নাগাদ চাষের জমিতে কাজ করানোর জন্য শ্রমিক খুঁজতে বার হন। রাতে খবর আসে বাঁধের ধারে দুষ্কৃতীরা খুন করে ফেলে রেখে গিয়েছে। জামাই ভীমদেব পালের দাবি, আগেও একবার তাঁকে খুনের চেষ্টা হয়েছিল। ভরতপুর-১ ব্লক তৃণমূল সভাপতি নজরুল ইসলাম জানিয়েছেন, গ্রাম্য বিবাদের জেরেই এই খুন। মুর্শিদাবাদ পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপার (লালবাগ) রাসপ্রীত সিং বলেন, এই খুনের ঘটনায় নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে এবং জিজ্ঞাসাবাদের জন্য দুজনকে আটক করা হয়েছে।

■ ষষ্ঠী ঘোষ।

মুখ্যমন্ত্রীর প্রশ্ন, কবে বন্ধ হবে

(প্রথম পাতার পর) দেখে আমি স্তব্ধ। কী প্রমাণ করতে চাইছে ওরা? এটা অমানবিক এবং ভয়ঙ্কর। আমরা এটা কোনওভাবেই সহ্য করব না। সবশেষে মমতা সোজাসাপটা প্রশ্ন তোলেন, ভাষা সন্ত্রাস বন্ধ হবে? না হবে না? বিজেপি শাসিত রাজ্যগুলিতে বাংলা ভাষা ও বাঙালিদের বিরুদ্ধে যে বিদ্বেষমূলক আচরণ হয়ে চলেছে তার প্রতিবাদে ইতিমধ্যেই কলকাতা থেকে দিল্লি প্রতিবাদে পথে নেমেছে তৃণমূল কংগ্রেস।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

রাজি হননি ঘুষ নিতে, সহকর্মীদের চাপে ডুবে যাননি দুর্নীতিতেও। কর্মক্ষেত্রে মানসিক নির্যাতন সহ্য করতে না পেরে আত্মহত্যা করলেন অসমের গেরুয়া সরকারের পূর্তদফতরের তরুণী ইঞ্জিনিয়ার জ্যোতিশা দাস

দিল্লি দরবার

25 July 2025 • Friday • Page 11 || Website - www.jagobangla.in

১১
২৫ জুলাই ২০২৫
শুক্রবার

ভাষাসন্ত্রাস ও এসআইআর সংসদ উত্তাল করল তৃণমূল

বিহারের তালিকা থেকে বাদ ৫৬ লক্ষ নাম

প্রতিবেদন : বৃহস্পতিবারও তৃণমূল-সহ বিরোধীদের বিক্ষোভে উত্তাল হল সংসদের ভেতর ও বাইরে। তুলোধোনা করা হল মোদি সরকারকে। বিজেপির বাংলা ভাষার বিরুদ্ধে বিদ্বেষ এবং ভোটার তালিকার নিবিড় সংশোধনের বিরুদ্ধে গর্জে উঠল তৃণমূল। স্লোগান উঠল এসআইআর বাপস লো, মোদি সরকার ডাউন ডাউন। লোকসভায় তৃণমূলের মুখ্যসচেতক কল্যাণ বন্দ্যোপাধ্যায় সাফ জানালেন, বাঙালি ও বাংলাভাষার উপরে আক্রমণ করছে বিজেপি। এটা আমরা মানব না। বাঙালি স্বাধীনতা আন্দোলনে নেতৃত্ব দিয়েছে, এটা যেন কেউ ভুলে না যায়। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমরা বিজেপির

চক্রান্ত রুখব। লড়ে নেব এই ষড়যন্ত্রের বিরুদ্ধে। এদিকে রাজ্যসভায় তৃণমূলের দলনেতা ডেরেক ও'ব্রায়েন আশঙ্কা প্রকাশ করেছেন, বিহারের পরে এসআইআরের পরবর্তী লক্ষ বাংলা। কারণ ২০২৬ সালেই বাংলায় বিধানসভা নির্বাচন। এই জন্য আমাদের প্রথম দাবি এসআইআর নিয়ে সংসদে আলোচনা। মোদি সরকারকে নিশানা করে কল্যাণ বলেন, গুয়াহাটি থেকে, ওড়িশা থেকে নোটিশ দেওয়া হচ্ছে বাঙালিদের। গুজরাতের কোনও লোক স্বাধীনতা আন্দোলন করেনি। ওরা নাথুরাম গডসের সঙ্গে হাত মিলিয়েছিল। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ যদি ভেবে থাকেন এইভাবে বাঙালিদের ভয় দেখানো যাবে, তাহলে ভুল ভাবছেন উনি। ভাষা সন্ত্রাস ও এসআইআর, বৃহস্পতিবার দুটো ইস্যুতেই অনড় থেকে তৃণমূল ১১টি নোটিশ দিয়েছে। লোকসভায় তৃণমূল সাংসদ জুন মালিয়া, রাজ্যসভার সাংসদ সুস্মিতা দেব ও সামিরুল ইসলাম। এর মধ্যে ৫টি নোটিশ বাংলা ভাষা সন্ত্রাস, বাঙালিদের উপর হামলা এবং নিবিড় সমীক্ষা নিয়ে। সব নোটিশ খারিজ করে দেয় কেন্দ্র। রাজ্যসভার তৃণমূল সাংসদ দোলা সেন প্রশ্ন তোলেন, এই ভোটার তালিকায় থাকা রোহিঙ্গা ও বাংলাদেশিদের ভোট পেয়েই তো প্রধানমন্ত্রী ২০২৪ সালে তৃতীয়বার দেশের প্রধানমন্ত্রী হয়েছেন। তাহলে উনি এখন পদত্যাগ করছেন না কেন? এদিকে ভোটার তালিকার নিবিড় সংশোধনের প্রতিবাদে বিহার বিধানসভার ভোট বয়কট করা হতে পারে বলে জানিয়ে দিলেন বিরোধী দলনেতা তেজস্বী যাদব। তাঁর মন্তব্য, এমন এক পেশে পক্ষপাতদুষ্ট নির্বাচনের কোনও অর্থ হয় না। এদিকে নির্বাচন কমিশন জানিয়েছে বিহারের ভোটার তালিকা থেকে ৫৬ লক্ষ নাম বাদ পড়েছে।

রাজ্যসভা থেকে বিদায় নেওয়ার আগে ভাষা সন্ত্রাসের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য জননেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে কুর্নিশ জানালেন ডিএমকে সাংসদ ভাইকো

দিল্লির আদালতে মোক্ষম ধাক্কা বিজেপি সরকারকে

বাঙালির জয়, জয় হিন্দ কলোনির বাসিন্দাদের উচ্ছেদে স্থগিতাদেশ

প্রতিবেদন : আদালতে সজোরে ধাক্কা খেল গেরুয়া সরকার। তৃণমূলের আন্দোলনের জয় হল। দিল্লির পাটিয়ালা হাউস কোর্ট জয় হিন্দ কলোনিতে উচ্ছেদ অভিযানে স্থগিতাদেশ দিল। একই সঙ্গে তাঁদের মৌলিক অধিকার ফেরানোর নির্দেশও দেওয়া হয়েছে। দিল্লির বসন্তকুঞ্জে জয়হিন্দ কলোনির বাঙালিদের উপর অন্যায় অত্যাচারের সব সীমা লঙ্ঘন করেছিল। তাঁদের তাড়াতে আলো, জল সব বন্ধ করে দিয়েছিল। কিন্তু ওখানে মাটি কামড়ে পড়ে থেকে বাসিন্দাদের পাশে থেকে লড়াই করেছে তৃণমূল। দলের সাংসদেরা দিনরাত থেকেছেন। এবার আইনি লড়াইয়েও জয় এল। দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে যে পদক্ষেপ সাংসদ সুখেন্দুশেখর রায়, সাগরিকা ঘোষ ও সাকেত গোখল, নিয়েছিলেন তারই ফলস্বরূপ দিল্লি ডেভেলপমেন্ট অথরিটির উচ্ছেদে অন্তর্বর্তী

বিজেপি-শাসিত রাজ্যগুলিতে বাঙালিদের অপমানের বিরোধিতায় এভাবেই আমাদের দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আন্দোলন করে সাফল্য অর্জন করবে তৃণমূল

— সাগরিকা ঘোষ

স্থগিতাদেশ দিল দিল্লির জেলা দায়রা আদালত। আন্দোলনে মুখ্য ভূমিকা নেওয়া সাংসদ সাগরিকা ঘোষ বলেন, বিজেপি-শাসিত রাজ্যগুলিতে বাঙালিদের অপমানের বিরোধিতায় এভাবেই মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আন্দোলন করে সাফল্য অর্জন করবে তৃণমূল। দিল্লির বসন্তকুঞ্জের জয় হিন্দ কলোনি বাঙালিদের হেনস্থা ও উচ্ছেদের বিরোধিতায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় একাধিকবার মুখ খুলেছেন। তাঁরই নির্দেশে তৃণমূলের প্রতিনিধিদলও ওই এলাকায় গিয়ে তাঁদের পাশে দাঁড়িয়েছে। সংসদে জুন মালিয়া বিষয়টি উত্থাপন করেছিলেন। অবশেষে এই বিষয়ে আইনি লড়াইয়ে স্বস্তি বাসিন্দাদের। দিল্লির পাটিয়ালা হাউস কোর্ট জয় হিন্দ কলোনিতে উচ্ছেদ অভিযানে স্থগিতাদেশ দিয়েছে। পাতিয়ালা হাউস কোর্ট যে স্থগিতাদেশ দিয়েছে, ন্যায়বিচারের দিক থেকে আমাদের বর্তমান লড়াইয়ের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই নির্দেশ নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন বিজেপি সরকারের প্রকাশ্যে বাংলা-বিরোধিতার প্রত্যক্ষ এবং সিদ্ধান্তমূলক একটি জবাব, সাফ কথা তৃণমূলের। পাতিয়ালা হাউস কোর্ট দিল্লি ডেভেলপমেন্ট অথরিটি, দিল্লি পুরনিগমের ডেপুটি কমিশনার, দিল্লি আর্বান শেল্টার ইমপ্রুভমেন্ট বোর্ড প্রভৃতি সংস্থাকে তাদের রিপোর্ট প্রকাশ করার নির্দেশ দিয়েছে। জয় হিন্দ কলোনির তরফে প্রায় ১৫০ আবেদনকারী এই মামলা দায়ের করেছিলেন। মামলার পরবর্তী শুনানি ৮ অগাস্ট। ততদিন পর্যন্ত কোনওভাবে জয় হিন্দ কলোনির বাসিন্দাদের উৎখাত করা যাবে না বলে নির্দেশ পাতিয়ালা হাউস কোর্টের।

ঘাটাল মাস্টার প্ল্যান, সংসদে কেন্দ্রকে চেপে ধরল তৃণমূল

প্রতিবেদন: ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে সংসদে মোদি সরকারকে রীতিমতো চেপে ধরলেন তৃণমূল সাংসদ দীপক অধিকারী দেব। এলাকার দীর্ঘদিনের বন্যা-সমস্যা সমাধানের জন্য কেন্দ্রের যে আসলে কোনও আগ্রহই নেই তা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিলেন দেব। বুঝিয়ে দিলেন এই নিয়ে আসলে বাংলার মানুষকে ঠকিয়েই চলেছে কেন্দ্র। কেন্দ্রের জলশক্তি মন্ত্রকের কাছে দেব লিখিতভাবে সরাসরি প্রশ্ন রেখেছিলেন, ঘাটাল মাস্টার প্ল্যানকে বাস্তবায়িত করার লক্ষ্যে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, বিশ্বব্যাঙ্ক, এবং অন্যান্য আর্থিক সংস্থা থেকে প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা করার জন্য কেন্দ্র পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে আদৌ যোগাযোগ করেছে কি? যদি করে থাকে তবে তা বিস্তারিতভাবে জানাক কেন্দ্র। সাংসদ দেব সরাসরি কেন্দ্রের কাছে জানতে চান, ঘাটাল মাস্টার প্ল্যানের টাকা কেন্দ্রীয় বাজেটে বরাদ্দ করা হল না কেন? এর নেপথ্যে আসল কারণটা কী? ঘাটালের সাংসদের চাঁচাছোলা প্রশ্নে রীতিমতো অস্বস্তিতে পড়ে যান কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী রাজভূষণ চৌধুরী। নিজেদের মিথ্যাচার ঢাকতে নানা বিভ্রান্তিকর তথ্য তুলে ধরলেও আসল প্রশ্নের জবাব কিন্তু দিতে পারেনি কেন্দ্র।

জালিয়ানওয়ালাবাগে রবীন্দ্রনাথের মূর্তি দাবি

প্রতিবেদন : পাঞ্জাবের জালিয়ানওয়ালাবাগে অবিলম্বে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের মূর্তি প্রতিষ্ঠা করার দাবি জানালেন তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সদস্য ঋতব্রত বন্দ্যোপাধ্যায়। শুধু মূর্তিপ্রতিষ্ঠা নয়, জালিওয়ানওয়ালাবাগের নৃশংস হত্যাকাণ্ডের প্রতিবাদে যে ঐতিহাসিক চিঠি লিখে নাইট উপাধি ত্যাগ করেছিলেন বিশ্বকবি, সেই চিঠিটিও শ্রদ্ধা এবং সম্মানের সঙ্গে সেখানে ডিসপ্লে করার দাবি জানিয়েছেন ঋতব্রত। এখনও পর্যন্ত এই ধরনের কোনও উদ্যোগ না নেওয়ায় কেন্দ্রের মোদি সরকারকে এক হাত নিয়েছেন তিনি। তাঁর অভিযোগ, বিজেপির বাংলা-বিরোধী মনোভাবেরই স্পষ্ট প্রতিফলন এই অনীহা এবং উদাসীনতা। এটি অত্যন্ত লজ্জার বিষয়। রাজ্যসভায় লিখিত প্রশ্নে কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের কাছে ঋতব্রত জানতে চেয়েছিলেন, জালিওয়ানওয়ালাবাগের নৃশংস হত্যাকাণ্ডের সর্বপ্রথম তীব্র প্রতিবাদ জানিয়েছিলেন যিনি, বিন্দুমাত্র সময় নষ্ট না করে ত্যাগ করেছিলেন নাইট উপাধি, সেই রবীন্দ্রনাথের কোনও মূর্তি সেখানে আছে কি? যদি না থাকে তবে জালিওয়ানওয়ালাবাগে কবিগুরুর মূর্তি প্রতিষ্ঠার কোনও পরিকল্পনা কি আদৌ নিয়েছে সরকার? দুটি প্রশ্নেই একটাই উত্তর কেন্দ্রের— না।

সেন্ট্রাল ভিস্তা প্রকল্প, দুটি সেক্টরে কাজ মাত্র ১ শতাংশ

প্রতিবেদন: সেন্ট্রাল ভিস্তা মাস্টার প্ল্যানে বেশকিছু প্রকল্পের কাজ যে শুরুতেই হোঁচট খেয়েছে তা স্বীকার করে নিল কেন্দ্র। সেক্টর ৬ ও ৭-এর প্রকল্পের কাজ শেষ হয়েছে মাত্র ১ শতাংশ। যদিও কেন্দ্রের দাবি মাস্টার প্ল্যান অনুযায়ী গত ৩০ জুন পর্যন্ত তিনটি প্রকল্প সম্পূর্ণরূপে শেষ হয়েছে। এগুলো হল নতুন সংসদ ভবনের নির্মাণ, কর্তব্য পথের পুনঃউন্নয়ন এবং উপ-রাষ্ট্রপতির এনক্লেভ নির্মাণ। এই প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন হয়েছে এবং বর্তমানে সেগুলো ব্যবহারের উপযোগী অবস্থায় রয়েছে। লোকসভায় তৃণমূল কংগ্রেস সাংসদ মালা রায়ের এক লিখিত প্রশ্নের জবাবে একথা জানিয়েছেন কেন্দ্রীয় আবাসন ও নগর উন্নয়ন মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী তোখন সাহু। প্রশ্নের লিখিত জবাবে তিনি বলেছেন, চলতি প্রকল্পগুলোর মধ্যে এক, দুই ও তিন সেক্টরের কাজের ৮৮ শতাংশ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। এই প্রকল্পগুলির কাজ শেষ হওয়ার সম্ভাব্য সময়সীমা সেপ্টেম্বর, ২০২৫ নির্ধারণ করা হয়েছে। অন্যদিকে সেক্টর দশ-এর ২৮ শতাংশ কাজ শেষ হয়েছে এবং এটি এপ্রিল, ২০২৬-এর মধ্যে সম্পন্ন হওয়ার লক্ষ্যে এগোচ্ছে। তুলনামূলকভাবে পিছিয়ে রয়েছে সেক্টর ছয় ও সাতের প্রকল্প, যার মাত্র ১ শতাংশ কাজ এখন পর্যন্ত সম্পন্ন হয়েছে।

বম্বে হাইকোর্টের রায়ে স্থগিতাদেশ

২০০৬ সালের মুম্বই ট্রেন বিস্ফোরণ মামলা

প্রতিবেদন : ২০০৬ সালে মুম্বইয়ে লোকাল ট্রেনে ধারাবাহিক বিস্ফোরণের ঘটনায় দোষী সাব্যস্ত হওয়া ১২ জনকে বেকসুর খালাসের নির্দেশ দিয়েছিল বম্বে হাইকোর্ট। উচ্চ আদালতের সেই রায়ে স্থগিতাদেশ দিল শীর্ষ আদালত। বৃহস্পতিবার, বিচারপতি এমএম সুন্দরেশ এবং এন কোটীশ্বর সিং-এর বেঞ্চ বম্বে হাইকোর্ট আসামিদের বেকসুর খালাসের রায়ে স্থগিতাদেশ দেয়। তবে বম্বে হাইকোর্টের রায়ে ১২ জনের যে জেলমুক্তি ঘটেছিল, তাতে বৃহস্পতিবার স্থগিতাদেশ দেয়নি শীর্ষ আদালত। প্রসঙ্গত, ২০০৬ সালের ১১ জুলাই সেই ট্রেন বিস্ফোরণে ১৮৭ জন নিহত ও ৮২৯ জন আহত হন। মুম্বইয়ের শহরতলি ট্রেন লাইনের সাতটি শাখায় লাগাতার বিস্ফোরণ হয়েছিল। ঘটনায় ১৩ জনকে গ্রেফতার করা হয়েছিল। ১৫ জন নিখোঁজ। তাদের কয়েকজন পাকিস্তানি বলেও অভিযোগ। ২০০৬ সালের নভেম্বরে মহারাষ্ট্রের সংগঠিত অপরাধ দমন শাখা ও ইউএপিএ-র বিভিন্ন ধারায় সন্ত্রাসবাদ দমন বাহিনী অভিযুক্তদের বিরুদ্ধে চার্জ গঠন করে। ২০১৫ সালে বিচারাধীন আদালতে ১২ জন অভিযুক্তকে দোষী সাব্যস্ত করা হয়। তাদের মধ্যে পাঁচজনকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছিল। সাতজনকে যাবজ্জীবন কারাদণ্ড দেয় আদালত।

ব্রিটেনের সঙ্গে মুক্ত বাণিজ্যচুক্তি স্বাক্ষর করল ভারত। বৃহস্পতিবার লন্ডন থেকে যৌথ সাংবাদিক বৈঠকে এই ঘোষণা করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং ব্রিটেনের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার

রাজধানীর নাকের ডগায় ভুয়ো দূতাবাস কীভাবে চলে রমরমিয়ে?

২০১৭ থেকে 'ওয়েস্টার্কটিকা' নামে কনস্যুলেট

প্রতিবেদন: দেশে নানাবিধ ভুয়ো ব্যবসার তালিকায় এবার নতুন সংযোজন 'দূতাবাস'। একটা আস্ত ভুয়ো দূতাবাস রমরমিয়ে চলছে রাজধানী দিল্লির নাকের ডগায়। দিল্লির কাছে গাজিয়াবাদে এই ভুয়ো দূতাবাসের হদিশ মিলেছে।

ঘটনাস্থলে রয়েছে একটি বিলাসবহুল দোতলা ভবন, যার বাইরে কূটনৈতিক নম্বরপ্লেট যুক্ত চারটি গাড়ি এবং একটি নাম ফলক। সেখানে লেখা 'গ্র্যান্ড ডাচি অফ ওয়েস্টার্কটিকা' এবং 'এইচ ই এইচ ভি জৈন অনারারি কনসাল'। এই ভুয়ো দূতাবাসটি জাতীয় রাজধানীর অদূরে প্রতারণার এক নিখুঁত উদাহরণ হয়ে এতদিন চলছিল কীভাবে তা নিয়ে প্রশ্ন উঠছে। শেষমেশ উত্তরপ্রদেশ স্পেশাল টাস্কফোর্স (এসটিএফ) এই ভুয়ো দূতাবাসটি চিহ্নিত করে করে এর মূল চক্রী হর্ষবর্ধন জৈনকে গ্রেফতার করেছে। কূটনৈতিক ছদ্মবেশ এবং প্রতারণার কৌশল নিয়ে এই ব্যক্তি অবৈধ কার্যকলাপ চালানোর জন্য গাজিয়াবাদে একটি ভাড়া বাড়িতে আস্ত কনস্যুলেট চালাচ্ছিলেন। বাড়িটিতে ভারত এবং ওয়েস্টার্কটিকার পতাকা ছিল, যা অ্যান্টার্কটিকার একটি মাইক্রোনেশন এবং যে অঞ্চলটি বিশ্বের কোনও সার্বভৌম রাষ্ট্র দ্বারা স্বীকৃত নয়। অবৈধ কার্যকলাপ চালাতে বিলাসবহুল সম্পত্তির বাইরে একটি অডি এবং একটি মার্সিডিজ-সহ একাধিক বিলাসবহুল গাড়ি রাখা ছিল, যেগুলিতে কূটনৈতিক নম্বর প্লেট লাগানো। আরও আশ্চর্যজনক ব্যাপার হল ধৃত জৈন নিজের অফিসে প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতির সাথে তার বিকৃত ছবিও টাঙিয়ে রাখেন। তদন্তকারীদের মতে, জৈন এই

ছদ্মবেশ ব্যবহার করে প্রতারণার নেটওয়ার্ক তৈরি করতেন এবং তারপর বিদেশে চাকরির প্রলোভন দেখিয়ে মানুষকে ফাঁদে ফেলতেন। তদন্তে জানা গিয়েছে, এই ভুয়ো দূতাবাসটি ২০১৭ সাল থেকে চলছিল। অর্থাৎ মোদি জমানায় রাজ্যে রাজ্যে নানা ধরনের প্রতারণা চক্র চললেও নিরাপত্তা ও গোয়েন্দা ব্যর্থতা সবক্ষেত্রেই প্রকট। ভুয়ো 'দূতাবাস'-এর বাইরে দাতব্য অনুষ্ঠান আয়োজন করা হত যাতে প্রতারণার জাল বজায় থাকে। এই প্রতারণার মাধ্যমে জৈন বিদেশে চাকরির প্রতিশ্রুতি দিয়ে একটি বড় চাকরি কেলেঙ্কারি চালাচ্ছিলেন। এছাড়াও তিনি হাওয়ালার মাধ্যমে অর্থপাচার এবং কূটনৈতিক নথি জাল করার অভিযোগে অভিযুক্ত। উদ্ধার হওয়া জিনিসপত্রের মধ্যে এসটিএফ কর্মকর্তারা কূটনৈতিক নম্বর প্লেটযুক্ত গাড়ি, ১২টি মাইক্রোনেশনের 'কূটনৈতিক পাসপোর্ট', বিদেশ মন্ত্রকের স্ট্যাম্পযুক্ত নথি, ৩৪টি দেশের স্ট্যাম্প, নগদ ৪৪ লক্ষ টাকা, বৈদেশিক মুদ্রা, ১৮টি কূটনৈতিক নম্বর প্লেট এবং একটি বিলাসবহুল ঘড়ি সংগ্রহ উদ্ধার করেছেন। প্রসঙ্গত যে দেশের নাম করে এই প্রতারণা, সেই ওয়েস্টার্কটিকা একটি অস্বীকৃত মাইক্রোনেশন। এই ওয়েস্টার্কটিকা ২০০১ সালে মার্কিন নৌবাহিনীর একজন কর্মকর্তা ট্র্যাভিস ম্যাকহেনরি দ্বারা প্রতিষ্ঠিত একটি মাইক্রোনেশন, যা কোনও দেশ দ্বারা স্বীকৃত নয়। অ্যান্টার্কটিকায় অবস্থিত ওয়েস্টার্কটিকার আয়তন ৬,২০,০০০ বর্গ মাইল। ম্যাকহেনরি অ্যান্টার্কটিক চুক্তি ব্যবস্থার একটি ফাঁক ব্যবহার করে নিজেকে শাসক নিযুক্ত করেন। ওয়েস্টার্কটিকা দাবি করে যে এই দেশে ২,৩৫৬ জন নাগরিক রয়েছে, তবে তাদের কেউই সেখানে বাস করে না। দক্ষিণ ক্যালিফোর্নিয়া ভিত্তিক, গ্র্যান্ড ডাচি অফ ওয়েস্টার্কটিকা একটি অলাভজনক সংস্থা হিসাবে কাজ করে যা জলবায়ু পরিবর্তন এবং অ্যান্টার্কটিকা সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেয়। এর নিজস্ব পতাকা, মুদ্রা এবং শিরোনামও রয়েছে যা কোনও সরকার স্বীকৃতি দেয় না। ইউপি এসটিএফ ভুয়া দূতাবাসটি ফাঁস করার কয়েক দিন আগে ওয়েস্টার্কটিকার অফিসিয়াল ইনস্টাগ্রাম হ্যান্ডেল তার 'নয়াদিল্লিতে কনস্যুলেট-জেনারেল'-এর ছবি শেয়ার করেছিল। ক্যাপশনে লেখা ছিল, ব্যারন এইচ ভি জৈন দ্বারা পরিচালিত, নয়াদিল্লিতে ওয়েস্টার্কটিকার কনস্যুলেট-জেনারেল ২০১৭ সাল থেকে কার্যকর রয়েছে।

পাঠ্যে আনা হোক রানি শিরোমণির লড়াই : তৃণমূল

প্রতিবেদন : পশ্চিম মেদিনীপুরের কর্ণগড়ের বিদ্রোহী রানি শিরোমণির ইতিহাস পাঠ্যবইয়ে অন্তর্ভুক্ত করার দাবি জানানো হল তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে। বৃহস্পতিবার প্রতিরক্ষা মন্ত্রকের পরামর্শদাতা কমিটির বৈঠকে এমন দাবি জানিয়েছেন তৃণমূল কংগ্রেসের সাংসদ সুখেন্দুশেখর রায়। বৈঠক-সূত্রে খবর, এদিন ভারতীয় সেনাবাহিনীতে মহিলাদের ক্ষমতায়ন নিয়ে আলোচনায় রানি লক্ষ্মীবাই, বেগম হজরত মহলের প্রসঙ্গ ওঠে। সুখেন্দুশেখর এই আলোচনায় অংশ নিয়ে বলেন, প্রতিরক্ষা মন্ত্রকের ইতিহাস

বিভাগে ভারতের অজানা, অশ্রুত এবং অখ্যাত বিদ্রোহীদের কথা অন্তর্ভুক্ত করা উচিত। এ-প্রসঙ্গে তিনি বাংলার রানি শিরোমণির উল্লেখ করে বলেন, লক্ষ্মীবাই কিংবা হজরতের থেকে প্রায় এক শতাব্দী আগে পশ্চিম মেদিনীপুরের কর্ণগড়ের রানি শিরোমণি ইংরেজদের বিরুদ্ধে কৃষকদের নিয়ে চুয়াড় আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন। সাহসিনীর মতো লড়াই করে পরাস্ত হয়ে দীর্ঘ বন্দিদশার শেষে ১৮১২ সালে তিনি মৃত্যু বরণ করেন। এই অধ্যায় ইতিহাস-পাঠ্যবইয়ে আনার প্রয়োজন আছে। সুখেন্দু বলেন, রানি শিরোমণিকে পাঠ্যে আনতে প্রতিরক্ষা মন্ত্রক শিক্ষামন্ত্রককে অনুরোধ করুক। নতুন প্রজন্মের এই ইতিহাসের কথা জানার দরকার। বাংলা ও বাঙালির ব্রিটিশ-বিরোধী লড়াই যে অনেক আগেই শুরু তারও সাক্ষী ইতিহাস।

মায়ানমার, কম্বোডিয়া, ভিয়েতনাম থেকে কয়েক হাজার কোটির সাইবার প্রতারণা

ভারতীয়দের ফাঁদে ফেলে জাল দুষ্টচক্রের

প্রতিবেদন: বেছে বেছে ভারতীয়দের নিশানা করে সাইবার কেলেঙ্কারির একটি বড় চক্র দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে নিয়ন্ত্রিত হচ্ছে। চলতি বছরের প্রথম পাঁচ মাসে (জানুয়ারি থেকে মে) অনলাইন কেলেঙ্কারিতে প্রায় ৭,০০০ কোটি টাকা ক্ষতির অর্ধেকেরও বেশি মায়ানমার, কম্বোডিয়া, ভিয়েতনাম, লাওস এবং থাইল্যান্ড থেকে পরিচালিত নেটওয়ার্কগুলির দ্বারা হয়েছে বলে জানিয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের তদন্তে উঠে এসেছে যে মানবপাচার চক্রের মাধ্যমে পাচার হওয়া মানুষ, যার মধ্যে ভারতীয়রাও রয়েছে, তাদের দিয়েই জোর করে এইধরনের অপরাধমূলক কাজ করানো হয়। সাইবার অপরাধীরা ভারতীয় অর্থনীতিকে নিশানা করছে। আশঙ্কার বিষয় হল, এই ধরনের অপরাধের কারণে আমাদের দেশ প্রতি মাসে প্রায় ১,০০০ কোটি টাকা ক্ষতির সম্মুখীন হচ্ছে। এক সরকারি কর্মকর্তা সিটিজেন ফিনান্সিয়াল সাইবার ফ্রড রিপোর্টিং অ্যান্ড ম্যানেজমেন্ট সিস্টেম (সিএফসিএফআরএমএস)-এর তথ্য উদ্ধৃত করে বলেন, জানুয়ারিতে দক্ষিণ-পূর্ব এশিয়াভিত্তিক দেশগুলি থেকে ১,১৯২ কোটি টাকা, ফেব্রুয়ারিতে ৯৫১ কোটি টাকা, মার্চে ১,০০০ কোটি টাকা, এপ্রিলে ৭৩১ কোটি টাকা এবং মে মাসে ৯৯৯ কোটি টাকা ক্ষতি হয়েছে। সিএফসিএফআরএমএস হল ১৪সি -এর সঙ্গে যুক্ত একটি ব্যবস্থা যা নাগরিকদের আর্থিক সাইবার জালিয়াতির ঘটনা রিপোর্ট করতে এবং পদক্ষেপ করতে সহায়তা করে। কেন্দ্রের এক ঊর্ধ্বতন সরকারি কর্মকর্তা সংবাদমাধ্যমকে জানিয়েছেন যে কম্বোডিয়ার ঊর্ধ্বতন সরকারি কর্মকর্তারা সম্প্রতি দিল্লিতে ভারত সরকারের প্রতিনিধিদের সাথে দেখা করেছেন এবং এই সাইবার কেলেঙ্কারি মোকাবিলায় একটি কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করেছেন। এই বৈঠকে কম্বোডিয়ার কর্মকর্তারা তাদের দেশে এই কেলেঙ্কারি কেন্দ্রগুলির সঠিক ভৌগোলিক স্থানাঙ্ক ভাগ করে নেওয়ার অনুরোধ করেছেন যাতে তারা ব্যবস্থা নিতে পারে। গোয়েন্দা সংস্থার রিপোর্ট সাহায্য অনুযায়ী, ভারত সরকার কম্বোডিয়ায় অন্তত ৪৫টি, লাওসে পাঁচটি এবং মায়ানমারে একটি এমন আর্থিক কেলেঙ্কারি চিহ্নিত করেছে। ভারতীয় ছাড়াও আফ্রিকান দেশ, পূর্ব এশিয়ার দেশ, দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ, দক্ষিণ এশিয়া, মধ্য এশিয়া, পশ্চিম এশিয়া, ইউরোপ, উত্তর আমেরিকা এবং দক্ষিণ আমেরিকার মানুষকে এই কেলেঙ্কারিতে ব্যবহার করা হচ্ছে। একটি তদন্তে দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে পরিচালিত তিন ধরনের প্রধান সাইবার অপরাধ জালিয়াতি প্রকাশ পেয়েছে। এগুলি হল স্টক ট্রেডিং অথবা বিনিয়োগ কেলেঙ্কারি, ডিজিটাল গ্রেফতারি এবং টাস্কভিত্তিক ও বিনিয়োগ-ভিত্তিক কেলেঙ্কারি। ভারত সরকার এই অপারেশনগুলির জন্য ভারতীয়দের নিয়োগকারী বেশ কয়েকজন এজেন্টকেও ট্র্যাক করেছে, যার মধ্যে মহারাষ্ট্র (৫৯) থেকে সবচেয়ে বেশি এজেন্টের হদিশ মিলেছে। এছাড়াও তামিলনাড়ু (৫১), জম্মু ও কাশ্মীর (৪৬), উত্তরপ্রদেশ (৪১) এবং দিল্লি (৩৮) থেকে এজেন্ট নিয়োগ করা হয়েছে। এই এজেন্টদের তথ্য থেকে দেখা যায় যে তারা লাওস, মায়ানমার এবং কম্বোডিয়ার জন্য সবচেয়ে বেশি লোক নিয়োগ করছে। এর আগে জানা যায়, ৫,০০০-এরও বেশি ভারতীয়কে কম্বোডিয়ায় আটকে রাখা হয়েছে বলে সন্দেহ করা হচ্ছে। সেখানে তাদের ইচ্ছার বিরুদ্ধে জোর করে সাইবার জালিয়াতি চালাতে বাধ্য করা হচ্ছে। সরকারি অনুমান অনুযায়ী, এই বছরের মার্চের আগের ছয় মাসে ভারতীয়দের অন্তত ৫০০ কোটি টাকা প্রতারণা করা হয়। কেন্দ্র তখন বিষয়টি খতিয়ে দেখতে এবং ত্রুটিগুলি চিহ্নিত করতে একটি আন্তঃমন্ত্রণালয় প্যানেল গঠন করে। প্যানেলটি ব্যাংকিং, অভিবাসন এবং টেলিকম সেক্টরের ত্রুটিগুলি চিহ্নিত করে। বিভিন্ন রাজ্যের পয়েন্ট অফ সেল এজেন্টদের বিরুদ্ধে কথিত ক্লোনড সিম কার্ড জারির জন্য এফআইআর দায়ের করে সিবিআই।

রাশিয়া-চিন সীমান্তে বিমান ভেঙে হত ৫০

প্রতিবেদন: ফের বিমান দুর্ঘটনা। নিহত প্রায় ৫০। বৃহস্পতিবার চিন সীমান্তঘেঁষা রাশিয়ার আমুর অঞ্চলে ভেঙে পড়ে একটি যাত্রিবাহী বিমান। ঘটনায় কেউই বেঁচে নেই বলে আশঙ্কা। রুশ সংবাদ সংস্থার তরফে খবর, ৫০ জন যাত্রী নিয়ে একটি বিমান নিয়ন্ত্রণ কক্ষের সঙ্গে যোগাযোগ হারিয়ে ফেলে। উদ্ধারকারী দলের তরফে জানানো হয়েছে, হেলিকপ্টারের মাধ্যমে পর্যবেক্ষণ করে কোনও বেঁচে থাকার চিহ্ন পাওয়া যায়নি। বিমানটি যখন আমুর অঞ্চলের টিন্ডা শহরের দিকে এগোচ্ছিল, ঠিক তখনই এটি রেডার স্ক্রিন থেকে অদৃশ্য হয়ে যায়। খারাপ আবহাওয়ায় অবতরণের সময় ক্রু সদস্যদের ভুলে এই দুর্ঘটনার সম্ভাব্য কারণ হিসেবে প্রাথমিকভাবে ধরা হচ্ছে। রয়টার্সকে দেওয়া বিবৃতিতে আমুর অঞ্চলের গভর্নর ভ্যাসিলি ওরলভ জানিয়েছেন, প্রাথমিক তথ্য অনুযায়ী, বিমানে ৪৩ জন যাত্রী এবং ৬ জন ক্রু সদস্য ছিলেন। ৫ জন শিশুও ছিল বিমানে। গভর্নর জানান, বিমানটির খোঁজে সব ধরনের প্রয়োজনীয় বাহিনী ও সরঞ্জাম মোতায়েন করা হয়েছে।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

মানিক বন্দ্যোপাধ্যায়ের কালজয়ী উপন্যাস ‘পুতুলনাচের ইতিকথা’ পর্দায় নিয়ে আসছেন পরিচালক সুমন মুখোপাধ্যায়। প্রকাশ্যে এল ছবির ট্রেলার। মুখ্যভূমিকায় আবির চট্টোপাধ্যায়, জয়া আহসান প্রমুখ

সাইয়ারা

মোহিত সুরি পরিচালিত রোম্যান্টিক মিউজিক্যাল ড্রামা ‘সাইয়ারা’র বক্স অফিসে সুনামি। ভাসিয়ে নিয়ে গেল সবকিছু। চারদিনেই ১০০ কোটির গন্ডি টপকে গেছে এই ছবি। তৈরি করল নতুন মাইলফলক। নবাগত অনিত পাড্ডা এবং আহান পান্ডের প্রেমের রসায়নে মজলেন নেটিজেনরা। লিখছেন **শর্মিষ্ঠা ঘোষ চক্রবর্তী**

‘সাইয়ারা’— ‘তারো মে এক তন্হা তারা, খুদ জ্বলকর যো রোশন করদে ইয়ে জগ সারা’

‘সাইয়ারা’ হল অনেক তারার মাঝে সেই একলা তারার গল্প যে আত্মত্যাগে অন্যের জীবনকে আলোকিত করে। মোহিত সুরি পরিচালিত ‘সাইয়ারা’ ছবিটি ইতিমধ্যেই বক্স অফিসে তুমুল হইচই ফেলে দিয়েছে। যশরাজ ফিল্মস-এর ব্যানারে তৈরি রোমান্টিক মিউজিক্যাল ড্রামা ‘সাইয়ারা’ এর মধ্যেই পার করে গেছে ১০০ কোটির ঘর। প্রথম দিনেই ‘সাইয়ারা’র আয় হয়েছিল ২১ কোটি। অন্যদিকে, দ্বিতীয় দিন অর্থাৎ শনিবার ২৬ কোটি টাকা সংগ্রহ করে প্রথম দিনের রেকর্ড ভেঙে দিয়েছে এই ছবি। তৃতীয় দিনে এই ছবির আয় হয়েছিল ৩৫.৭৫ কোটি টাকা।

এইভাবে চারদিনেই টপকেছে ১০০ কোটির গন্ডি। অন্যদিকে, গ্লোবালি সিনেমার হিসাব দেখলে দেখা যাবে ‘সাইয়ারা’ ১১৯ কোটি আয় করে ফেলেছে মাত্র চার দিনে। ছবির মুখ্য ভূমিকায় দুই নবাগত আহান পান্ডে ও অনীত পাড্ডা। শুরু থেকেই হাইপড এই ছবি। বলিউডের তারকা থেকে প্রযোজক, পরিচালক, সমালোচক— সবাই প্রশংসায় পঞ্চমুখ। সিনেমার নির্মাতারা ইতিমধ্যেই হিস্টোরিক ওপেনিং হিসেবে শেয়ার করেছেন সিনেমার কালেকশনের আপডেট। এ বছর ভিকি কৌশল অভিনীত ‘ছাবা’ ৬০০ কোটি টাকা আয় করে রেকর্ড গড়েছে। এমন পরিস্থিতিতে ‘সাইয়ারা’ সেই সংখ্যা পেরিয়ে যাবে বলেই মনে করা হচ্ছে।

অনেকদিন পর একটা প্রেমের ছবি নিয়ে ভীষণ চর্চা। প্রেম-ঝড় তুলেছে। বক্স অফিসে সুনামি ‘সাইয়ারা’। থ্রিলার, হরর-এর যুগে সেই আবার তীব্র প্রেম আর প্যাশনের জয়। ইদানীং ছবি দেখতে বসলে বিনোদন উপভোগ করার চেয়ে বেশি নিজের বুদ্ধিমত্তার প্রমাণ দিতে হয়। তেমন নির্ভেজাল, নিটোল প্রেমের ছবি আর কোথায় হয়! ‘কয়ামত সে কয়ামত তক’, ‘ম্যায়নে পেয়ার কিয়া’র সেই নিষ্পাপ প্রেম, যন্ত্রণা, আকুলতার সরল ছবি আর কোথায়! যে ছবি দেখে, যে ছবির গান শুনে মনে হবেই যেন প্রেম চিরন্তন আর সবার মধ্যে কোথাও একটা প্রেমিক মন লুকিয়ে আছে। হার্ডকোর ছবির যুগে সেই ম্যাজিকটাই আবার ফিরিয়ে আনল ‘সাইয়ারা’। ‘কয়ামত সে কয়ামত তক’ আর ‘ম্যায়নে পেয়ার কিয়া’র মতোই প্রেমের নতুন মাইলফলক তৈরি করল এই ছবি। প্রেম, প্রেম আর প্রেম। কিন্তু এই প্রেম আঁকড়ে ধরার নয় বরং ভালবেসে অন্যের স্বপ্নকে পূর্ণতা দেবার, ত্যাগের, আবার পূর্ণতা পেয়ে নতুন করে এক হবার। এই প্রেমকাহিনি সবার আগে নিজেকে ভালবাসার তারপর পরস্পরকে। এটাই এই ছবির আসল ম্যাজিক।

একটি ছন্নছাড়া, বেপরোয়া রাগী ছেলের সঙ্গে শান্ত, মিষ্টি, সমঝদার মেয়ের প্রেমের গল্প ‘সাইয়ারা’। ঠিক ‘কবীর সিং’ মার্কা রাগী, বেপরোয়া নায়ক নয় ‘সাইয়ারা’র নায়ক কৃষ কাপুর। যে তাঁর প্রেমিকাকে মেন্টাল ট্রমা দেয়। এই নায়ক অন্যকথা বলে, নায়িকাও। কৃষ মদ্যপ, ধূমপায়ী। বাবার বাড়ি ছেড়ে বেরিয়ে আসে বাঁচার শর্তে। উঠতি গায়ক। সে কিছু করতে চায় জীবনে, নিজের পরিচয় তৈরি করতে চায়। একদিন সে গান গেয়ে লক্ষ, লক্ষ মানুষের মন জয় করে নেবে এটাই তাঁর স্বপ্ন। গান বাঁধতে, সুর দিতে অসাধারণ কৃষ অন্যদিকে বাণী বত্রা অসাধারণ কবিতা লেখে। বাণীর একটা কঠিন অতীত রয়েছে। প্রেমে সে জঘন্যভাবে প্রতারিত। এহেন বাণী আর কৃষ ঘটনাচক্রে কাছাকাছি আসে। প্রেম হয় তাঁদের। এই প্রেম লাভ অ্যাট ফার্স্ট সাইট নয়। একটু একটু করে ভালবেসে ফেলা। এরপর আসে প্রেমের পথে বাধা। এই বাধা ঠিক সেইরকম বাধা নয়। এ এক অন্য ভিলেনের অনুপ্রবেশ। সেই লড়াইটা খুব সহজ নয়। এখানেই ছবির চমক এবং ট্যুইস্ট। কী হয় দেখতে হলে ‘সাইয়ারা’ মিস করা যাবে না।

দেশের বিভিন্ন প্রেক্ষাগৃহে এখন ‘সাইয়ারা’ জ্বর। প্রেমে ব্যথা পেলেই নাকি সেই ভালবাসা পূর্ণতা পায়! আবার নিজের প্রেমকে জীবনে সফল হতে দেখলেও সেই ব্যথা বিলীনও হয়ে যায়। অহন পাণ্ডে ও অনিত পাড্ডার রোম্যান্টিক লাভস্টোরি দেখে চোখে জল দর্শকের। ‘সাইয়ারা’র অভিনেত্রী অনীত এখন ন্যাশনাল ক্রাশ হয়ে উঠেছেন। তাঁর সৌন্দর্য এবং অভিনয় দুটোই প্রশংসিত হচ্ছে। চাঙ্কি পান্ডের ভাইপো অহন পান্ডেকে দেখেও প্রেমে পড়ে গেছেন অনেকেই। অহনের স্ক্রিন প্রেজেন্স মারাত্মক। তাঁর অনাবৃত শরীরের আকর্ষণে ঘুম উড়েছে নেটপাড়ায়। অহন পান্ডে আর অনীত পাড্ডার অনস্ক্রিন কেমিস্ট্রি দেখে তাজ্জব নেটিজেনরা। নিষ্পাপ দুটি ছেলেমেয়ের গভীর প্রেমের দৃশ্যে যতই সেন্সর বোর্ডের কাঁচি চলুক না কেন যৌবনের তরতাজা প্রেম তো এমনটাই হয়, তাই না! বলিউডের ইতিহাসে নতুন অধ্যায় লিখেছে ‘সাইয়ারা’ আনকোরা নতুন কোনও জুটি নিয়ে তৈরি ছবি এত বড় সাফল্য এর আগে পায়নি, অন্তত গত ২০ বছরে! এই ছবি যতটা না বলার তার চেয়ে বেশি অনুভবের। নতুন জুটির অভিনয় দক্ষতা সম্পর্কে আলাদা করে বলার দরকার পড়ে না কারণ ওটাই তো আসল। এই ছবির প্রশংসায় শুভেচ্ছা জানিয়েছেন তারকারা। যেমন ‘মিস্টার পারফেকশনিস্ট’ আমির খান। ছবির প্রযোজক আদিত্য চোপড়া এবং অক্ষয় ওয়াধানি। অহন পান্ডে, অনিত পাড্ডা ছাড়াও রয়িছেন আলম খান, বরুণ ভদোলা, গীতা আগরওয়াল, রাজেশ কুমার প্রমুখ। রোম্যান্টিক মিউজিক্যাল ‘সাইয়ারা’র বেশিরভাগ গান গেয়েছেন বিশাল মিশ্র এবং সুর করেছেন তনিষ্ক বাগচী কিন্তু এই ছবিতে যাঁর গান নজর এবং মন দুই কেড়েছে তিনিও নবাগতই— সঙ্গীত শিল্পী ফাহিম আবদুল্লা। গানটির কম্পোজ করেছেন ফাহিম এবং তাঁর বহুবছরের সঙ্গী আরসালান নিজামি দুজনে।

মাঠে ময়দানে
25 July, 2025 • Friday • Page 14 || Website - www.jagobangla.in
জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

মাঠে নামতে মুখিয়ে আছি, বার্সেলোনার চুক্তিতে সই করে মার্কাস র‍্যাশফোর্ড

বিশ্বকাপে হরমনদের নিয়ে আশাবাদী শচীন

মুম্বই, ২৪ জুলাই : ইংল্যান্ডের মাটিতে ওয়ান ডে এবং টি-২০ সিরিজ জয় আসন্ন দু'টি বিশ্বকাপের আগে ভারতীয় মহিলা দলের আত্মবিশ্বাস বাড়াবে। এমনটাই মনে করছেন কিংবদন্তি শচীন তেন্ডুলকর। হরমনপ্রীত কৌরের ভারত সদ্য ইংল্যান্ডের মাটিতে প্রথমবার টি-২০ সিরিজ জিতেছে। এরপর ওয়ান ডে সিরিজও স্মৃতি মান্ধানারা জিতে নেন ২-১ ব্যবধানে। শচীন জানিয়েছেন, ইংল্যান্ডের মতো কঠিন পরিবেশে জোড়া সিরিজ জয় দুটো আইসিসি টুর্নামেন্টের আগে প্রস্তুতি ও মানসিকতার দিক থেকে ভারতীয় দলকে এগিয়ে রাখবে।

চলতি বছর ৩০ সেপ্টেম্বর থেকে ৫০ ওভারের বিশ্বকাপ শুরু হচ্ছে। ভারত ও শ্রীলঙ্কা যৌথভাবে বিশ্বকাপের আয়োজক। আগামী বছর ইংল্যান্ডে টি-২০ বিশ্বকাপ।

দুটো বড় টুর্নামেন্টের আগে ভারতীয় মেয়েদের টিম স্পিরিটে মুগ্ধ শচীন। তিনি বলেছেন, ইংল্যান্ডে সিরিজ জয় সবসময় চ্যালেঞ্জ। টি-২০ এবং ওয়ান ডে সিরিজ জিতে সেটা করে দেখানোটা প্রমাণ করে টিমের প্রস্তুতি এবং মানসিকতা কতটা ইতিবাচক। এই জয়ে দল অনেক আত্মবিশ্বাস পাবে। সামনে দুটো বিশ্বকাপ। সিরিজ জয় টিমের বিশ্বাস তৈরির জন্য খুব গুরুত্বপূর্ণ। ভাল খেলেছ, টিম ইন্ডিয়া।

মান্ধানা, হরমনপ্রীত এবং ২১ বছরের পেসার ক্রান্তি গৌড়ের প্রশংসা করেছেন মাস্টার ব্লাস্টার। শচীন বলেন, প্রথম টি-২০ ম্যাচে স্মৃতির সেঞ্চুরি সিরিজের সুর, তাল ঠিক করে দিয়েছিল। শেষ ওয়ান ডে-তে হরমনপ্রীতের সেঞ্চুরি ছন্দ ধরে রাখে। বল হাতে ক্রান্তি ছিল দুর্দান্ত। চাপের মুখে ছ'উইকেট নিয়েছে।

খেতাবি লড়াইয়ে ইংল্যান্ড ও স্পেন

জেনেভা, ২৪ জুলাই : মেয়েদের ইউরোর ফাইনালে গতবারের চ্যাম্পিয়ন ইংল্যান্ডের মুখোমুখি বিশ্বকাপজয়ী স্পেন। প্রথম সেমিফাইনালে ইতালির বিরুদ্ধে ৯৫ মিনিট পর্যন্ত পিছিয়ে থেকেও, ২-১ ব্যবধানে নাটকীয় জয় ছিনিয়ে নেয় ইংল্যান্ড। দ্বিতীয় সেমিফাইনালে জার্মানিকে আইতানা বোনামাতির অতিরিক্ত সময়ের গোলে ১-০ ব্যবধানে হারিয়েছে স্প্যানিশ মেয়েরা। নির্ধারিত নব্বই মিনিটে খেলার ফল ছিল গোলশূন্য। ফলে ম্যাচ গড়ায় অতিরিক্ত সময়ে। আর ১১৩ মিনিটে বোনামাতির গোলে বাজিমাত করে স্পেন। অন্যদিকে, ইতালির বিরুদ্ধে ৩৩ মিনিটে গোল হজম করেছিল ইংল্যান্ড। গোলটি করেন বারবারা বোনেনসার। যদিও ৯৬ মিনিটে ১-১ করেন ইংল্যান্ডের মিশেল আগিয়েমাং। এরপর অতিরিক্ত সময়ে (১১৯ মিনিট) ক্লোয়ি কেলির গোলে ফাইনালে ওঠে ইংল্যান্ড। রবিবার ফাইনালে স্পেনের মুখোমুখি হবে ইংল্যান্ড। ২০২৩ মেয়েদের বিশ্বকাপ ফাইনালে ইংল্যান্ডকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল স্পেন। এবার ইংল্যান্ডের কাছে বদলা নেওয়ার সুযোগ।

অলস্টার ম্যাচ না খেলে চাপে মেসি

মায়ামি, ২৪ জুলাই : মেজর লিগ সকারে অলস্টার ম্যাচ না খেলে শাস্তির মুখে লিওনেল মেসি! মেক্সিকোর লিগ এমএক্স অলস্টার দলকে ৩-১ গোলে হারিয়েছে এমএলএস অলস্টার। এই ম্যাচ থেকে সরে দাঁড়ান মেসি ও ইন্টার মায়ামির আরেক ফুটবলার জর্জি আলবা। একেবারে শেষ মুহূর্তে ইন্টার মায়ামির পক্ষ থেকে জানানো হয়, মেসি ও আলবা অলস্টার ম্যাচ খেলবেন না। কিন্তু কোনও কারণ জানানো হয়নি।

এমএলএসের নিয়ম অনুযায়ী, অলস্টার দলে সুযোগ পাওয়া ফুটবলাররা চোটের মতো যৌক্তিক কারণ ছাড়া না খেললে, এক ম্যাচ নির্বাসনের শাস্তি পাবেন। ফলে শাস্তির খাড়া ঝুলছে মেসি ও আলবার ঘাড়ে। এদিকে, রবিবার মার্কিন লিগে ইন্টার মায়ামির ম্যাচ রয়েছে সিনসিনাটির বিরুদ্ধে। নির্বাসিত হলে মেসি ও আলবা এই ম্যাচে মাঠে নামতে পারবেন না। ৩৮ বছর বয়সি মেসি আবার এই মুহূর্তে স্বপ্নের ফর্মে রয়েছেন। শেষ ছ'টি ম্যাচের পাঁচটিতেই জোড়া গোল করেছেন। ফলে মেসি না খেললে বেশ চাপে থাকবে ইন্টার মায়ামি।

মেসির শাস্তি প্রসঙ্গে এমএলএসের কমিশনার ডন গারবার জানিয়েছেন, আগামী সপ্তাহে এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। আর ইন্টার মায়ামির পরের ম্যাচ রবিবার। তাই এখনই এই বিষয়ে বলার মতো সময় আসেনি। আমরা একটা নির্দিষ্ট প্রক্রিয়া মেনেই সব সিদ্ধান্ত নেব।

এশিয়া কাপের সূচি ঘোষণা ঝুলে থাকল

ঢাকা, ২৩ জুলাই : এশিয়া কাপ ক্রিকেট আদৌ হবে তো? বৃহস্পতিবার ঢাকায় এশিয়ান ক্রিকেট কাউন্সিলের (এসিসি) বৈঠকের পরেও এই প্রশ্নের স্পষ্ট কোনও জবাব মিলল না! এসিসি প্রধান মহসিন নকভি শুধু জানালেন, খুব দ্রুত টুর্নামেন্টে সূচি ঘোষণা করে দেওয়া হবে। তবে এখনও কয়েকটি বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া বাকি রয়েছে। তবে আমরা ভারতীয় ক্রিকেট বোর্ডের সঙ্গে আলোচনা করে দ্রুত সমাধান করে ফেলার ব্যাপারে আশাবাদী।

শুরুতে বেঁকে বসলেও, শেষ পর্যন্ত এদিনের সভায় ভার্চুয়ালি যোগ দিয়েছিলেন বিসিসিআইয়ের সহ-সভাপতি রাজীব শুক্লা। ফলে এসিসি-র ২৫ জন সদস্যেকে নিয়েই হয়েছে বৈঠক। যা নিয়ে সন্তোষ প্রকাশ করেন নকভি। কিন্তু বৈঠকের প্রধান অ্যাজেন্ডা ছিল এশিয়া কাপের ভেনু ও সূচি চূড়ান্ত করা। সেটাই ঝুলে রইল। পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী আগামী ৫ সেপ্টেম্বর এশিয়া কাপ শুরু হওয়ার কথা। ফাইনাল ২১ সেপ্টেম্বর। টুর্নামেন্টের আয়োজক ছিল ভারত। তবে শেষ পর্যন্ত নিরপেক্ষ ভেনুতে হবে এশিয়া কাপ। এটা চূড়ান্ত। আনুষ্ঠানিক ঘোষণা না হলেও, সংযুক্ত আরব আমিরশাহিতে হবে টুর্নামেন্ট। তবে আয়োজনের দায়িত্বে থাকবে বিসিসিআই।

এই প্রসঙ্গে বিসিসিআই প্রেসিডেন্ট দেবজিৎ শইকিয়ার বক্তব্য, আমাদের প্রতিনিধি এসিসি-র বৈঠকে যোগ দিয়েছিলেন। উনি বোর্ডের সদস্যদের কাছে বিস্তারিত জানাবেন কী কী বিষয়ে আলোচনা হয়েছে। তার পর বোর্ড আনুষ্ঠানিকভাবে বক্তব্য পেশ করবে।

হেরে সমর্থকের সঙ্গে তর্ক-বিতর্কে নেইমার

স্যান্টোস, ২৩ জুলাই : একে তো দলের হার। তার উপরে নিজের গোল বাতিল! মাথা ঠান্ডা রাখতে পারলেন না নেইমার দ্য সিলভা। মাঠ ছাড়ার সময় জড়িয়ে পড়লেন এক সমর্থকের সঙ্গে তর্কে।

ব্রাজিলের লিগে ঘরের মাঠে ইন্টারনাসিওনালের কাছে ১-২ গোলে হেরেছে স্যান্টোস। খেলার শুরুর ৯ মিনিটের মধ্যেই জোহান কার্বোনেরোর গোলে এগিয়ে গিয়েছিল ইন্টারনাসিওনাল। নেইমারদের চাপ বাড়ে ৭৫ মিনিটে পেনাল্টি থেকে রাফায়েল ইন্টারনাসিনাল ব্যবধান দ্বিগুণ করলে। ওই পরিস্থিতিতে গোল শোধের জন্য একটা মরিয়া চেষ্টা চালিয়েছিল স্যান্টোস। সংযুক্ত সময়ের প্রথম মিনিটে আলভারো বারিয়ালের গোলে ১-২ করেছিলেন নেইমাররা। এরপর ম্যাচে সমতা ফেরানোর জন্য একের পর এক আক্রমণ শানিয়েছে স্যান্টোস। ম্যাচের একেবারে শেষ মুহূর্তে নেইমারের বাঁ পায়ের জোরালো শট কোনও রকমে আটকান বিপক্ষ গোলকিপার সের্জিও রোচা। নেইমার ধরেই নিয়েছিলেন বল তার আগেই গোললাইন পেরিয়ে গিয়েছি। তাই উৎসব শুরু করেন দেন। কিন্তু রেফারি গোল বাতিল করে দেন। মাঠ ছাড়ার সময় গ্যালারি থেকে এক স্যান্টোস সমর্থক বিদ্রুপ করলে, তার সঙ্গে উত্তপ্ত বাক্য বিনিময় হয় নেইমারের। কোনও রকমে সতীর্থরা পরিস্থিতি সামাল দেন।

গোল বাতিল, হারল দলও। মাঠ ছাড়ছেন বিধ্বস্ত নেইমার।

ডোপ-কাণ্ডে ছাঁটাই কোচকে ফেরালেন সিনার

ফের একসঙ্গে সিনার ও ফেরেরা।

রোম, ২৪ জুলাই : ইউএস ওপেনের আগে বড় সিদ্ধান্ত নিলেন জানিক সিনার। বিশ্বের এক নম্বর টেনিস তারকা নিজের কোচিং টিমে ফিরিয়ে আনলেন ফিটনেস কোচ উমবের্তো ফেরেরাকে। যাঁকে গত বছরের অগাস্টে ডোপিং কেলেঙ্কারিতে জড়িয়ে পড়ার পর সিনার নিজেই ছেঁটে ফেলেছিলেন!

গত বছর ডোপিং পরীক্ষায় দু'বার ব্যর্থ হয়েছিলেন সিনার। সেই সময় তাঁর ফিটনেস কোচের দায়িত্বে ছিলেন ফেরারা। প্রবল বিতর্কের আবহে ফেরেরা এবং তৎকালীন ফিজিও জিয়াকোমো নালদিকে ছাঁটাই করেন সিনার। বলা হয়েছিল, এই দু'জনের অসতর্কতার জন্যই সিনারের শরীরে নিষিদ্ধ ক্লোস্টেবল ড্রাগ ঢুকেছিল। মজার কথা, এই ঘটনা ঘটেছিল গত বছরের ইউএস ওপেন শুরু হওয়ার ঠিক আগে। এবার আরও একটা ইউএস ওপেন শুরু হওয়ার মুখে ফেরেরা ফের যোগ দিলেন সিনারের কোচিং টিমে।

এদিকে, অনিচ্ছাকৃত হলেও, ডোপিংয়ের জন্য শাস্তি পেয়েছিলেন সিনারও। চলতি বছরে অস্ট্রেলিয়ান ওপেন চ্যাম্পিয়ন হওয়ার পর, তাঁকে তিন মাসের জন্য নির্বাসিত করা হয়েছিল।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

মাঠে ময়দানে

25 July, 2025 • Friday • Page 15 || Website - www.jagobangla.in

১৫
২৫ জুলাই ২০২৫
শুক্রবার

ডুরান্ড কাপে নেপালের সেনা দলকে ৩-২ গোলে হারিয়ে অভিযান শুরু জামশেদপুর এফসি-র

কাপ যুদ্ধে দিব্যা-হাম্পি

জর্জিয়া, ২৪ জুলাই : গতকাল প্রথম ভারতীয় হিসাবে মেয়েদের বিশ্বকাপ দাবার ফাইনালে উঠে ইতিহাস গড়েছিলেন দিব্যা দেশমুখ। বৃহস্পতিবার ফাইনালে উঠলেন আরেক ভারতীয় গ্র্যান্ডমাস্টার কোনেরু হাম্পিও! বৃহস্পতিবার দ্বিতীয় সেমিফাইনালে হাম্পি রুদ্ধশ্বাস লড়াইয়ের পর হারিয়েছে টুর্নামেন্টের শীর্ষ বাছাই চিনা গ্র্যান্ডমাস্টার লি তিংজিকে। ফলে প্রথমবার মেয়েদের দাবা বিশ্বকাপের খেতাবি লড়াই হবে দুই ভারতীয় দাবাড়ুর মধ্যে। ফলে প্রথমবার কোনও ভারতীয় মহিলা দাবাড়ুর দাবা বিশ্বকাপ জয় নিশ্চিত। বুধবার দিব্যা সেমিফাইনালে হারিয়েছিলেন আরেক চিনা দাবাড়ু তথা প্রাক্তন বিশ্ব চ্যাম্পিয়ন তাং ঝাংজিকে। ১৯ বছরের দিব্যা বলছেন, গত কয়েকটা দিন খুব চাপে ছিলাম। ফাইনালের আগে ভাল করে ঘুমোতে চাই। একটা সময় মনে হয়েছিল, সহজেই জিতে যাব। কিন্তু মাঝে খেই হারিয়ে ফেলি। তখন মনে হয়েছিল, ড্র হয়ে যাবে। কিন্তু শেষ পর্যন্ত ভাগ্য সঙ্গ দিয়েছে।

নতুন পরীক্ষা মহামেডানের

প্রতিবেদন : ফিফার ট্রান্সফার ব্যানের ধাক্কা এবং কলকাতা লিগে টানা হারে বিপর্যস্ত মহামেডান। আরও এক নতুন লড়াইয়ে ঘরোয়া লিগে প্রথম জয়ের খোঁজে তারা। বৃষ্টিতে পণ্ড হয়ে যাওয়া রেনবোর বিরুদ্ধে ম্যাচ শুক্রবার ফের খেলতে নামছে মহামেডান। বৃষ্টিতে স্থগিত হওয়ার আগে ম্যাচটি মাত্র ৬ মিনিট খেলা হয়েছিল। যে জায়গায় বন্ধ হয়েছিল সেখান থেকেই খেলা ফের শুরু হবে। কিন্তু মহামেডানের নতুন সমস্যা সেদিন স্থগিত হয়ে যাওয়া ম্যাচে প্রথম একাদশে থাকা তিন ফুটবলারের চোট। তাঁদের রেনবোর বিরুদ্ধে খেলাতে পারবেন না কোচ মেহরাজউদ্দিন ওয়াডু। মহামেডান কোচ বললেন, আমাদের সমস্যার শেষ নেই। চোট পাওয়া তিন ফুটবলারের জায়গায় নতুন তিনজন খেলানোর অনুমতি নিতে হবে ম্যাচ অফিসিয়ালদের কাছ থেকে। আমাদের অনভিজ্ঞ ফুটবলার। কলকাতা লিগে খেলার তেমন অভিজ্ঞতা নেই। তবু আমরা চেষ্টা করছি, নিজেদের ক্ষমতা অনুযায়ী লড়াই করার। আশা করি, আমরা এই ম্যাচ থেকে পুরো পয়েন্ট পাব।

ট্রফি জয়ের লক্ষ্যেই মোহনবাগানে অভিষেক

ডুরান্ডের প্রস্তুতি শুরু লিস্টনদের

প্রতিবেদন : মোহনবাগানে আগেই চূড়ান্ত হয়ে গিয়েছিলেন তিনি। মেডিক্যাল টেস্টের ফল জেনে চূড়ান্ত চুক্তিপত্রে সইপর্বটুকুই বাকি ছিল। সেটাও হয়ে গেল বৃহস্পতিবার সকালে। মোহনবাগান সুপার জায়ান্টের সঙ্গে চার বছরের চুক্তি হল টেকচাম অভিষেক সিংয়ের। শারীরিক সক্ষমতার পরীক্ষা দিতে দিন দুয়েক আগেই শহরে আসেন দেশের অন্যতম এই ফুটবল প্রতিভা। ২০ বছর বয়সি মণিপুরি ডিফেন্ডার সেই পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর এদিন সকালেই মোহনবাগানের সঙ্গে চুক্তিবদ্ধ হলেন। বিকেলেই নিউ টাউনের মাঠে দলের সঙ্গে ডুরান্ড কাপের প্রস্তুতিতে নেমে পড়েন অভিষেক। পাঞ্জাব এফসি থেকে বিশাল অঙ্কের ট্রান্সফার ফি দিয়ে তরুণ সাইডব্যাককে সই করিয়েছে মোহনবাগান।

প্রথম দিন লিস্টন কোলাসো, অনিরুদ্ধ থাপা, মনবীর সিং, বিশাল কাইথ, আপুইয়াদের সঙ্গে চুটিয়ে অনুশীলন করেন অভিষেক। সহকারী কোচ বাস্তব রায় ও যুব দলের ডেগি কার্ডোজোর তত্ত্বাবধানে অনুশীলন করে সবুজ-মেরুনের সিনিয়র দলের ভারতীয় ব্রিগেড। তবে প্রথম দিন মূলত ফিজিক্যাল ট্রেনিংয়ের উপরই জোর দেওয়া হয়। দীপেন্দু বিশ্বাস, সুহেল ভাট, গ্লেন মার্টিন্সরাও ছিলেন সিনিয়র দলের প্রস্তুতিতে। তবে প্রথম দিনের অনুশীলনে সবার নজর ছিল অভিষেকের দিকে।

মোহনবাগানের সঙ্গে চুক্তিবদ্ধ হয়ে অভিষেক বলেন, আমার কাছে দেশের অনেক নামী ক্লাবে খেলার প্রস্তাব ছিল। কিন্তু মোহনবাগানে যোগ দেওয়ার কারণ, এই ক্লাব দেশের এক নম্বর। মোহনবাগানে খেলেই চ্যাম্পিয়ন হওয়ার স্বাদ পাওয়া যায়। ট্রফি জেতা যায়। স্বপ্ন ছোঁয়া যায়। মোহনবাগানের ট্রফি জয়ের ধারাবাহিকতাই আমাকে এখানে টেনে এনেছে। এই ক্লাব দল গড়ে চ্যাম্পিয়ন হওয়ার জন্যই। আমারও লক্ষ্য ট্রফি জেতা।

আইএসএলের ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তা তৈরি হলেও তা নিয়ে ভাবতে চান না মণিপুরি ডিফেন্ডার। অভিষেকের কথায়, পাঞ্জাবের হয়ে আই লিগ জিতেছি। এবার মোহনবাগানের জার্সিতে আইএসএল এবং লিগ-শিল্ড জিততে চাই। এই দলে অনেক তারকা রয়েছে। তাদের সঙ্গে খেললে বা অনুশীলন করতে পারলে আমি উপকৃত হব। ভারতীয় দলের হয়ে খেললেও এএফসি প্রতিযোগিতায় কখনও খেলিনি। সেই স্বপ্নও পূরণ করতে চাই। মোহনবাগান সমর্থকের সংখ্যা সব চেয়ে বেশি। ডার্বির উন্মাদনা দেখেছি। এবার মাঠে নেমে সেই উত্তেজনার স্বাদ পেতে চাই।

সই করেই অনুশীলনে অভিষেক। বৃহস্পতিবার।

ডার্বিতে ভিন রাজ্যের রেফারি

প্রতিবেদন : কলকাতা লিগের ডার্বিতে এবার বাংলার রেফারির হাতে বাঁশি থাকছে না। বহু দিন পর ঘরোয়া লিগের বড় ম্যাচ পরিচালনা করবেন ভিনরাজ্যের রেফারি। তবে রেফারির নাম আগে থেকে প্রকাশ করতে চায়নি আইএফএ। তবে বাংলা থেকেই লাইন্সম্যান এবং চতুর্থ রেফারির দায়িত্ব পালন করবেন। প্রাঞ্জল বন্দ্যোপাধ্যায়ের মতো নামী রেফারি থাকার পরও কেন তাঁকে বড় ম্যাচ পরিচালনার দায়িত্ব দেওয়া হল না? রাজ্যে কি তবে দক্ষ রেফারির অভাব? আইএফএ সচিব অনির্বাণ দত্ত বললেন, বাংলায় অনেক দক্ষ রেফারি রয়েছেন। ডুরান্ড কাপের জন্য ভাল রেফারিরা ব্যস্ত। জামশেদপুর, শিলংয়ে গিয়ে ডুরান্ডের ম্যাচ খেলাচ্ছেন আমাদের রেফারিরা। তাছাড়া প্রাঞ্জলের মতো রেফারি একটি বিশেষ ক্লাবের সঙ্গে যুক্ত। তাই তাঁকে ডার্বি পরিচালনার দায়িত্ব দেওয়া হচ্ছে না। এদিকে, ডার্বি নিয়ে বিভিন্ন উদ্যোগ নেওয়া হলেও ১০ হাজার দর্শকের মধ্যে অধিকাংশই জেলা থেকে মাঠ ভরাবেন।

ইস্টবেঙ্গলের সম্মান

ভারত গৌরব শ্রীজেশ

প্রতিবেদন : আগামী ১ অগাস্ট ইস্টবেঙ্গল ক্লাবের ১০৬তম প্রতিষ্ঠাদিবস। এই বছর ক্লাবের ভারত গৌরব সম্মান পাচ্ছেন অলিম্পিকে পদকজয়ী ভারতীয় হকি দলের প্রাক্তন গোলকিপার পি আর শ্রীজেশ। ক্লাব সূত্রে খবর, সেদিন কলকাতায় এসেই সম্মান গ্রহণ করবেন প্রাক্তন তারকা খেলোয়াড়। জীবনকৃতি সম্মানে ভূষিত করা হবে ক্লাবের প্রাক্তন অধিনায়ক সত্যজিৎ মিত্রকে। বর্ষসেরা ফুটবলারের সম্মান এবার পাবেন ক্লাবের বাঙালি মিডফিল্ডার সৌভিক চক্রবর্তী এবং মহিলা দলের সৌম্যা গুগলথ। ভারতীয় মহিলা দলের বঙ্গতনয়া সঙ্গীতা বাসফোর পাচ্ছেন 'প্রাইড অফ বেঙ্গল' সম্মান। আন্তর্জাতিক গ্র্যান্ডমাস্টার আরণ্যক ঘোষকে বিশেষ সম্মান দেবে ইস্টবেঙ্গল। এছাড়াও থাকছে বর্ষসেরা, রেফারি, সাংবাদিক ও আলোকচিত্রীর সম্মান।

রশিদে মুগ্ধ অস্কার, চান ভাগ্য বদলাতে

প্রতিবেদন : ডুরান্ড কাপের প্রথম ম্যাচেই বড় জয় আত্মবিশ্বাস বাড়িয়ে দিয়েছে ইস্টবেঙ্গলের কোচ, ফুটবলারদের। সাউথ ইউনাইটেডের মতো অনামী দলের বিরুদ্ধে পাঁচ গোলে জয় নিয়ে বাড়তি উচ্ছ্বাস দেখাতে রাজি নন কোচ অস্কার ব্রুজো। তবে মাত্র দিন চারেকের অনুশীলনে মরশুমের প্রথম ম্যাচ মাথায় রাখলে অনেক ইতিবাচক দিক সঙ্গে নিয়ে এগোতে চাইছেন লাল-হলুদের স্প্যানিশ হেডস্যার।

নজর কাড়লেন রশিদ।

প্রথম ম্যাচ জিতে অস্কার বলছেন, আমাদের গত মরশুমটা ভাল যায়নি। এবার ভাগ্য বদলাতে চাই। এই মরশুমে সব কিছু নতুনভাবে শুরু করতে চেয়েছিলাম। ডুরান্ডের প্রথম ম্যাচে সেই লক্ষ্যে সফল। সবে মরশুম শুরু। আমাদের অনেক পরিশ্রম করতে হবে। পিভি বিষ্ণু গোড়ালিতে চোট পেলেও তা গুরুতর নয় বলেই জানিয়েছেন কোচ।

প্রথম ম্যাচে প্যালেস্তাইনের মিডফিল্ডার মহম্মদ রশিদ নজর কেড়েছেন। মাঝমাঠে একজন বিদেশি ক্রিয়েটিভ মিডফিল্ডার দরকার ছিল ইস্টবেঙ্গলের। প্রথম ম্যাচের নিরিখে বলা যায়, রশিদ সেই প্রত্যাশা পূরণের প্রতিশ্রুতি দিচ্ছেন। নেতৃত্ব দেওয়ার গুণটাও রয়েছে, তা বুঝিয়ে দিলেন প্রথম ম্যাচেই। অস্কারও মুগ্ধ রশিদকে দেখে। তিনি বললেন, রশিদ বেশ বুদ্ধিমান ফুটবলার। টেকনিক্যালি এবং ট্যাকটিক্যালি খুব ভাল। সতীর্থদের সঙ্গে বোঝাপড়া করে খেলে। টিমের ভারসাম্য রক্ষায় রশিদ খুব গুরুত্বপূর্ণ ফ্যাক্টর হবে।

মুম্বই সিটি এফসি-র হয়ে আইএসএল লিগ-শিল্ড ও কাপজয়ী ভারতীয় উইঙ্গার বিপিন সিং লাল-হলুদ জার্সিতে প্রথম ম্যাচ খেললেন। বিপিনের পারফরম্যান্সেও খুশি ইস্টবেঙ্গল কোচ। অস্কার বললেন, বিপিন দুই প্রান্তেই সমান পারদর্শী। কখন কোথায় পৌঁছে যাবে, বিপক্ষ ধরতে পারে না। বিপিন দলের আক্রমণভাগে বৈচিত্র বাড়িয়েছে।

সিন্ধুকে হারিয়ে চমক দিলেন উন্নতি

কোয়ার্টার ফাইনালে সাত্ত্বিক-চিরাগ

চাংঝোউ, ২৪ জুলাই : আরও একটা টুর্নামেন্ট থেকে খালি হাতে ফিরতে হচ্ছে পি ভি সিন্ধুকে। বৃহস্পতিবার চিনা ওপেন সুপার ১০০০ ব্যাডমিন্টন টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ড থেকে ছিটকে গেলেন জোড়া অলিম্পিক পদকজয়ী ভারতীয় তারকা। সিন্ধুকে হারিয়ে বড় চমক দিলেন উন্নতি হুডা। ১৭ বছর বয়সি ভারতীয় শাটলার তিন গেমের লড়াইয়ের পর, ২১-১৬, ১৯-২১, ২১-১৩ ফলে ম্যাচ জিতে মেয়েদের সিঙ্গলসের শেষ আটে জায়গা করে নিলেন।

বিজয়ী উন্নতিকে অভিনন্দন সিন্ধুর।

উন্নতি এর আগে প্রথম রাউন্ডে হারিয়েছিলেন র‍্যা ঙ্কিংয়ে অনেকটা এগিয়ে থাকা স্কটল্যান্ডের ক্রিস্টি গিলমোরকে। অন্যদিকে, সিন্ধু এখন অতীতের ছায়া মাত্র। এই নিয়ে চলতি বছরে চারটি টুর্নামেন্টে দ্বিতীয় রাউন্ডের বেড়া টপকাতে ব্যর্থ হলেন। সিন্ধু পাশাপাশি ছেলেদের সিঙ্গলসের দ্বিতীয় রাউন্ড থেকে বিদায় নিলেন এইচ এস প্রণয়ও। তিনি ২১-১৮, ১৫-২১, ৮-২১ গেমে হেরেছেন বিশ্বের ছ'নম্বর চৌউ তিয়েন চেনের বিরুদ্ধে। এদিকে, ছেলেদের ডাবলসের কোয়ার্টার্র ফাইনালে উঠেছেন সাত্ত্বিকসাইরাজ রাংকিরেড্ডি ও চিরাগ শেঠি। এদিন সাত্ত্বিক-চিরাগ জুটি দু'গেমের হাড্ডাহাড্ডি লড়াইয়ের পর, ২১-১৯, ২১-১৯ ফলে হারিয়েছেন ইন্দোনেশিয়ার লিও রলি কার্নান্দো ও বাগাস মাউলানাকে। পরের রাউন্ডে সাত্ত্বিক ও চিরাগের প্রতিপক্ষ মালয়েশীয় জুটি ওং ইউ সিন এবং তিও ই য়ুই।

ব্যাটিং থেকে ফোকাস নড়ে গিয়েছে শুভমন গিলের : জোনাথন ট্রট

বুমরা ভীতি কাটিয়ে পাল্টা ইংল্যান্ডের

ভারত ৩৫৮, ইংল্যান্ড ২২৫/২

ম্যাঞ্চেস্টার, ২৪ জুলাই : ওল্ড ট্র্যাফোর্ডে ইংল্যান্ডের ব্যাটিং দেখে মনে হতে পারে ওরা বুমরা-ভীতি কাটিয়ে উঠেছে। দ্বিতীয় দিন ১৩ ওভার বল করে তিনি উইকেট পাননি। সিরিজে যা আকল্পনীয়। কিন্তু আসল আলোচনা হোক উইকেট নিয়ে। বাইরে সবুজ। বল পড়লেই পাটা। এই ধোঁকাটাই খেলেন শুভমনরা। বল সিম করবে ভেবে শার্দূল ঠাকুর, অংশুল কাম্বোজ। ফল কার্যত শূন্য। এখন ইংল্যান্ডের ২২৫/২ দেখে কুলদীপের জন্য হা-হুতাশ করে লাভ নেই। অথচ এমন উইকেটে তাঁকেই দরকার ছিল।

ম্যাঞ্চেস্টারে একটা আসনও খালি যায়নি বৃহস্পতিবার। যে জন্য লোকজনের মাঠে আসা সেটা উসুল। ভাঙা পায়ে ঋষভের লড়াই। জোফ্রার নিখুঁত আউট স্যুইংয়ে স্ট্যাম্প উড়ে যাওয়া। তারপর ইংল্যান্ড ওপেনারদের বুমরা সামলে পাল্টা আক্রমণ। সিরিজে ইংল্যান্ড প্রথমবার ওপেনিংয়ে একশো দেখল। দুই ওপেনার হাফ সেঞ্চুরি করলেন। কিন্তু বেশি স্বস্তি দিল জ্যাক ক্রলিকে (৮৪)। তাঁকে রোজ পরীক্ষার সামনে পড়তে হচ্ছে। বয়কট, আথারটনরা বাদ দেওয়ার দাবি জানাচ্ছেন। তবে ইংল্যান্ড ড্রেসিংরুমের অগাধ আস্থা ক্রলির উপর। বলা হয়নি তাঁকে আউট করেছেন জাদেজা। আর ডাকেট (৯৪) কম্বোজের প্রথম টেস্ট শিকার।

লাঞ্চের একটু আগে ঋষভ পন্থ যখন ব্যাট করতে নামেন, ওল্ড ট্রাফোর্ড উঠে দাঁড়িয়ে অভিনন্দন জানাল। এমন নয় যে বাঁহাতি কিপার-ব্যাটার ফের গাব্বা জয়ের মতো কাণ্ড ঘটিয়েছেন। বড়জোর আগের দিনের ৩৭ রান নিয়ে খেলতে নামলেন। কিন্তু তাঁর রক্তঝরা পা নিয়ে গলফ কার্টে করে মাঠ থেকে বেরিয়ে যাওয়া সবাই দেখেছে। ঋষভ আর এই টেস্টে নেই বলে ভন-পন্টিংরা রায় পর্যন্ত দিয়ে ফেলেছিলেন। কিন্তু

দুরন্ত ব্যাটিং ক্রলি ও ডাকেটের। বৃহস্পতিবার ম্যাঞ্চেস্টারে।

সবাইকে আর একবার তিনি ভুল প্রমাণ করলেন।

এরপরও কাহিনি অসমাপ্ত থাকবে যদি বাকিটা না বলা হয়। বাঁ পা ফেলতে পারছেন না। ফুট মুভমেন্টের প্রশ্ন নেই। সিঙ্গলস দূরের ব্যাপার। এই অবস্থায় নামের পাশে আর একটা হাফ সেঞ্চুরি জুড়ে ফেললেন তিনি। খেললেন জায়গায় দাঁড়িয়ে। এর মধ্যে ঋষভ জোফ্রাকে মিড উইকেট গ্যালারিতে ফেলে দিলেন। কমেন্ট্রি বক্সে প্রাক্তনরা বলাবলি করছিলেন, আরে, যাকে নিয়ে বলছিলাম কবে আবার মাঠে দেখব, সে শুধু ব্যাট করতে এল না একটা হাফ সেঞ্চুরিও (৫৪) করে ফেলল!

আর এটা ঋষভ বলেই সম্ভব। গাড়ি দুর্ঘটনার পর দ্বিতীয় জীবন পেয়েছেন। তখন মনে হয়েছিল জীবন পেলেও ক্রিকেটকে ফিরে পাবেন না। সেটাও ভুল প্রমাণ হয়েছে। ঋষভ ফিরে এসেছেন দ্বিগুণ শক্তি নিয়ে। এবার ইংল্যান্ড সফরে দুই ইনিংসে সেঞ্চুরি করেছেন। শুভমনের পরেই তাঁর রান। তবে তিনশোর বেশি রান উঠে যাওয়ার পরও ঋষভকে ব্যাট করতে নামানো একটু বেশি ঝুঁকির হয়ে গেল কিনা সেটা একটা প্রশ্ন। বিশেষ করে ক্রিকেট পণ্ডিতরা যখন এই টেস্টে তাঁকে আর দেখতেই পাচ্ছিলেন না! কিন্তু তাঁর এই লড়াই না থাকলে ভারত ৩৫৮ পর্যন্ত যেতে পারত না। স্টোকস ৭২ রানে ৫ উইকেট নিয়েছেন। ৩ উইকেট জোফ্রার।

লাঞ্চের আগে দুটো উইকেট পড়েছিল ভারতের। জাদেজা আগের দিনের রান বাড়িয়ে নিয়ে যেতে পারেননি। তিনি জোফ্রার বলে ব্রুকের হাতে ক্যাচ দিয়ে ফিরে যান ২০ রানে। পরের উইকেট শার্দূলের (৪১)। তাঁর উইকেট নিয়েছেন স্টোকস। লোয়ার অর্ডারে রান করতে পারবে এমন ভাবনা থেকে নীতীশের জায়গায় নেওয়া হয়েছে শার্দূলকে। না হলে কুলদীপ দলে আসতেন। ব্যাট হাতে যে লড়াই শার্দূল করে গেলেন, তাতে টিম ম্যানেজমেন্টের ভাবনাই ঠিক বোঝা গেল। কিন্তু তিনি এক-আধটা উইকেট পেলে ভাল হত। পরের দিকে ভাঙা পা নিয়ে ঋষভ দাঁড়িয়ে থাকলেন। যাতে ওয়াশিংটন সুন্দর (২৭) স্কোর এগিয়ে নিয়ে যেতে পারেন।

ইংল্যান্ড ৮ উইকেট হাতে নিয়ে ১৩৩ রানে পিছিয়ে। শুক্রবার সকালের দু-ঘণ্টা খুব গুরুত্বপূর্ণ। ম্যাচে ফিরতে হলে বুমরা-ম্যাজিক চাই ভারতের। তা না হলে ইংল্যান্ড এগিয়ে যাবে। তখন পরিস্থিতি আরও জটিল হবে। ভুলে গেলে চলবে না সিরিজে ভারতই কিন্তু পিছিয়ে আছে।

পরের বছরও ইংল্যান্ড যাবে ভারতীয় দল

লন্ডন, ২৪ জুলাই : ইংল্যান্ড সফরে ব্যস্ত রয়েছে ভারতের পুরুষ ক্রিকেট দল। আগামী বছর জুলাইয়েই ফের ইংল্যান্ডে গিয়ে সিরিজ খেলবেন শুভমন গিলরা। তবে টেস্ট নয়, সাদা বলের সিরিজ খেলতে যাবে টিম ইন্ডিয়া। হরমনপ্রীত কৌরের ভারতও প্রায় একই সময়ে ইংল্যান্ডে গিয়ে একটি টেস্ট এবং তিন ম্যাচের টি-২০ সিরিজ খেলবে। টি-২০ সিরিজের পরই ইংল্যান্ডে মেয়েদের টি-২০ বিশ্বকাপ। মেগা টুর্নামেন্ট শেষেই লর্ডসে প্রথমবার টেস্ট খেলবেন হরমনপ্রীতরা।

২০২৬-এর ইংল্যান্ড সফরে শুভমন, সূর্যকুমার যাদবরা পাঁচটি টি-২০ এবং তিন ম্যাচের ওয়ান ডে সিরিজ খেলবেন। সাদা বলের ক্রিকেট চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেওয়ায় দুই সিনিয়র তারকা বিরাট কোহলি ও রোহিত শর্মাকেও আগামী বছরের ইংল্যান্ড সফরে দেখা যাওয়ার সম্ভাবনা রয়েছে। ১ থেকে ১৯ জুলাই সাদা বলের সিরিজ হবে। পাঁচটি টি-২০ যথাক্রমে ডারহাম, ম্যাঞ্চেস্টার, নটিংহ্যাম, ব্রিস্টল এবং সাউদাম্পটনে। তিনটি ওয়ান ডে হবে যথাক্রমে বার্মিংহাম, কার্ডিফ এবং লর্ডসে।

হরমনপ্রীতরা অবশ্য মে মাসের শেষেই ইংল্যান্ড সফর শুরু করবেন। ২৮ মে প্রথম টি-২০ ভারতীয় মেয়েদের। চেমসফোর্ডে ম্যাচ। ৩০ মে ব্রিস্টলে দ্বিতীয় টি-২০। ২ জুন টনটনে সিরিজের তৃতীয় তথা শেষ টি-২০ স্মৃতি মান্ধানাদের। এরপরই প্রায় একমাস ধরে ইংল্যান্ডে চলবে মেয়েদের টি-২০ বিশ্বকাপ। ৫ জুলাই লর্ডসে বিশ্বকাপ ফাইনালের পর হোম অফ ক্রিকেটেই একমাত্র টেস্ট খেলবেন মান্ধানারা।

উদ্বিগ্ন পন্টিং, প্লেয়ার পরিবর্তনের দাবি ভনের

ব্যাট করলেও কিপিং নয় ঋষভের

ভাঙা পা নিয়ে ক্রিজে পন্থ। বৃহস্পতিবার ম্যাঞ্চেস্টারে।

ম্যাঞ্চেস্টার, ২৪ জুলাই : ঋষভ পন্থের চোট নিয়ে বিসিসিআই প্রাথমিক বিবৃতি দিলেও পরে আর তেমন কোনও আপডেট আসেনি। কিন্তু ইংল্যান্ড ক্রিকেটার লিয়াম ডসন থেকে শুরু করে মাইকেল ভন, রিকি পন্টিংরা সবাই মনে করছেন ওল্ড ট্র্যাফোর্ড টেস্টে বাঁহাতি কিপারের ফেরার কোনও সম্ভাবনা নেই।

প্রথম দিন ক্রিস ওকসের ইয়ার্কারে পায়ের পাতায় চোট পেয়েছেন ঋষভ। পন্টিং বলেছেন, ও তো পাঁচ-সাত মিনিট উঠতেই পারেনি! তারপরও দেখলাম চোট পাওয়া পা মাটিতে রাখতে পারেনি। খুব গুরুতর চোট। আমারও একবার এমন হয়েছিল বলে ব্যাপারটা জানি। মনে হয় না ঋষভ এই পা নিয়ে ওল্ড ট্র্যাফোর্ডে আর খেলতে পারবে।

ঋষভ নিয়ে সতীর্থ সাই সুদর্শন জানিয়েছেন, তাঁর স্ক্যান হয়েছে। সাই মনে করেন, ঋষভ আর ব্যাট করতে না পারলে সেটা দলের জন্য বড় ক্ষতি হবে। দিল্লির বাঁহাতি কিপারের তখন ৩৭ রানে ব্যাট করছিলেন। ওকসের হাফ ভলিতে রিভার্স মারতে গিয়ে তিনি বলের লাইন মিস করেন। বল সরাসরি এসে লেগেছে পায়ের পাতায়। নিমেষে ফুলে যায় আঘাতের স্থান। সঙ্গে রক্তপাত। ঋষভকে গলফ কার্ট-এ মাঠের বাইরে নিয়ে যাওয়া হয়।

ইংল্যান্ডের বাঁহাতি স্পিনার ডসন বলেছেন, তাঁর মনে হচ্ছে না ঋষভ আর এই টেস্টে ব্যাট করতে পারবেন। ফলে এটা ইংল্যান্ডের জন্য বিশাল সুবিধা। প্রথম দিন খেলার পর সাংবাদিক সম্মেলনে এসে ইংল্যান্ড স্পিনার আরও জানান, আশা করব ওর চোট খুব সিরিয়াস কিছু নয়। তবে আমার মনে হচ্ছে ঋষভ আর এই টেস্টে ব্যাট করতে পারবে না। এই পরিস্থিতিতে খুব গুরুত্বপূর্ণ পয়েন্ট তুলেছেন ভন। তিনি বলেন, ক্রিকেটে কনকাশন সাব এসে যাওয়ার পর এরকম চোটের ক্ষেত্রেও পরিবর্তের অপশন থাকা উচিত। বিশেষ করে কারও যদি হাত বা পা ভেঙে যায়। এসব ক্ষেত্রে যন্ত্রণাতেই পরিস্থিতির ভয়াবহতা বোঝা যায়। সুতরাং সাবস্টিটিউট দেওয়া যেতেই পারে। না হলে টেস্টের ম্যাচের ব্যালান্স নষ্ট হয়ে যাবে। এখনও ওল্ড ট্র্যাফোর্ডে ম্যাচের অনেক সময় পড়ে আছে। কিন্তু খেলাটা দশ ভার্সাস এগারোতে দাঁড়িয়ে গেল!

তিনে সাইকেই পছন্দ অশ্বিনের

চেন্নাই, ২৪ জুলাই : ম্যাঞ্চেস্টার টেস্টের প্রথম ইনিংসে সাই সুদর্শনের ১৫১ বলে ৬১ রানের ইনিংসের প্রশংসায় রবিচন্দ্রন অশ্বিন। প্রাক্তন তারকা অফ স্পিনারের মতো তরুণ সুদর্শনও চেন্নাই শহরের। অশ্বিন জানিয়েছেন, রাহুল দ্রাবিড়, চেতেশ্বর পূজারার মতো তিন নম্বর পজিশনে দৃঢ়তা দেখিয়েছেন সুদর্শন। এই পজিশনে তাঁকে জায়গাটা অর্জন করে নিতে হবে।

নিজের ইউটিউব চ্যানেলে অশ্বিন বলেছেন, সাই সুদর্শনকে কৃতিত্ব দিতে হবে। প্রথম টেস্টের পর বাদ পড়ে ফিরে এসেই এমন একটা জমাট ইনিংস খেলা সহজ নয়। তাও আবার সিরিজে ভারত যেখানে ১-২ পিছিয়ে। আগামী দিনে সুদর্শনকেই তিন নম্বর জায়গার মালিক হতে হবে। দলও তাহলে টপ অর্ডারে নির্ভরতা পাবে।

একটা ইনিংস দেখে সুদর্শনের সঙ্গে রাহুল দ্রাবিড় বা চেতেশ্বর পূজারার তুলনায় যেতে চান না অশ্বিন। তবে প্রাক্তন অলরাউন্ডার মনে করছেন, দ্রাবিড়-পূজারার মতোই তিন নম্বরে দৃঢ়তা দেখিয়েছেন সুদর্শন। অশ্বিনের কথায়, সুদর্শন পূর্বসূরিদের মতোই দৃঢ়তা দেখিয়েছে। বল ছেড়েছে, রান করেছে। একটু হতাশ হয়েছি কারণ, আমি সুদর্শনের খুব বড় শুভানুধ্যায়ী। ওর সেঞ্চুরিটা পাওয়া উচিত ছিল। প্রথম টেস্টের পর বাদ পড়ে দ্বিতীয় টেস্টে ফিরেই এমন ইনিংস। এটা বুঝিয়ে দেয় সাই টেকনিক্যালি শক্তিশালী। ওকে প্রথম টেস্টের পর বাদ দেওয়ার প্রয়োজন ছিল না।